


ত্রিপুরার প্রথম দৈনিক

# জাগরণ

THE FIRST DAILY OF TRIPURA

গৌরবের ৬৭ তম বছর

অনলাইন সংস্করণ ঃ www.jagarandaily.com

JAGARAN ■ 18 February, 2021 ■ আগরতলা, ১৮ ফেব্রুয়ারী ২০২১ ইং ■ ৫ ফাল্গুন ১৪২৭ বঙ্গাব্দ, বৃহস্পতিবার ■ RNI Regn. No. RN 731/57 ■ Founder : J.C.Paul ■ মূল্য ৩.৫০ টাকা ■ আট পাতা




কৃষক আন্দোলনের জেরে জোর ধাক্কা খেল বিজেপি

# পাঞ্জাবে বিরাট জয় কংগ্রেসের

**চণ্ডিগড়, ১৭ ফেব্রুয়ারি।।** তিন কৃষি আইনের প্রতিবাদে গত মাসখানেক ধরে চলা কৃষক বিক্ষোভের আঁচ এসে পড়ল এবার ভোটবাক্সে। আর তাতেই ধরাশায়ী হতে হল বিজেপি-কে। পঞ্জাবে সাতটি পুরসভার মধ্যে মধ্যে ছয়টিতেই জয় ছিনিয়ে নিয়েছে কংগ্রেস।

অন্যদিকে, ১০৯টি মিউনিসিপ্যাল কাউন্সিলেও দুরমুশ হয়েছে কেন্দ্রের শাসকদল। অবোহর, ভাতিন্ডা, বাটালা, কাপুরথালা, হোশিয়ারপুর, পাঠানকোট কর্পোরেশন দখল করেছে কংগ্রেস। মোগাতেও জয়ের পথে হাত শিবির। কংগ্রেসের পাশাপাশি নির্বাচনে ভালো ফল করেছেন নির্দল প্রার্থীরা। অন্যদিকে, বিজেপির মতো ধাক্কা খেয়েছে প্রাক্তন জোটসঙ্গী শিরোমণি অকালি দল। কৃষক বিক্ষোভের জেরেই বিজেপি এমন ধাক্কা খেল বলেই মনে করেছেন বিশ্লেষকদের একাংশ।

জানা যাচ্ছে, অবোহরে ৫০টি আসনের মধ্যে ৪৯টিতেই জয়ী হয়েছে কংগ্রেস। ভাতিন্ডায় ৪৩, হোশিয়ারপুরে ৪১, বাটালায় ৩৫, কাপুরথালায় ৪৩টি আসনে জয়ী হয়েছে হাত শিবির। মোগাই একমাত্র পুরসভা যেখানে কংগ্রেস বরাবরই ধাক্কা খেয়েছে। এবার সেখানেও ৫০টি আসনের মধ্যে ২০টিতে জয়ের পথে কংগ্রেস। শিরোমণি অকালি দল (এসএজি) জিতছে ১৫টিতে। নিজেদের শক্ত ঘাঁটি পাঠানকোটেও বড়সড় ধাক্কা খেয়েছে পদ্মশিবির। বড়সড় ব্যবধানে সেখানে জয় পেয়েছে কংগ্রেস। পঞ্জাবের মুখ্যমন্ত্রী ক্যাপ্টেন অমরিন্দর সিং বলেছেন, এই জয়ে কংগ্রেসের নীতিই বৈধতা পেল। কৃষক বিরোধী এসএডি, আপ. বিজেপি-কে মানুষ খারিজ করেছে। তাঁকে জয়ের অভিনন্দন জানিয়েছেন কংগ্রেসের রাজ্যসভার সাংসদ দীপেন্দর হুডা।

উল্লেখ্য, নির্বাচন কমিশনের তরফে জানানো হয়েছে পঞ্জাবে ভোট পড়েছিল ৭১.৩৯ শতাংশ। মোট ২৮৩২ জন নির্দল প্রার্থী, ২০৩৭ জন কংগ্রেস প্রার্থী, ১৫৬৯ জন এসএডি প্রার্থী, ১০০৩ জন বিজেপি প্রার্থী লড়েছিলেন। মোহালি পুরসভার ৩২ ও ৩৩ নম্বর বুথে পুনর্বিবেচনার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

## পৃথক স্থানে যান দূর্ঘটনায় প্রাণ হারালেন এক অল্পেতে রক্ষা পেলেন পথচারী

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা/ চড়িলাম, ১৭ ফেব্রুয়ারি।।** বুধবার সাতসকালে রাজধানী আগরতলা শহর সংলগ্ন বণিক চৌমুহনীতে স্কুটি মারুতি গাড়ির মুখোমুখি সংঘর্ষে এক মর্মান্তিক মৃত্যু হয়েছে অপর চারজন গুরুতরভাবে আহত হয়েছেন আহতদের হাসপাতালে ভর্তি করা হয়েছে। রাজ্যে পথ দুর্ঘটনা বৃদ্ধি পেয়েছে।

বুধবার সাতসকালে বুধজং নগর থানা এলাকার চৌমুহনীতে পথ দুর্ঘটনায় এক যুবকের মৃত্যু।অপর চার জনকে আশঙ্কাজনক অবস্থায় উদ্ধার করে হাসপাতালে ভর্তি করা হয়েছে। ঘটনার বিবরণে জানা যায় বুধবার সকালে একটি মারুতি গাড়ি এবং অপর একটি স্কুটির মধ্যে বণিক চৌমুহনী এলাকায় মুখোমুখি সংঘর্ষ বাধে। সংঘর্ষে ঘটনাস্থলেই এক যুবকের মৃত্যু হয়।মৃত যুবকের নাম আকাশ দাস। দুর্ঘটনার সাথে সাথে স্থানীয় লোকজন ঘটনাস্থলে ছুটে আসে। খবর পাঠানো হয় দমকল বাহিনী এবং পুলিশকে। খবর পেয়ে দমকল বাহিনীর জওয়ানরা ছুটে এসে আহতদের উদ্ধার করে হাসপাতালে নিয়ে যায়। চালকদের অসাবধানতার কারণে এ দুর্ঘটনাটি ঘটেছে বলে প্রাথমিক তদন্তে জানা গেছে। পুলিশ এ ব্যাপারে মামলা গ্রহণ করে ঘটনার তদন্ত অব্যাহত রেখেছে।

ভয়ঙ্কর যান দুর্ঘটনার কবলে পড়েও অল্পের জন্য প্রাণে বেঁচে যান এক পথচারী। ঘটনাটি ঘটে বুধবার সকালে, বিশালগড় থানাধীন রবীন্দ্রনাথ মহাবিদ্যালয় সংলগ্ন ☛ ৬ এর পাতায় দেখুন

## অনেক প্রত্যাশা নিয়ে ভারতের দিকে তাঁকিয়ে রয়েছে বিশ্ব ঃ প্রধানমন্ত্রী

### ক্ষুদ্র ও মাঝারি ব্যবসা ভারতের শক্তি ঃ রাহুল গান্ধী

**নয়াদিল্লি, ১৭ ফেব্রুয়ারি (হি.স.)।।** অনেক আশা ও প্রত্যাশা নিয়ে ভারতের দিকে তাঁকিয়ে রয়েছে গোটা বিশ্ব। যত কঠিনই চ্যালেঞ্জ হোক না কেন, নিজেদেরকে কখনই দুর্বল ভেবে নেওয়া ঠিক নয়। চ্যালেঞ্জের ভয়ে দূরে সরে যাওয়াও উচিত নয়। বুধবার ভিডিও কনফারেন্সিংয়ের মাধ্যমে আয়োজিত ন্যাসকম টেকনোলজি এবং লিডারশিপ ফোরামে এই মন্তব্য করেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।

প্রধানমন্ত্রী এদিন বলেন, 'একটা সময় ছিল যখন অন্য দেশের উপর ভরসা করতে হাত আমাদের, এমনকি গুটি বসন্তের টিকার জন্যও। এখন আমরা ভারতে তৈরি করোনা ভ্যাকসিন অন্যান্য দেশকে প্রদান করছি। করোনা পরিস্থিতিতে ভারত যে সমাধানগুলি দিয়েছিল, তা গোটা বিশ্বের কাছে অনুপ্রেরণা ছিল।'

প্রধানমন্ত্রী আরও বলেন, 'অনেক প্রত্যাশা নিয়ে ভারতের দিকে তাঁকিয়ে রয়েছে গোটা বিশ্ব। যত কঠিনই চ্যালেঞ্জ হোক না কেন, নিজেদেরকে কখনই দুর্বল ভাববেন না, চ্যালেঞ্জের ভয়ে দূরে সরে যাওয়াও উচিত নয়। কোভিডের সময় আমাদের বিজ্ঞানী এবং প্রযুক্তি শুধুমাত্র প্রমাণই করেননি অভিব্যক্তি দিয়েছেন।' মোদী আরও বলেন, 'করোনার জন্য যখন প্রতিটি সেক্টর প্রভাবিত হয়েছিল, আমরা তখন ২ শতাংশ গ্রোথ উপলব্ধি করেছি।'

এদিকে, কংগ্রেস নেতা রাহুল গান্ধীর নিশানায় ফের নরেন্দ্র মোদী সরকার। এবার কেন্দ্রীয় সরকারকে আক্রমণ করে রাহুল বলেছেন, বর্তমান সরকার ক্ষুদ্র ও মাঝারি ব্যবসায়ের উপর আক্রমণ করছে, কারণ এই সরকার চাইছে সমস্ত ব্যবসা বড় কর্পোরেশনের দ্বারা নিয়ন্ত্রিত হোক। একইসঙ্গে রাহুল বলেন, 'আমরা বিশ্বাস করি ক্ষুদ্র ও মাঝারি ব্যবসা এই দেশের শক্তি।' বুধবার পুদুচেরিতে আসেন রাহুল, পুদুচেরির মুথিয়ালপেটে মৎস্যজীবীদের সঙ্গে কথা বলেন তিনি।

রাহুল গান্ধী এদিন বলেন, 'দেশের মেরুদণ্ড, কৃষকদের বিরুদ্ধে তিনটি কৃষি বিল এনেছে সরকার (বর্তমানে আইন)। আপনারা হয়তো ভাবছেন মৎস্যজীবীদের সঙ্গে বৈঠকে কৃষকদের সম্পর্কে আমি কেন কথা বলছি, আমি আপনাদের সমুদ্রের কৃষক মনে করি। যদি জমির কৃষকদের জন্য দিল্লিতে মন্ত্রিত্ব থাকতে পারে, তাহলে সমুদ্রের কৃষকদের জন্য কেন নয়?'

কেন্দ্রীয় সরকারকে আক্রমণ করে রাহুল গান্ধী বলেছেন, 'বর্তমান সরকার ক্ষুদ্র ও মাঝারি ব্যবসায়ের উপর আক্রমণ করছে, কারণ এই সরকার চাইছে সমস্ত ব্যবসা বড় কর্পোরেশনের দ্বারা নিয়ন্ত্রিত হোক। আমাদের দৃষ্টিভঙ্গি ভিন্ন। আমরা ক্ষুদ্র ও মাঝারি ব্যবসাকে মজবুত করতে চাই, কারণ আমরা বিশ্বাস করি ক্ষুদ্র ও মাঝারি ব্যবসা এই দেশের শক্তি।'

## পেট্রোল-ডিজেল আরও দামি হল লাগাতার মূল্যবৃদ্ধি চিন্তা বাড়াচ্ছে

**নয়াদিল্লি, ১৭ ফেব্রুয়ারি (হি.স.)।।** মূল্যবৃদ্ধিতে একের পর এক রেকর্ড গড়েই চলেছে জ্বালানি তেল। এই নিয়ে পরপর ৯ দিন, লাগাতার বেড়েই চলেছে জ্বালানি তেলের মূল্য। কলকাতায় বুধবার ০.২৪ পয়সা বেড়েছে পেট্রোলের দাম এবং ০.২৫ বেড়েছে ডিজেলের দাম। ০.২৪ পয়সা বেড়ে বুধবার কলকাতায় লিটার প্রতি পেট্রোলের দাম ৯০.৭৮ টাকায় পৌঁছেছে এবং ০.২৫ পয়সা বেড়ে ডিজেলের দাম বেড়ে হল ৮৩.৫৪ টাকা।

শুধুমাত্র কলকাতা নয়, একই অবস্থায় দেশের অন্যান্য শহরেও। দিল্লিতে পেট্রোল-ডিজেলের বর্ধিত দাম হল, যথাক্রমে ৮৯.৫৪ টাকা প্রতি লিটার (০.২৫ পয়সা বৃদ্ধি) এবং ৭৯.৯৫ টাকা প্রতি লিটার (০.২৫ পয়সা বৃদ্ধি)।

পাশাপাশি মুম্বইয়ে পেট্রোল-ডিজেলের দাম বেড়ে হল, যথাক্রমে ৯৬.০০ টাকা (০.২৫ পয়সা বৃদ্ধি) প্রতি লিটার এবং ৮৬.৯৮ টাকা (০.২৬ পয়সা বৃদ্ধি) প্রতি লিটার। চেন্নাইয়ে পেট্রোল ও ডিজেলের দাম বেড়ে হয়েছে, যথাক্রমে ৯১.৬৮ টাকা (০.২৩ পয়সা বৃদ্ধি) প্রতি লিটার এবং ৮৫.০১ টাকা (০.২৪ পয়সা বৃদ্ধি) প্রতি লিটার।

## রাজ্যে চাকরিচ্যুত ৭২৪১ জন শূন্যপদে নিয়োগের আবেদন করেছেন ঃ শিক্ষামন্ত্রী

**আগরতলা, ১৭ ফেব্রুয়ারি (হি.স.) ।।** ত্রিপুরায় গ্রুপ-সি এবং গ্রুপ-ডি বিভিন্ন শূন্যপদে নিয়োগের জন্য চাকরিচ্যুত শিক্ষকদের মধ্যে ৭,২৪১ জন এখন পর্যন্ত দরখাস্ত জমা দিয়েছেন। তাঁরা সকলেই চাকরির পরীক্ষায় উত্তীর্ণ হবেন বলে আশা প্রকাশ করেছেন শিক্ষামন্ত্রী রতনলাল নাথ। কারণ, তাঁদের পূর্ব অভিজ্ঞতা রয়েছে। বুধবার সন্ধ্যায় সচিবালয়ে নিজের অফিস কক্ষে সাংবাদিক সম্মেলনে এ-কথা বলেন তিনি। সাথে তিনি যোগ করেন, চাকরিচ্যুত শিক্ষকরা স্বনির্ভর হতে চাইলে দরাজ হস্তে সহায়তা করবে ত্রিপুরা সরকার।



ত্রিপুরায় বামফ্রন্ট সরকারের ভুল নিয়োগ প্রক্রিয়ার জন্য আদালত ১০,৩২৩ জন শিক্ষকের চাকরি বাতিল করেছে। ত্রিপুরা হাইকোর্টের ওই রায় সুপ্রিম কোর্টও বহাল রেখেছে। স্বাভাবিকভাবে গত ৩১ মার্চ ওই সব শিক্ষকের চাকরি বাতিল হয়ে গেছে। চাকরি হারানোর পর একাংশ শিক্ষক আন্দোলনে নেমেছেন। তাঁদের দাবি, ত্রিপুরায় ক্ষমতায় আসার আগে বিজেপি নির্বাচনি প্রতিশ্রুতি দিয়েছিল সংবিধানিক নিয়ম মেনে এবং আইনের মধ্যে থেকে চাকরিচ্যুত শিক্ষকদের রোজগারের ব্যবস্থা করবে। এখন তাঁরা সেই প্রতিশ্রুতির বাস্তবায়ন চাইছেন।

এরই মধ্যে ত্রিপুরা সরকার বিভিন্ন দফতরে গ্রুপ-সি এবং গ্রুপ-ডি শূন্যপদ খুঁজে বের করে নিয়োগের বিজ্ঞপ্তি জারি করেছে। ত্রিপুরায় নতুন নিয়োগ নীতি অনুযায়ী লিখিত এবং মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ হলে তবেই মিলবে সরকারি চাকরি। সে মোতাবেক ওই শূন্যপদগুলিতে নিয়োগ প্রক্রিয়া অবলম্বন করা হবে। তাতেই আপত্তি একাংশ চাকুরিচ্যুত ☛ ৬ এর পাতায় দেখুন

## দেবী সরস্বতীর মূর্তি ভাংচুর সোনামুড়ায় তীব্র উত্তেজনা

**সোনামুড়া, ১৭ ফেব্রুয়ারি (হি.স.)।।** ভোররাতে দেবী সরস্বতীর মূর্তি ভাংচুরের ঘটনায় সিপাহিজলা জেলার সোনামুড়া মহকুমার অন্তর্গত শোভাপুরের ৪ নম্বর ওয়ার্ডে টানটান উত্তেজনা ছড়িয়েছে। স্থানীয় জনগণ ওই ঘটনায় ক্ষোভে ফুঁসছেন। খবর পেয়ে ঘটনাস্থলে পুলিশ ছুটে গিয়ে দোষীদের গ্রেফতারের আশ্বাস দিয়েছে।

জনৈক গ্রামবাসী জানিয়েছেন, প্রতি বছর এই এলাকায় স্থানীয় জনগণ চাঁদা তুলে সরস্বতী পূজার আয়োজন করেন। এ-বছর একইভাবে পূজার আয়োজন করা হয়েছে। গতকাল রাতে সকলে পূজা শেষে আনন্দ-ফুর্তি করে বাড়ি ফিরে যান। সকালে এসে দেখি সরস্বতীর মূর্তি দুষ্কৃতকারীরা ভেঙে ফেলেছে, বলেন তিনি। তিনি জানান, সঙ্গে সঙ্গে বিষয়টি পুলিশের গোচরে নেওয়া হয়েছে। খবর পেয়ে ☛ ৬ এর পাতায় দেখুন

## চন্দ্রপুর আইএসবিটি থেকে গাঁজাসহ এক ব্যক্তি গ্রেপ্তার



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৭ ফেব্রুয়ারি।।** রাজধানী আগরতলা শহরের চন্দ্রপুর আই এস বি টি থেকে গাঁজাসহ ১ ব্যক্তিকে আটক করা হয়েছে। একটি মিনিবাসে করে আগরতলা থেকে কমলপুরের যাওয়ার চেষ্টা করেছিল ওই ব্যক্তি। বুধবার দুপুর নাগাদ চন্দ্রপুর আই এস বি টি থেকে এক ব্যক্তিকে গাঁজাসহ আটক করেছে স্থানীয় জনগণ।

জানা যায় একটি ব্যাগে করে গাজা নিয়ে কমল পুড়ে যাওয়ার চেষ্টা করেছিল ওই ব্যক্তি ।ব্যাক্তি দেখে স্থানীয় লোকজন এবং গাড়ির চালকের সন্দেহ হয়। তখনই তাকে আটক করা হয়। সন্দেহ ভাজন ওই ব্যক্তিকে আটক করে আগরতলা পূর্ব থানার পুলিশকে খবর দেওয়া হয়। খবর পেয়ে পুলিশ আইসিটিতে ছুটে যায় এবং সেখান থেকে একটি ব্যাগ সহ তাকে আটক করতে সক্ষম হয়। ব্যাগে তল্লাশি চালিয়ে অনুমনিক ৫ কেজি গাঁজা উদ্ধার করা হয়। আটক ব্যক্তির নাম গনেশ মারাক। বাড়ি কমলপুরের চুলু বাড়ি এলাকায়। তার বিরুদ্ধে এন ডি পি এস ধারায় মামলা গ্রহণ করেছে পূর্ব থানার পুলিশ। আগরতলা পূর্ব থানায় এনে তাকে জিজ্ঞাসাবাদ শুরু করেছে। পাচারের উদ্দেশ্যে হিসেবে কে করে গাজা নিয়ে যাওয়ার চেষ্টা করছিল ।স্থানীয় জনগণ এবং মোটর শ্রমিক দের তৎপরতায় গাজা পাচারের চেষ্টা ব্যর্থ হয়েছে।

## পৃথক স্থানে দুই স্কুল পড়ুয়াসহ চারজনের মৃতদেহ উদ্ধার

**নিজস্ব প্রতিনিধি, আমবাসা/আগরতলা/চড়িলাম/ তেলিয়ামুড়া, ১৭ ফেব্রুয়ারি।।** দুই স্কুল পড়ুয়া ছাত্রছাত্রীসহ চারজনের মৃতদেহ উদ্ধার করা হয়েছে পৃথক স্থানে। চব্বিশ এই ঘটনাকে কেন্দ্র করে রাজ্যের আইন শৃঙ্খলা পরিস্থিতি নিয়ে বিভিন্ন মহল থেকে গভীর উদ্বেগ প্রকাশ করা হয়েছে।

সংবাদে প্রকাশ, সরস্বতী পুজোর সন্ধ্যায় একা বাড়ি থেকে পুজোতে যেতে না দেয়ায় রাগে-অভিমানে আত্মঘাতী হয়েছে একাদশ শ্রেণির ছত্রী। ছাত্রীটির নাম সুস্মিতা দেব। ঘটনাটি ঘটেছে ধলাই জেলার কুলাইয়ের সুধারাম পাড়ায়। জানা যায় একাদশ শ্রেণির ছাত্রীর বাড়ি কুমার ঘাটে। সে ছোটবেলা থেকেই মামার বাড়িতে থেকে পড়াশোনা করত ।সরস্বতী পূজার দিন সন্ধ্যা সাড়ে সাতটা নাগাদ সে একা স্কুলে সরস্বতী পূজায় যেতে চেয়েছিল। মামা তাতে আপত্তি জানান তাকে রাতে একা স্কুলে যেতে দেওয়া হয়নি ।তাতে ক্ষুব্দ হয়ে রাগে-অভিমানে নিজে ঘড়ি ফাঁসিতে আত্মহত্যা করেছে অভিমানিনী ছাত্রী সুস্মিতা দেব। ঘটনার সংবাদ ছড়িয়ে পড়তেই এলাকায় গভীর শোকের ছায়া নেমে এসেছে ।পুলিশ এ ব্যাপারে একটি মামলা গ্রহণ করে ঘটনার তদন্ত শুরু করেছে।

এদিকে, অভাব-অনটনে আত্মহত্যার পথ বেছে নিল এক রিকশাচালক। ঘটনা রাজধানী আগরতলা শহর সংলগ্ন শ্রীনগর থানা দিন আনন্দ নগরের কালী তলা এলাকায় ।আর্থিক অনটনে দিশেহারা হয়ে আত্মহত্যার পথ বেছে নিয়েছে এক রিকশাচালক। আত্মঘাতী রিক্সা চালকের নাম প্রমোদ নন্দী। বাড়ি শ্রীনগর থানা এলাকার আনন্দ নগরের কালী টিলা এলাকায়। বুধবার সকালে আত্মহত্যার ঘটনা ঘটে ।মৃতের স্ত্রী পার্বতী নন্দী জানান পরিবারে বেশ কিছুদিন ধরেই আর্থিক অনটন চলছিল। স্বামী স্ত্রী ও দুই সন্তানকে নিয়ে সংসার চালানো কষ্টকর হয়ে ওঠে। এর মধ্যেই রিস্কাটি বিকল হয়ে পড়ে। সারাই করার মত টাকা পয়সা ছিল না। তাতে রীতিমতন দিশেহারা হয়ে যায় রিস্কা চালক প্রমোদ নন্দী। অন্যান্য দিনের মতোই বুধবার সকালে ঘুম থেকে উঠে প্রাকৃতিক কার্য্য ঘরে ফিরে প্রমোদ নন্দী। এরই মধ্যে ফাঁসিতে আত্মহত্যার পথ বেছে নেয় ।ঘটনার সংবাদ ছড়িয়ে পড়তেই এলাকার ☛ ৬ এর পাতায় দেখুন

## জ্বালানি তেল ও গ্যাসের মূল্যবৃদ্ধির প্রতিবাদে দড়ি দিয়ে গাড়ি টেনে যুব কংগ্রেসের বিক্ষোভ

**আগরতলা, ১৭ ফেব্রুয়ারি (হি.স.)।।** জ্বালানি তেল এবং রান্নার গ্যাসের মূল্যবৃদ্ধির প্রতিবাদে আজ বুধবার আগরতলা শহরে প্রদেশ যুব কংগ্রেস দড়ি দিয়ে গাড়ি টেনে নিয়ে প্রতিবাদ জানিয়েছে। এই বিক্ষোভ রেলিতে প্রদেশ মহিলা কংগ্রেসের কর্মীরাও ছিলেন।

এ-বিষয়ে ত্রিপুরা প্রদেশ যুব কংগ্রেস সভাপতি পূজন বিশ্বাস বলেন, গত এক মাসে জ্বালানি তেল এবং রান্নার গ্যাসের অস্বাভাবিক মূল্য বৃদ্ধি হয়েছে। তাঁর কথায়, এখন আগরতলায় এক লিটার পেট্রোল ৮৯.৭৪ টাকা, ডিজেল ৮৩.৪৩ টাকা এবং রান্নার গ্যাস সিলিন্ডার প্রতি ৭৫ টাকা বেড়ে হয়েছে ৯৩০ টাকা। তাতে অত্যাবশ্যক সামগ্রীর দামে প্রত্যক্ষ



প্রভাব ফেলেছে।

তিনি ক্ষোভ প্রকাশ করে বলেন, জ্বালানি তেল এবং রান্নার গ্যাসের মূল্য কমানোর জন্য কেন্দ্র এবং রাজ্য সরকারের কোনও পদক্ষেপ লক্ষ্য করা যাচ্ছে না।

অথচ, আন্তর্জাতিক বাজারে অপরিশোধিত তেলের দেশের জ্বালানি তেলের বাজার দর থেকে অনেক ☛ ৬ এর পাতায় দেখুন

## রাজ্যে ব্রু শরনার্থীদের পুর্নবাসন দ্রত কার্যকর করতে দপ্তরকে সচেষ্ট হতে নির্দেশ মুখ্যমন্ত্রীর

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৭ ফেব্রুয়ারি।।** রাজ্যে করোনায় মৃত ব্যক্তির পরিবারকে সরকারী গাইডলাইন মেনে আর্থিক সহায়তার প্রথম কিস্তির টাকা দ্রত প্রদানের জন্য রাজস্ব দপ্তরকে প্রয়োজনীয় উদ্যোগ নিতে নির্দেশ দিয়েছেন মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব। এক্ষেত্রে জেলা শাসকদের যথাযথ ক্ষমতা দেওয়ার বিষয়টির উপর তিনি গুরুত্ব আরোপ করেন। আজ সচিবালয়ের ২নং সভাকক্ষে আয়োজিত রাজস্ব দপ্তরের পর্যালোচনা সভায় মুখ্যমন্ত্রী এ বিষয়ে সরকারের দ'ষ্টিভঙ্গি ব্যক্ত করেন।

মুখ্যমন্ত্রী বলেন, জনগণকে নিশ্চিত পরিষেবা প্রদানের লক্ষ্যে রাজস্ব দপ্তর জনকল্যাণে যেসব পরিকল্পনা গ্রহণ করেছে সেইগুলি মানুষের জীবনজীবিকার সাথে ওতপ্রোতভাবে জড়িত। জনকল্যাণে সেইসব গৃহীত পরিকল্পনাগুলিকে জনসমক্ষে নিয়ে আসতে রাজ্যের ২২২টি তহশীল অফিসগুলির পাশাপাশি মহকুমা



শাসকের অফিস সহ জনবহুল জায়গায় বাংলা ও ককবরক ভাষায় ফ্লেক্স-এর মাধ্যমে প্রচার প্রসারের উদ্যোগ নিতে পরামর্শ দেন মুখ্যমন্ত্রী। এই পরিকল্পনাগুলির সঠিক বাস্তবায়নের ক্ষেত্রে নিয়মিত তদারকি করার জন্যও তিনি দপ্তরের কর্মকর্তাদের দৃষ্টি আকর্ষণ করেন।

মুখ্যমন্ত্রী আরও বলেন, বনাধিকার আইনে জমির পাট্টা প্রাপকদের জমির অফিসিয়াল ডাটা এন্ট্রি রেকর্ড আপডেট সহ জমি চিহ্নিতকরণের কাজ দ্রত সম্পন্ন করতে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে। এ প্রসঙ্গে মুখ্যমন্ত্রী রাজ্যের বিভিন্ন এলাকায় বসবাসকারীরা যাতে সরকারী বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পগুলির ☛ ৬ এর পাতায় দেখুন

## বিএসএফের হয়রানির প্রতিবাদে থানা ঘেরাও

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৭ ফেব্রুয়ারি।।** কমলাসাগর বিধানসভা এলাকার হরিহর দোলা সীমান্ত লাগোয়া গ্রামের মহিলারা বিএসএফের কার্যকলাপের প্রতিবাদ জানিয়ে বুধবার মধুপুর থানায় বিক্ষোভ প্রদর্শন করেছেন। মধুপুর থানা এলাকার কমলাসাগর বিধানসভা এলাকার হরিহর দোলা সীমান্ত লাগোয়া গ্রামের মহিলাদের বিএসএফ জওয়ানরা নানাভাবে উত্ত্যক্ত করছে বলে অভিযোগ উঠেছে। তাতে রীতিমতো অসন্তুষ্ট সীমান্ত গ্রামের বাসিন্দারা। সীমান্ত সুরক্ষার দায়িত্বে থাকা বিএসএফ জওয়ানদের এহেন কার্যকলাপের এলাকার মানুষজন। এলাকার মহিলাদের অভিযোগ তারা প্রাকৃতিক কাজের জন্য ঘর থেকে বেরিয়ে গেলে তাদের পিছু নিচ্ছে একাংশের বিএসএফ জওয়ান। মহিলা ও যুবতীদের তারা নানা কু প্রস্তাব ☛ ৬ এর পাতায় দেখুন

সরস্বতী পূজায় সেলফি তুলতে গিয়ে অঘটন

## অগ্নিদগ্ধ ছাত্রীর খোঁজ নিলেন সাংসদ, শিক্ষামন্ত্রী ও বিধায়ক

**আগরতলা, ১৭ ফেব্রুয়ারি (হি.স.)।।** গতকাল সরস্বতী পূজায় সেলফি তুলতে গিয়ে শাড়িতে আগুন লেগে শরীরের আশি শতাংশের অধিক পুড়ে গেছে এক ছাত্রীর। আগরতলার জিবি হাসপাতালে এখন মৃত্যুর সাথে পাঞ্জা লড়ছে বিলোনিয়া বিদ্যাপীঠ উচ্চ বুনিয়াদী বিদ্যালয়ের একাদশ শ্রেণির ছাত্রী ঝুমা দে। আজ তার শারীরিক অবস্থার খোঁজ নিলেন সাংসদ প্রতিমা ভৌমিক। সাথে চিকিৎসায় সমস্ত রকম সহায়তার আশ্বাস দিয়েছেন তিনি।

মঙ্গলবার সমগ্র ত্রিপুরায় মহা ধুমধামে দেবী সরস্বতীর পূজা অনুষ্ঠিত হয়েছে। বিভিন্ন স্কুলে ছাত্রছাত্রীরা বাগদেবীর পূজাকে ঘিরে উৎসবের আনন্দে মেতে উঠেছিলেন। কিন্তু দক্ষিণ ত্রিপুরা জেলার বিলোনিয়া মহকুমায় ওই আনন্দ বিপদ ডেকে এনেছে। বনকর এলাকার বাসিন্দা ঝুমা দে তার বান্ধবীদের সাথে মিলে সেলফি তুলতে গিয়ে ভয়াবহ দুর্ঘটনার শিকার হয়েছে। সেলফি তোলার সময় তার শাড়িতে আগুন লেগে গেলে সহপাঠীরা অনেক চেষ্টা করেও সেই আগুন নেভাতে পারেনি। মুহূর্তের মধ্যে বিদ্যাপীঠ উচ্চ বুনিয়াদী বিদ্যালয়ে আতঙ্ক ছড়িয়ে পড়ে এবং অন্য ছাত্রছাত্রীরা ভয়ে ছুটাছুটি শুরু করে।

গুরুতর আহত অবস্থায় তাকে প্রথমে বিলোনিয়া মহকুমা হাসপাতালে নেওয়া হয়েছিল। কিন্তু তার অবস্থা আশঙ্কাজনক দেখে ☛ ৬ এর পাতায় দেখুন

জাগরণ আগরতলা ◻ বর্ষ-৬৭ ◻ সংখ্যা ১২৯ ◻ ১৮ ফেব্রুয়ারি ২০২১ ইং ◻ ৫ ফাল্গুন ◻ বৃহস্পিতবার ◻১৪২৭ বঙ্গাব্দ

## আত্মকেন্দ্রীকতারঝুঁক বাড়িতেছে

যোগের পরিবর্তনের সাথে সাথে সব কিছু যেন পরিবর্তন হইয়া যাইতেছে। মানুষ মেলামেশা অনেকটাই বন্ধ করিয়া ঘরের ভিতরে আবদ্ধ হইয়া থাকিবার অভ্যাস গঠন করিতেছে। এক্ষেত্রে মোবাইল ফোন ও টিভি নিত্য সঙ্গী হইয়া উঠিতেছে। শ্রীরামকৃষ্ণ বলিয়াছিলেন, যাত্রা, থিয়েটার ফেলনা জিনিস নয়। এতে লোকশিক্ষে হয়। দর্শকদের চাহিদার অভাবে 'লোকশিক্ষে'র এই দু'টি শিল্পের বাতি টিমটিম করিয়া জ্বলিতেছে। এ জন্য পরোক্ষ ভাবে সিরিয়াল দায়ী। সন্ধ্যা দিনের একটি গুরুত্বপূর্ণ সময়। ছোটবেলায় মা, কাকিমাদের এ সময়ে তুলসীতলায়, ঠাকুরঘরে প্রদীপ, ধূপ জ্বালাইয়া, শাঁখ বাজাইয়া আরতি করিতে দেখিয়াছি। এ সময়ে ছেলেমেয়েরা খেলার মাঠ থেকে ফিরে। পুরুষদের সান্ধ্য আড্ডা জমিয়া উঠিত গাঁয়ের চণ্ডীমণ্ডপে, চায়ের দোকানে, বাড়ির উঠোনে। আলোচ্যসূচিবিহীন আলোচনায় উঠিয়া আসিত নানা প্রসঙ্গ। আড্ডা থেকে সবাই নানা বিষয়ে ঋদ্ধ হইতেন। সিরিয়াল এসে মহিলা-পুরুষ নির্বিশেষে শুধু সন্ধ্যা নয়, গভীর রাত পর্যন্ত সময়টাকে একাই দখল করিয়া নিয়াছে। এর জন্য সন্ধ্যার কাজকর্ম হইতেছে তাড়াহুড়ো করে। তাহাতে না থাকিতেছে নিয়মনিষ্ঠা, না থাকিতেছে ভালবাসা। এক ঘরে ছেলেমেয়েকে পড়িতে বসাইয়া দিয়া অন্য ঘরে সিরিয়ালে মগ্ন বাবা, মা। ওরা কী পড়িতেছে, না পড়িতেছে, সে দিকে খেয়াল নেই। সিরিয়ালের দৌরাত্ম্যে আড্ডা বন্ধ হইয়া গিয়াছে, যাহা মানুষকে নতুন বিষয়ে জ্ঞান, চিন্তা-ভাবনা, সৃজনশীলতা, বিনোদন ইত্যাদি মনের খোরাক জোগাইত। সন্ধ্যায় কেউ কাহারোও বাড়িতে আসুক, এটা অনেকেই পছন্দ করেন না। খুব দরকারে কেউ এসিলেও বাড়ির লোক ভাবেন, কখন এ আপদ বিদায় হইবে। এ কথা অনস্বীকার্য, এই পেশার সঙ্গে বহু মানুষের রুজি-রোজগার জড়য়াই আছে। তাই নিয়ন্ত্রিত ভাবে সিরিয়াল থাকুক। লোকশিক্ষার মাধ্যম হিসেবে নিজেকে প্রতিষ্ঠিত করুক। বিজ্ঞানের যতই অগ্রগতি হোক না কেন মানুষ যাহাতে সামাজিকতা, আত্মীয়তা ভুলিয়া না যায় তাহা নিজেদেরকে মনে রাখিতে হইবে। অন্যথায় সমাজ ব্যবস্থা আরও আত্মকেন্দ্রীয় হইয়া উঠিবে।

## বিজেপি পঞ্চায়েত সদস্যের ঝুলন্ত দেহ উদ্ধারের ঘটনায় চাঞ্চল্য ধূপগুড়িতে

ধূপগুড়ি, ১৭ ফেব্রুয়ারি (হি. স.) : বিজেপি পঞ্চায়েত সদস্যের ঝুলন্ত দেহ উদ্ধারের ঘটনায় চাঞ্চল্য জলপাইগুড়ির ধূপগুড়ির নিরঞ্জন পাঠ এলাকায়।মৃতের নাম সঞ্জয় রায়।তিনি ধূপগুড়ি ব্লকের মাগুরমারি ১ গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত নিরঞ্জনপাট এলাকার ১৫/১১৫ নং বুথের পঞ্চায়েত সদস্য ছিলেন বলে জানা গিয়েছে।

স্থানীয় সূত্রে খবর, বুধবার সকালে তার বাড়িতে ঘরের ভেতর থেকে তার ঝুলন্ত দেহ উদ্ধার করে ধূপগুড়ি থানার পুলিশ।বিজেপির ধূপগুড়ি বিধানসভা কমিটির আহ্বায়ক কমলেশ রায় জানান, 'সাতসকালেই মৃত্যুর খবর পেলাম।এলাকার পঞ্চায়েত সদস্য হিসেবে উনি খুব ভালো লোক ছিলেন। প্রত্যেকের সঙ্গে তার ভালো যোগাযোগ ছিল। তার হঠাৎ করে এভাবে মৃত্যু মেনে নিতে পারছি না।ময়নাতদন্তের রিপোর্ট আসলে বোঝা যাবে ঠিক কি কারণে তার মৃত্যু হয়েছে। মৃতের কাছ থেকে কোনো সুইসাইড নোট পাওয়া যায়নি।আমরা পরিবারটির পাশে আছি'। মৃতদেহটিকে ময়নাতদন্তের জন্য পাঠিয়ে ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ। হিন্দুস্থান সমাচার / সোনালি

## মইনুল 'হত্যার' প্রতিবাদে কলেজ স্ট্রিটের মোড়ে অবরোধ

কলকাতা, ১৭ ফেব্রুয়ারি (হি. স.) : মইনুল 'হত্যার' প্রতিবাদে বুধবার বাম পড়ুয়ারা কলেজ স্ট্রিটের মোড়ে অবরোধ করেন। ফলে, ওই অঞ্চলের যান চলাচল ব্যাহত হয়।

অবরোধকারীদের হাতে ছিল সিপিএম-এর দুই ছাত্র-যুব সংগঠন এসএফআই এবং ডিএফআইয়ের পতাকা। তাঁরা মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের কুশপুতুল পোড়ান। 'ইনক্লাব জিন্দাবাদ, তৃণমূলের কালো হাত ভেঙে দাও, গুঁড়িয়ে দাও', 'খুনী মমতা দূর হটো', 'ছাত্র-যুবর আন্দোলনে খুনী মমতা দাউ দাউ জ্বলছে' প্রভৃতি শ্লোগান দেন।

গত বৃহস্পতিবার নবান্ন অভিযানে গিয়ে পুলিশের লাঠির ঘায়ে গুরুতর আহত হন মইদুল ইসলাম মিদ্দা। সোমবার ভোরে তিনি মারা যান। এই মৃত্যু ঘিরে দানা বাঁধে বিতর্ক। বামেদের দাবি, পুলিশের লাঠির আঘাতেই মৃত্যু হয়েছে তাঁর। যদিও পুলিশের পালটা দাবি, পা ছাড়া শরীরে আরও কোথাও আঘাতের চিহ্ন পাওয়া যায়নি। ফলে, মৃত্যু ঘিরে দানা বাঁধছে নানা প্রশ্ন। আর বিতর্কের মধ্যে সংখ্যালঘু তাস খেলে বিজেপি। একই সঙ্গে বাম আন্দোলনের পাশে থাকার বার্তা দিয়েছে বিজেপি।

## আসানসোলের হোটেল থেকে অজ্ঞাত পরিচয় ব্যক্তির ঝুলন্ত দেহ উদ্ধার ঘিরে চাঞ্চল্য

আসানসোল, ১৭ ফেব্রুয়ারি (হি. স.) : পশ্চিম বর্ধমানের আসানসোলের একটি হোটেল থেকে মিলল অজ্ঞাত পরিচয় এক ব্যক্তির ঝুলন্ত দেহ। মঙ্গলবার রাতে হোটেলের ঘর থেকে উদ্ধার হয় মৃতদেহটি। মৃত্যুর কারণ নিয়ে ধন্দে পুলিশ। বুধবার পুলিশ সূত্রে জানা গেছে, গত ২ ফেব্রুয়ারি আসানসোল বাজারের মৌসুমী হোটেলে ওঠেন ওই ব্যক্তি। তখন থেকে সেখানেই ছিলেন। মঙ্গলবার রাতে, তাঁর ঝুলন্ত দেহ আবিষ্কার করেন হোটেল কর্মী। হোটেলের মালিক জানিয়েছেন, ওই ব্যক্তি সন্তোষ কুমার নাম নিয়ে হোটেলে উঠেছিলেন। পেশায় তিনি ব্যবসায়ী। হোটেলে থাকাকালীন কোনও সন্দেহজনক কিছু দেখেননি কেউই। রোজই নির্দিষ্ট সময় হোটেল থেকে বেরিয়ে যেতেন ওই ব্যক্তি, আবার ফিরেও আসতেন। মঙ্গলবার রাতে, খাবার দিতে গিয়েছিলেন এক হোটেল কর্মী। অনেকক্ষণ দরজা না খোলায় মালিককে জানান ওই কর্মী। দরজা ভাঙতেই দেখা যায় গলায় ফাঁস লাগিয়ে ঝুলছেন ওই ব্যক্তি। আসানসোল জেলা হাসপাতালে তাঁকে নিয়ে যাওয়া হলে মৃত বলে ঘোষণা করা হয়। এদিন পুলিশের তরফে জানানো হয়েছে, মৃত ব্যক্তি নিজের পরিচয় দিতে যে আধার কার্ডটি ব্যবহার করেছিলেন তাও আসলে নকল। মৃতদেহ ময়নাতদন্তের জন্য পাঠানো হয়েছে। গোটা ঘটনার তদন্তে নেমেছে আসানসোল থানার পুলিশ। হিন্দুস্থান সমাচার / সোনালি

## শীতের আমেজ উধাও, বুধ ও বৃহস্পতিবার বৃষ্টির সম্ভাবনা

কলকাতা, ১৭ ফেব্রুয়ারি (হি.স.): বুধ ও বৃহস্পতিবার দক্ষিণবঙ্গের একাধিক জেলায় বিক্ষিপ্তভাবে বজ্রবিদ্যুৎ-সহ বৃষ্টির সম্ভাবনার পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দফতর। পাশাপাশি কলকাতা-সহ দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলা থেকে শীতের আমেজ প্রায় উধাও হয়ে গিয়েছে। রাত ও ভোরের দিকে হালকা শীতের আমেজ থাকলেও, বেলা বাড়তেই শীত উধাও হয়ে যাচ্ছে। এই পরিস্থিতিতে আগামী কয়েকদিন পশ্চিমবঙ্গের তাপমাত্রায় তেমন হেরফের হবে না বলেই জানিয়েছে আলিপুর আবহাওয়া দফতর।

বুধবার সকাল থেকেই কলকাতা ও পাশ্ববর্তী জেলাগুলিতে আকাশ ছিল মেঘাচ্ছন্ন। বৃষ্টির পূর্বাভাস রয়েছে দক্ষিণবঙ্গের পাশাপাশি উত্তরবঙ্গের কয়েকটি জেলাতেও। এদিন কলকাতার সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৯.৫ ডিগ্রি সেলসিয়াস। যা স্বাভাবিকের থেকে এক ডিগ্রি বেশি। তবে সর্বোচ্চ তাপমাত্রা ৩১ ডিগ্রির আশপাশে থাকবে বলে জানিয়েছে আবহাওয়া দফতর।

# পৃথিবী ততটাও ছোট হয়ে যায়নি

**নবকুমার বসু**


পৃথিবীটা আগের থেকে অনেক ছোট হয়ে গেছে—ইদানীং এটা বেশ প্রচলিত কথা। আসলে যোগাযোগের বিভিন্ন মাধ্যম সহজে এবং সুলভে হাতের মুঠোয় চলে আসার জন্যই এমন অনুভূতিঞ্জাত তুষ্টির কথা বলে মানুষ। মোবাইল, টেলিফোনের দৌলতে প্রায় আক্ষরিক অর্থেই তো পৃথিবা এখন হাতের মুঠোয়। এ প্রান্ত থেকে ও প্রান্তে যোগাযোগ, কথা বলা, এমনকী, চাক্ষুষ দেখাদেখিরও কোনও বাধা নেই। ব্যাপারটা শারীরিক হতে গেলে নেহাত উড়ানের উপর নির্ভর করতে হয় বলেই সময়কে একটু গুরুত্ব দিতে হয়। আর কী ভাগ্যিস, সেই ব্যবধানটুকু একনও অস্তিত্বহীন হয়ে যায়নি। তা নয়তো মোবাইল ফোনের অনুষঙ্গে যে 'ভাইরাস'-এর নাম শোনা যায়, করোনার জাতগেত্রও যদি তেমন হত? ফোনাফুনির মাধ্যমেই যদি ছড়িয়ে যেত ধরণীর পূর্ব-পশ্চিম-উত্তর-দক্ষিণে? তাহলে আর কিছু না, ভ্যাকসিন আবিষ্কারের আগেই বোধহয় উজাড় হয়ে যেত মানব সম্প্রদায়ের অনেক খানি। ঠাকুর বাঁচিয়েছেন। করোনা ভাইরাস ছড়ানোর জন্য পৃথিবাকে অন্তত ততটা ছোচ করে দেননি এখনও। আমাদের চেনা হোক, কিংবা অ-চিন, ইউহান হোক বা হনলুলু, বন্য বাদুড় তথা পশুপাখির মাংসের বাজার কিংবা গোপন গবেষণাগার , যেখান থেকেই উদ্ভুত হোক, করোনাকে উড়ান ধরতে হয়েছে। অর্থাৎ মানুষের মধ্যে ঢুকে (কিংবা চতুর পবিকল্পনামাফিক 'বায়োলজিক্যাল ওয়েপন' হিসাবে ঢুকিয়ে দিয়ে। তাকে পারাপার করতে হয়েছে, ছড়াতে হয়েছে এ মহাদেশ থেকে ও মহাদেশে। ধরাশায়ী হওয়ার আগে আমরা কিছুটা সময় পেয়েছিলাম বইকি। মনে আছে এক বছর আগে যখন 'করোনা' নামটা জনপরিসরে সদ্য পরিচিতি হওয়ার জন্য নানা মাধ্যমে ঘুরে বেড়াচ্ছে (এবং আসল অদৃশ্য ভাইরাস অবশ্যই দেশ থেকে দেশান্তরে), আমরা তখন ঠাট্টা করেছি এই বলে যে, করোনা নিয়ে আমাদের কোনও চাপ নেই, কারণ আমরা ছোট থেকেই 'এটা করো-না, ওটা করোনা শুনিতে শুনতে অভ্যস্ত অথবা ইমিউনড হয়ে গিয়েছি। হায় রে কপাল, তখন যদি এই করোনা (ভাইরাস) আর তার ইমিউনিটি নিয়ে খানিকটা ধারণা থাকত, তাহলে পৃথিবীব্যাপী এই ২২ থেকে ২৩ লাখ (পরিসংখ্যানের সত্যতা যাচাইযোগ্য বলে লেখকের মত) মানুষের মৃতুরে অনেকটা ঠেকানো সম্ভব হত।

কিন্তু দোষ দেব কাকে? আমরা অনেক দিন থেকেই গাইছি; 'অচেনাকে ভয় কী আমার ওরে.....'।

পরের লাইনে যদিও রবীন্দ্রনাথ লিখেছেন 'অচেনাকেই চিনে চিনে উঠবে জীবন ভরে...' এই বাণীতে নিশ্চয়ই সাবধান করার ইহিগত ছিল না! তবে অনেচাকে চিনে নিতে গিয়ে আমাদের যে বারবার চিনে ছুটতে হয়েছে, তাতে কোনও সন্দেহ নেই। তার মধ্যেই জীবন ভরে ওঠার বদলে কিছুটা খালি হয়ে গেল, সেটাও সত্যি। এখনও হচ্ছে। তাহলেও অচেনা-ভাইবাসকে বছরখানেকের মধ্যে আমরা অনেকটা চিনতে পেরেছি। ইতিমধ্যে করোনা নিয়ে কথার কচকচি কখনও ক্লান্তিকর হয়ে উঠলেওষ কিছু তথ্য নিজেদের স্বার্তেই আমাদের জানা দরকার। ভাইরাস কী? সুক্ষ্মতম নিষ্ক্রিয় এমন বস্তু, যা পছন্দমতো সজীব কোষের সংস্পর্শে এলে সক্রিয় হয়ে ওঠে এবং ধারাবাহিকভাবে সংক্রমণ এবং ধ্বংস করে যেতে থাকে। করোনা ভাইরাস তথা 'কোভিড ১৯' -এর কাছাকাছি চরিত্রের ভাইরাস ইতিপূর্বে আমাদের চেনা থাকলেও , এই বিশেষ আক্রমণাত্মক-আচরণের জীবাণু আমাদের পরিচিতি ছিল না। ভাইরাস বিশেষজ্ঞরা যখন তাকে চিহ্নিত করলেন, ততদিনে উড়ানে উড়ানে ছোট হয়ে যাওয়া পৃথিবীর প্রায় সব দেশের বাতাসেই করোনা ছড়িয়ে পড়েছে। চিন ছাড়া ইউরোপ আর আমেরিকা —দু'টি মহাদেশেই প্রবলভাবে মানুষ আক্রান্ত হতে শুরু করল। চিনের পরিসংখ্যান ধোঁয়াশায় আমেরিকা (যুক্তরাষ্ট্র),ভারত, ব্রাজিল, রাশিয়া, ব্রিটেন, মেক্সিকো, ইতালি ইত্যাদি।

বর্তমান লেখখ ব্রিটেনপ্রবাসী। বিশেষ করে খেয়াল করলাম, 'কোভিড ১৯' -এ মৃত্যুসংখ্যা এদেশেই সব থেকে বেশি। দেশ হিসাবে মৃত্যুতালিকার পঞ্চমে নাম থাকলেও, রানির দেশের সাকুল্যে সাড়ে ছ'কোটি জনসংখ্যার অনুসারে ১ লক্ষ হাজার মানুষের মৃত্যু (৭ ফেব্রুয়ারি মাফিক), করোনায় মৃত্যু সর্বোচ্চ রেকর্ড। অন্য কয়েকটি দেশে মৃত্যুসংখ্যা আরও বেশি হলেও সেখানে জনসংখ্যাও অনেক বেশি। আমাদের দেশে (ভারতে) ১ লক্ষ ৫৫ হাজার মৃত্যু হলেও (সরকারি হিসাব যদিও) জনসংখ্যা ১৩০ কোটিরও বেশি, সুতরাং....। আমরা এখনও জানি না, আবহাওয়া কিংবা তাপমাত্রা, না কি মানুষের অভ্যন্তরীণ প্রতিরোধ ক্ষমতা বা ইমিউনিটি, না কি গাত্রবর্ণ কিংবা দেশের দূষণ অথবা দূষণহীনতা, কোনটি করোনা প্রাদুর্ভাবের উপযুক্ত পরিবেশ রচনা করে। কিন্তু দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর অন্তত বিলেতের মতো ছোট অথচ আন্তর্জাতিক ক্ষেত্রে গুরুত্বপূর্ণ দেশে স্বাস্থ্য এবং আর্থ সামাজিক ক্ষেত্রে এত বড় ধাক্কা আগে আর আসেনি। বস্তুত, করোনাক্রান্ত মানুষের মৃত্যুসংখ্যাকে অনেকটাই অতিক্রম করে গিয়েছে। অথচ পৃথিবীর মধ্যে এমনও ব্রিটেন দেশটির স্বাস্থ্য দফতর এবং চিকিৎসা ব্যবস্থা যে অন্যতম, তাতে সন্দেহ নেই সএদেশের জাতীয় স্বাস্থ্য পরিষেবা বা 'ন্যাশনাল হেলথ সার্ভিস' সংক্ষেপে 'এনএইচএস' ডনসংখ্যার শতকরা ৯৫ শতাংশকেই যাবতীয়(শারীরিক-মানসিক-সামাজিক) চিকিৎসা দিয়ে থাকে। অসুখের চিকিৎসা-সংক্রান্তচ ব্যাপারে রোগী চিকিৎসকও হাসপাতালের মধ্যে কোনও টাকা পয়সা দেওয়া নেওয়ার নিয়ম নেই। দেশের সব মানুষের চিকিৎসার মান এক। রানির দেশকে এখনও মরা হাতি লাখ টাকা বলা যায় এই সুবিন্যস্ত, সুপরিকল্পিত এবং আধুনিক চিকিৎসা ব্যবস্থা আয়োজনের নিরিখে। তা সত্ত্বেও ওই বিপুল সংখ্যক মৃত্যু এবং তার থেকে বহুগুণ বেশি আক্রান্ত মানুষকে প্রাতিষ্ঠানিক চিকিৎসা দিতে গিয়ে ব্রিটেনের এনএইচএস বিপর্যস্ত হয়ে পড়েছে। যাবতীয় রুটিনমাফিক চিকিৎসা, অপারেশন, সব বন্ধ। বেড ভর্তি হয়ে আছে করোনা রোগীতে। অসুস্থ হয়ে পড়েছেন অনেক ডাক্তার, নার্স, স্বাস্থ্যকর্মী, অ্যাম্বুল্যান্স চালত। দেশজুড়ে চলছে কঠোর লকডাউন। তার মধ্যেই অবশ্য আশার সঞ্চার হয়েছে টিকা তথা ভ্যাকসিনের ব্যবহারে ছাড়পত্র পাওয়ায়। ব্রিটেনের মতো ছোট দেশটিকে কৃতিত্ব দিতে হবে সেক্ষেত্রেও। আমেরিকা থেকে ফাইজার কোম্পানি প্রথমেই 'কোভিড ১৯' ভ্যাকসিন ব্যবহার শুরু করলেও, তার দাম (২৬ পাউন্ড, তথা ২৫০০ টাকা) এবং সংরক্ষণের জন্য যে-তাপমাত্রা প্রয়োজন (৭০- ডিগ্রি সেন্টিগ্রেড), তার জন্য হিমশিম খেতে হচ্ছিল। ব্রিটেনের অক্সফোর্ড বিশ্ববিদ্যালয় প্রায় একই সময়ে যে টিকা অ্যাসট্রাজেনেকা কোম্পানির মাধ্যমে নিয়ে এল, তার দাম ফাইজারের ১০ শতাংশ; সংরক্ষণের জন্য সাধারণ ফ্রিজের তাপমাত্রাই যথেষ্ট এবং সর্বোপরি কর্মক্ষমতায় প্রায় কোনেও তফাত নেই ফাইজারের সঙ্গে। পৃথিবীজুড়েই এই মুহূর্তে অক্সফোর্ড ভ্যাকসিন সর্বাপেক্ষা জনপ্রিয় (এমনকী, ভারতে যে ভ্যাকসিন ব্যবহৃত হচ্ছে, তা ও এই ফরমুলা অনুযায়ী) তৈরি হচ্ছে বিপুল পরিমাণে এবং উপকারিতাও প্রমাণিত হয়ে চলেছে। তবু অশান্তির মেঘ যেন কাটতে চাইছে না, ভাইরাসের নতুন স্ট্রেন বা চারিত্রিক গঠনের আচরণের জন্য। ভ্যাকসিন বিশেষজ্ঞরাও বসে নেই এবং প্রশাসনও। এই যৌথ উদ্যোগের ফলাফল জানাবে সময়।

(সৌজন্যে-সংবাদ প্রতিদিন)



# স্কুল উন্মুক্ত, বাড়ির বাইরে বেরোলো ক্ষুদেরা

আর কে সিনহা

সকালে কাঁধে ব্যাগ নিয়ে পড়ুয়াদের স্কুলে যাওয়া দেখতে পাওয়া সত্যি স্বস্তিদায়ক। করোনা-সংক্রমণ রুখতে, ২০২০ সালের মার্চ মাসে লকডাউনের পর সমগ্র দেশে স্কুল বন্ধ করে দেওয়া হয়েছিল। ভারতে করোনাভাইরাসের প্রকোপ কমেছে, ইতিমধ্যেই এসে গিয়েছে কোভিড-১৯ ভ্যাকসিন, এরপর সরকার ধীরে ধীরে স্কুল খোলার অনুমতি দিয়েছে। বিহার, দিল্লি, উত্তরাখণ্ড, রাজস্থান, ওড়িশা প্রভৃতি রাজ্যে আপাতত নবম থেকে দ্বাদশ শ্রেণীর পঠনপাঠন চলছে। অন্যান্য ক্লাসের পড়ুয়াদের খুব বেশি দিন আর স্কুলের থেকে দূরে থাকতে হবে না। করোনাভাইরাস ছোট ছোট শিশুদের জীবন বেহাল করে তুলেছিল। প্রায় ১০ মাস নিজেদের বন্ধুবান্ধব, খেলার মাঠ থেকে দূরে ছিল শিশুরা। বাচ্চাদের আনন্দ কেড়ে নিয়েছিল করোনা। বাড়িতে থেকেই অনলাইনে পড়াশোনা করছিল তাঁরা। অনলাইন ক্লাস কখনওই ক্লাসরুমের সমতুল্য হতে পারে না। ক্লাসরুমে শিক্ষকদের সরাসরি প্রশ্ন করতে পারেন পড়ুয়ারা। শিক্ষক-শিক্ষিকারাও পড়ুয়াদের পড়ানোর মাঝে প্রশ্ন করতে পারেন। এবার স্কুল খুলতে শুরু করেছে, অভিভাবক এবং শিক্ষকদের মধ্যে পুনরায় বৈঠক শুরু হবে। কিছু শিক্ষক আমাকে জানিয়েছেন, স্কুল খোলার পর পড়ুয়াদের মধ্যে কিছু পরিবর্তন লক্ষ্য করেছেন তাঁরা। পড়ুয়ারা স্কুল আসার জন্য উৎসাহিত তো বটে, কিন্তু আগের তুলনায় তাঁরা এখন অনেকটাই বেশি গম্ভীর। গল্প করে সময় নষ্ট করতে চাইছে না তাঁরা। আসলে স্কুল মানে শুধুমাত্র বিল্ডিং, ক্লাস রুম এবং ব্ল্যাক বোর্ড নয়, স্কুলে আসার ফলে পড়ুয়াদের চতুর্মুখী বিকাশ হয়। শিক্ষকদের কাছ থেকে তাঁরা অনেক কিছু শেখেন, লাইব্রেরিতে গিয়ে পড়াশোনা করেন। সমস্ত বড় লেখক, চিত্রশিল্পী, বিজ্ঞানী, প্রশাসক নিজেদের প্রথম পা তো স্কুলেই রাখেন। স্কুল তাই ভীষণ গুরুত্বপূর্ণ। নিজেদের ক্লাসে যাওয়ার জন্য ছাত্র-ছাত্রীরা প্রতিদিনই উৎসুখ হয়ে থাকে। সবাই যাতে করোনা-বিধি মেনে চলে তা নিশ্চিত করতে হবে স্কুল কর্তৃপক্ষকে।

করোনা-বিধির জন্য সকলকে মাস্ক পরতেই হবে। স্কুলকে পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে। এ বিষয়ে কোনও খামখেয়ালিপনা কাম্য নয়। কারণ করোনার প্রকোপ এখনও পুরোপুরি চলে যায়নি। এই মুহূর্তে স্কুল কর্তৃপক্ষের উপর ভরসা করেই সন্তানদের স্কুলে পাঠাচ্ছেন বাবা-মা। সেই বিশ্বাস রাখা উচিত স্কুল কর্তৃপক্ষের। পড়াশোনার পাশাপাশি স্কুলে খেলাধুলো, সঙ্গীত, নাটক প্রভৃতির ক্লাস হয়। অনেক পড়ুয়ারা এই গতিবিধিতে অংশ নেয়। এই ছাত্র-ছাত্ররাই ভবিষ্যতে শচিন তেন্ডুলকার, বিরাট কোহলি, সোনু নিগম এবং ইরফান খান হয়। একটু ভাবুন আপনাদের সময়ও যদি করোনা আসত, তাহলে মাসের পর মাস বন্ধুদের সঙ্গে দেখা করতে পারতেন না। দীর্ঘদিন বাড়িতেই থাকতে হত। সত্যি করোনার জন্য বাচ্চাদের অনেক কষ্ট সহ্য করতে হয়েছে। এরইমধ্যে জম্মুর পর কাশ্মীরেও ১ মার্চ থেকে সমস্ত সরকারি ও বেসরকারি স্কুল খুলে যাবে। স্কুল খুলবে এই খবর পাওয়ার পর অভিভাবক এবং ছাত্র-ছাত্রীরা ভীষণ খুশি। পাঁচদিন আগে স্কুল সাফাই করা হবে। মাস্ক ছাড়া কোনও পড়ুয়ারাকে স্কুলে প্রবেশের অনুমতি দেওয়া হবে না। গেটেই থার্মাল স্ক্রিনিং করা হবে। সামাজিক দূরত্ববিধি মেনে চলতে হবে। সেখানেও আগে অনলাইনে ক্লাস চলছিল। জম্মু-কাশ্মীরের পড়ুয়ারা সন্ত্রাসী হামলার জন্য এমনিতেই অনেক কষ্ট সহ্য করেছে। এবার তাঁরা স্বস্তি পাবে। জম্মু-কাশ্মীরে পন্ডিতদের পলায়নের ফলে সামাজিক প্রভাব পড়েছিল। সেখানকার হিন্দু পরিবারের বাচ্চারা নিজেদের পরিবারের সঙ্গে অন্যত্র চলে গিয়েছিল। এই কারণে অনেক সন্তানই নিজেদের বন্ধুকে হারিয়েছে। আগে জম্মু-কাশ্মীরে শিক্ষক-শিক্ষিকারা অধিকাংশ হিন্দু ছিল। সন্ত্রাসের জন্য তাঁরাও অন্যত্র চলে গিয়েছেন। যাইহোক অবশেষে স্কুল তো খুলছে, আবার আগের মতো স্বাভাবিক ছন্দ ফিরে আসবে। উত্তর প্রদেশ, বিহার, হরিয়ানার মতো রাজ্যে থাকা মানুষজন জানেন সকাল হলেই ছাত্র-ছাত্রীরা সাইকেল চালিয়ে স্কুলের উদ্দেশে রওনা হয়। স্কুলে গিয়ে কিছু শিখবেন এই বিশ্বাস থাকে তাঁদের চোখে মুখে। সেই ছবি ফের দেখা যাবে। ছাত্র-ছাত্রীদের স্কুলে যেতে দেখে আনন্দে মন ভরে উঠবে ভারতের। এই বাচ্চারা ভারতের প্রাণ ও আত্মা। তাঁদের দিকে বিশেষ ধ্যান দিতে হবে দেশকে। (লেখক রাজ্যসভার প্রাক্তন সাংসদ)



সম্পাদকীয় পাতায় প্রকাশিত নিবন্ধ গুলির বক্তব্য সম্পূর্ণ লেখকদের ব্যক্তিগত অভিমত। সম্পাদক এরজন্য দায়ী নন।




মঙ্গলবার গোটা রাজ্যেই উৎসাহের সাথে সরস্বতী পুজায় মেতে উঠেন ছাত্র ছাত্রী থেকে শুরু করে বিভিন্ন অংশের মানুষ। ছবি- নিজস্ব।

# এবার মমতা অভিষেককে কালো পতাকা দেখানোর নিদান সৌমিত্র খাঁ-র

রায়না, ১৭ ফেব্রুয়ারি (হি. স.) : অভিষেক বন্দ্যোপাধ্যায় যখন রাস্তা দিয়ে যাবে তখন কালো পতাকা দেখানোর নিদান দিলেন বিষ্ণুপুরের সাংসদ তথা বিজেপি-র যুব মোর্চার রাজ্য সভাপতি সৌমিত্র খাঁ। পূর্ব বর্ধমানের রায়নায় পরিবর্তন যাত্রার জনসভা থেকে কর্মীদের প্রকাশ্যে এই নির্দেশ দিলেন বিজেপি তিনি।

বুধবার পরিবর্তন যাত্রার রথ বের হয় মেমারি থেকে জামালপুর হয় রথ পৌঁছায় রায়নার শাকটিয়ায়। সেখানে বিজেপির পরিবর্তন যত্রার সভা হয় এরপর রায়নার বিভিন্ন এলাকা ঘুরে রথ পৌঁছায় খণ্ডঘোষে। এর আগে পরিবর্তন যাত্রা রথ কাটোয়া কেতুগ্রাম মঙ্গলকোট পূর্বস্থলী উত্তর দক্ষিণ কালনা মন্তেশ্বর বিধানসভা এলাকা পরিক্রমা করে। সেই কর্মসূচিতে বিজেপি রাজ্য সভাপতি দিলীপ ঘোষ সহ রাজ্য ও জেলা নেতারা উপস্থিত ছিলেন।

বুধবার সৌমিত্র বলেন, 'অভিষেক বা মমতা বন্দ্যোপাধ্যায় যখন যাবেন তখন কালো পতাকা দেখাবেন। কারণ এরা বাংলায় কোনও উন্নয়ন করেনি। কোনও উন্নতি করবে না।' বক্তব্যের বেশির ভাগ জুড়েই তৃণমূলের যুব সভাপতি অভিষেক বন্দ্যোপাধ্যায়ের সমালোচনা করেন সৌমিত্র খাঁ। তিনি বলেন, 'রাস্তায় গাড়ি চললেই পুলিশকে টাকা দিতে হয়। এক একটি গাড়ি থেকে তিরিশ চল্লিশ হাজার টাকা করে নেয় পুলিশ। সবজির গাড়ি থেকেও দশ হাজার টাকা করে নেয়।সে সব আর হবে না কথা দিচ্ছি।''

সৌমিত্র খাঁ বলেন, বিজেপি ক্ষমতায় এলে পুলিশকে দাদাগিরি করতে দেব না। যেসব তৃণমূলের গুন্ডা এখনও ভয় দেখাচ্ছে বা যেসব পুলিশ অফিসার এখনও ভাবছেন বিজেপিকে দেখে নেব, তাদের বলছি দেখে নেওয়ার পালাঅভিষেক ও মমতা বন্দ্যোপাধ্যায়কে কালো পতাকা দেখান,পরিবর্তন যাত্রার সভা থেকে বললেন বিজেপি সাংসদ সৌমিত্র খাঁ শেষ হয়ে গেছে।'

জনসভার মঞ্চ থেকে বিষ্ণুপুরের সাংসদ সৌমিত্র খাঁ বলেন, যারা খেলা হবে বলছেন তাদের বলি, খেলা শেষ হয়ে গেছে। তোমরা লালকার্ড দেখেছো। আমরা জিতে গেছি। ঘোষণা শুধু সময়ের অপেক্ষা। কাপটা আমরা নেব। তোমরা শুধু দেখবে। নির্বাচন কমিশন ঘোষণা করলেই কাপ আমাদের হাতে উঠে আসবে। লোকসভায় আঠারোটা আসন জিতেছি।

বুথ স্তরের কর্মী নেতাদের সৌমিত্র বলেন, বিধানসভায় দুশো আসন পাব। খেলেছি আমরা জিতেছি আমরা। প্রতিটি বাড়িতে বাড়িতে যেতে হবে। জনসংযোগ করতে হবে। ভারতীয় জনতা পার্টির হবে কথা বলতে হবে।হিন্দুস্থান সমাচার/ অশোক

# অপসারিত কিরণ বেদি, পুদুচেরির নয়া উপ-রাজ্যপাল সৌন্দররাজন

পুদুচেরি, ১৭ ফেব্রুয়ারি (হি.স.): কেন্দ্রশাসিত অঞ্চল পুদুচেরির লেফটেন্যান্ট গভর্নর পদ থেকে সরিয়ে দেওয়া হল কিরণ বেদিকে। পুদুচেরির নতুন উপ-রাজ্যপাল হচ্ছেন ডঃ তামিলিসাই সৌন্দররাজন। তেলেঙ্গানার রাজ্যপাল ডঃ তামিলিসাই সৌন্দররাজনকে পুদুচেরির লেফটেন্যান্ট গভর্নর পদের অতিরিক্ত দেওয়া হয়েছে। মঙ্গলবার রাতে পুদুচেরির উপ-রাজ্যপালের পদ থেকে কিরণ বেদিকে অপসারণ করেন রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ। এরপর তেলেঙ্গানার রাজ্যপাল ডঃ তামিলিসাই সৌন্দররাজনকে পুদুচেরির উপ-রাজ্যপাল পদের অতিরিক্ত দেওয়া হয়েছে।

কিরণ বেদিকে সর্বদা "বিজেপির এজেন্ট" আখ্যা দিয়েছিলেন পুদুচেরির মুখ্যমন্ত্রী বেলু নারায়ণস্বামী। বেদি সমান্তরাল সরকার চালাচ্ছিলেন বলেও অভিযোগ করে তাঁর অপসারণকে পুদুচেরির মানুষের জয় বলে আখ্যা দিয়েছেন মুখ্যমন্ত্রী বেলু নারায়ণস্বামী। নারায়ণস্বামীর মন্তব্য, "গত সাড়ে ৪ বছরেরও বেশি সময় ধরে কিরণ বেদীর অপসারণের দাবি ছিল আমাদের। এ নিয়ে কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে লড়াই করছিলাম। বিষয়টি নিয়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের কাছেও দরবার করেছিলাম। কিরণ বেদির অপসারণে পুদুচেরির সাধারণ মানুষের জয় হল।'

পুদুচেরির উপ-রাজ্যপাল পদ থেকে অপসারিত হওয়ার পর বুধবার সকালে কিরণ বেদি বলেছেন, 'পুদুচেরির উপ-রাজ্যপাল হিসেবে আজীবন অভিজ্ঞতার জন্য ভারত সরকারকে ধন্যবাদ। আমার সঙ্গে যাঁরা কাজ করেছেন তাঁদেরও ধন্যবাদ। আমি আত্মতৃপ্তির সঙ্গে বলতে পারি, এই সময়ে টিম রাজ নিবাস বৃহত্তর জনস্বার্থে কাজ করেছে।'

## লুকোচুরি শেষ, লালকেল্লা-হিংসা মামলায় এবার ধৃত মনিন্দর সিং

নয়াদিল্লি, ১৭ ফেব্রুয়ারি (হি.স.): দীপ সিধু, ইকবাল সিংয়ের পর ২৬ জানুয়ারির হিংসা মামলা এবার দিল্লি পুলিশের জালে ধরা পড়ল মনিন্দর সিং। লালকেল্লা হিংসা মামলায় অন্যতম অভিযুক্ত ছিল মনিন্দর সিং। মঙ্গলবার পীতম পুরার কাছে মনিন্দর সিংকে গ্রেফতার করেছে দিল্লি পুলিশের স্পেশাল সেল। ধৃতের বাড়ি স্বরূপ নগরে, তার বাড়ি থেকে উদ্ধার হয়েছে দু''টি তরোয়াল।

বুধবার সকালে দিল্লি পুলিশ জানিয়েছে, লালকেল্লা হিংসা মামলায় অন্যতম অভিযুক্ত মনিন্দর সিংকে মঙ্গলবার পীতম পুরার কাছে গ্রেফতার করেছে দিল্লি পুলিশের স্পেশাল সেল। তার স্বরূপ নগরের বাড়ি থেকে উদ্ধার হয়েছে দু''টি তরোয়াল। ধৃতকে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে। উল্লেখ্য, গত ২৬ জানুয়ারি কৃষকদের ট্র্যাক্টর মিছিলের নামে হিংসাত্মক ঘটনা ঘটেছিল দিল্লিতে। লালকেল্লায় রীতিমত তাণ্ডব চালানো হয়েছিল। ২৬ জানুয়ারির পর থেকেই ফেরার ছিল মনিন্দর, অবশেষে দিল্লি পুলিশ তাকে গ্রেফতার করেছে।

# সিপিএম নেতা খুনের ঘটনায় ধৃত দু'জনের ১৪ দিনের জেল হেফাজত হয়

ডালখোলা, ১৭ ফেব্রুয়ারি (হি. স.) : সিপিএম নেতা খুনের ঘটনায় ধৃত দু'জনের ১৪ দিনের জেল হেফাজত হল। বুধবার তাদের ইসলামপুর মহকুমা আদালতে পেশ করে ডালখোলা পুলিশ।

গত ১৫ ফেব্রুয়ারি উত্তর দিনাজপুর জেলার ডালখোলা থানার পাতনোর গ্রামে সিপিএম নেতা রফিক আলমকে ধারালো অস্ত্র দিয়ে খুন করা হয়। পুলিশ ঘটনার তদন্তে নেমে প্রতিবেশী তাহামিনা বিবি এবং শেখ জামাল নামে দুইজনকে গ্রেফতার করে। ধৃতকে জিজ্ঞাসাবাদ করে পুলিশ জানতে পারে মৃত রফিক আলম সঙ্গে তাহামিনা বিবির বিবাহ বর্হির্ভূত সম্পর্ক গড়ে উঠেছিল। একইভাবে শেখ জামালের সঙ্গে তাহামিনা বিবির বিবাহ বর্হির্ভূত সম্পর্ক গড়ে উঠেছিল। এই বিবাদের জেরে রফিক আলমকে খুন করা হয়েছে বলে পুলিশ মনে করছে। এই খুনের ঘটনায় ব্যপক চাঞ্চল্যের সৃষ্টি হয়েছিল।

ধৃতদের আরও জিজ্ঞাসাবাদ চালাতে ধৃতদের ১৪ দিনের পুলিশি হেফাজতে নেবার আবেদন জানায়। সিপিএমের জেলা সম্পাদক অপূর্ব পাল অভিযোগ করেছিলেন দুষ্কৃতীদের হাতে প্রচুর বেআইনি অস্ত্র মজুত থাকার কারণেই এধরনের খুনের ঘটনা ঘটছে। পুলিশকে বেআইনি অস্ত্র উদ্ধারের দাবি জানানো হলেও তেমন কোন কাজ হয়নি। রফিক আলম ডালখোলা ব্লকের রানীগঞ্জ গ্রাম পঞ্চায়েতের প্রাক্তন সদস্য। তিনি পাতনোর গ্রামে সিপিএমের শাখা সম্পাদক। এলাকায় জনপ্রিয় মানুষ হিসেবে তাঁর পরিচিত ছিল। অবিলম্বে অভিযুক্তদের গ্রেফতারের দাবি করে সিপিএম।

করণদিঘি বিধায়ক মনোদেব সিংহ জানান, যিনি খুন হয়েছেন তিনি কোন দলের সেটা বিবেচ্য বিষয় নয়। অভিযুক্তদের গ্রেফতারের জন্য পুলিশ আধিকারিকদের তিনি নির্দেশ দিয়েছেন। পরিবার সূত্রে জানা গিয়েছে ১৪ রাত্রি আটটার নাগাদ ফোন করে দুষ্কৃতীরা রফিকবাবুকে ডেকে নিয়ে যায়। কিছুক্ষণ বাদে তার ফোন বন্ধ হয়ে যায়। ১৫ ফেব্রুয়ারি সকালে পাতনোরের পেট্রোল পাম্পের পাশে ৩৪ নম্বর জাতীয় সড়কের ধারে গ্রামবাসীরা তাঁর দেহ দেখতে পান।হিন্দুস্থান সমাচার/ অশোক

# ভারতে টিকাকরণ ৯০-লক্ষ ছুঁইছুঁই, ১০০ বেড়ে মৃত্যু ১,৫৫,৯১৩

নয়াদিল্লি, ১৭ ফেব্রুয়ারি (হি.স.): ভারতে গত দু''দিন ধরে ১০০-র মধ্যেই রয়েছে দৈনিক মৃত্যু, দৈনিক করোনা-আক্রান্তের সংখ্যাও মোটের উপর কম রয়েছে। মঙ্গলবার সারা দিনে ভারতে নতুন করে করোনাভাইরাসে সংক্রমিত হয়েছেন ১১ হাজার ৬১০ জন, বিগত ২৪ ঘন্টায় ভারতে মৃত্যু হয়েছে ১০০ জনের। পাশাপাশি বিগত ২৪ ঘন্টায় ১১,৮৩৩ জন করোনা-রোগী ভারতে সুস্থ হয়ে উঠেছেন। ফলে বুধবার সকাল আটটা পর্যন্ত ভারতে মোট সুস্থ হয়েছেন ১,০৬,৪৪,৮৫৮ জন করোনা-রোগী। কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের পক্ষ থেকে জানানো হয়েছে, বিগত ২৪ ঘণ্টায় ভারতে নতুন করে করোনাভাইরাসে সংক্রমিত হয়েছেন ১১,৬১০ জন। ফলে বাড়তে বাড়তে ভারতে মোট করোনা-আক্রান্তের সংখ্যা ১ কোটি ০৯ লক্ষ ৩৭ হাজার ৩২০-এ পৌঁছে গিয়েছে। ভারতে বিগত ২৪ ঘন্টায় (মঙ্গলবার সারাদিনে) নতুন করে কোভিড-১৯ ভাইরাসে আক্রান্ত ১০০ জনের মৃত্যু হয়েছে। শেষ ২৪ ঘন্টায় ভারতে সুস্থ হয়েছেন ১১,৮৩৩ জন। ১০০ বেড়ে ভারতে কোভিড-১৯ ভাইরাসে মৃতের সংখ্যা বেড়ে হল ১,৫৫,৯১৩ জন। ভারতে এযাবৎ করোনা-মুক্ত হয়েছেন ১,০৬,৪৪, ৮৫৮ জন রোগী। কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের রিপোর্ট অনুযায়ী, বুধবার সকাল আটটা পর্যন্ত ভারতে সক্রিয় করোনা রোগীর সংখ্যা ১ লক্ষ ৩৬ হাজার ৫৪৯ জন, বিগত ২৪ ঘন্টার মধ্যে বেড়েছে ৩২৩ জন। কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক জানিয়েছে, বুধবার সকাল আটটা পর্যন্ত ভারতে মোট ৮৯ লক্ষ ৯৯ হাজার ২৩০ জনকে করোনা-টিকা দেওয়া হয়েছে, তাঁদের মধ্যে ২ লক্ষ ৭৬ হাজার ৯৪৩ জনকে বিগত ২৪ ঘন্টায় কোভিড টিকা দেওয়া হয়েছে।

# ভোটের মুখে চিকিৎসক নিয়োগে বেনিয়মের অভিযোগ

কলকাতা, ১৭ ফেব্রুয়ারি (হি. স.) : মেডিক্যাল কলেজগুলিতে ভোটের মুখে শিক্ষক-চিকিৎসক নিয়োগে 'বেনিয়ম'-এর অভিযোগ উঠল। আরএমও নিয়োগে 'লাগামহীন দুর্নীতির' বিরুদ্ধে তীব্র প্রতিবাদ জানিয়েছে সার্ভিস ডক্টরস ফোরাম। শুক্রবার স্বাস্থ্য সচিবকে এ ব্যাপারে একপ্রস্থ স্মারকলিপি দেবে।

অভিযোগ, স্বাস্থ্যশিক্ষার ৪৭টি বিভাগে ৬৪৭ পদে শিক্ষক-চিকিৎসক নিয়োগ, এমডি-এমএসদের এড়িয়ে এমবিবিএস-দের নিয়োগ করা হয়েছে। এতে প্রশ্নের মুখে পড়েছে স্বাস্থ্য নিয়োগ পর্ষদ।

সার্ভিস ডক্টরস ফোরামের তরফে জানানো হয়েছে, ''সম্প্রতি রাজ্যের মেডিকেল কলেজগুলিতে স্বাস্থ্য শিক্ষা পরিষেবায় আরএমও পদে নিয়োগের ক্ষেত্রে যে অনিয়ম ও দুর্নীতি হয়েছে তা একথায় নজির বিহীন। এই একদিকে কিছু কিছু বিষয়ে স্নাতকোত্তর(এম ডি/এম এস) প্রার্থী থাকা সত্বেও সদ্য পাশ করা এম বি বি এস প্রার্থীদেরকে সিলেক্ট করা হয়েছে। অন্যদিকে একাধিক বিষয়ে সাক্ষাৎকারে বসার নিয়ম না থাকা সত্বেও কিছু প্রার্থীর নাম একাধিক বিষয়ে উঠেছে। এমনকি নিয়োগপত্রও দেওয়া হয়েছে। একজন সদস্য দেখা যাচ্ছে তেরটি বিভাগে আরএমও পদে নিয়োগ পত্র পেয়েছেন। এই সব সদস্যদের মধ্যে বেশ কিছু প্রভাবশালী মন্ত্রী ও ব্যক্তিদের ঘরের ছেলে মেয়েরা ও রয়েছে।

আমরা সার্ভিস ডক্টরস ফোরামের পক্ষ থেকে এই সীমাহীন দুর্নীতির তীব্র প্রতিবাদ জানাচ্ছি। এই নিয়োগ প্রক্রিয়া সাময়িক স্থগিত রেখে এই অনিয়ম ও দুর্নীতির পূর্নাঙ্গ এবং উচ্চ পর্যায়ের তদন্তের দাবি করছি। মেডিকেল শিক্ষা ও স্বাস্থ্য পরিষেবার স্বার্থে তদন্ত সাপেক্ষে দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানাচ্ছি। সংগঠনের পক্ষ থেকে আমরা স্বজন-পোষণের অভিযোগ স্বাস্থ্য ভবনে বার বার বলে আসছি। স্বাস্থ্য অধিকর্তা ও স্বাস্থ্যশিক্ষা অধিকর্তাকে স্মারক লিপি দিয়েছি। শুক্রবার স্বাস্থ্য সচিবকে আবার স্মারকলিপি দেওয়া হবে।হিন্দুস্থান সমাচার/ অশোক

# ভারতে ২০.৭৯-কোটির উর্দ্ধে করোনা-টেস্ট, সুস্থতা ৯৭.৩৩ শতাংশ

নয়াদিল্লি, ১৭ ফেব্রুয়ারি (হি.স.): শেষ ২৪ ঘন্টায় ৬.৪৪-লক্ষের বেশি মানুষের করোনা-পরীক্ষা করার পর ভারতে ২০.৭৯-কোটির উর্দ্ধে পৌঁছে গেল করোনা-টেস্টের সংখ্যা। বুধবার সকালে ইন্ডিয়ান কাউন্সিল অফ মেডিক্যাল রিসার্চ (আইসিএমআর) জানিয়েছে, ১৬ ফেব্রুয়ারি সারা দিনে ভারতে ৬, ৪৪,৯৩১টি করোনা-স্যাম্পেল টেস্ট করা হয়েছে। সবমিলিয়ে ভারতে করোনা-টেস্টের সংখ্যা ২০,৭৯,৭৭,২২৯-এ পৌঁছে গেল।

ভারতে করোনা-পরিস্থিতি ধীরে ধীরে নিয়ন্ত্রণের মধ্যে চলে আসছে। মঙ্গলবার সারা দিনে ভারতে সুস্থ হয়েছেন ১১,৮৩৩ জন। বুধবার সকাল আটটা পর্যন্ত ভারতে করোনা-আক্রান্ত ১,৫৫,৯১৩ জনের মৃত্যু হয়েছে (১.৪৩ শতাংশ)। বিগত ২৪ ঘন্টায় মৃত্যু হয়েছে ১০০ জনের। ভারতে সুস্থতার সংখ্যা বেড়ে হয়েছে ১, ০৬,৪৪,৮৫৮ জন। বিগত ২৪ ঘন্টায় ভারতে চিকিৎসাধীন করোনা-রোগীর সংখ্যা খানিকটা কমেছে। এই মুহূর্তে ভারতে মোট ১,৩৬,৫৪৯ জন করোনা-রোগী চিকিৎসাধীন রয়েছেন, বিগত ২৪ ঘন্টায় বেড়েছে ৩২৩ জন (১.২৫ শতাংশ)।

## নামখানায় দলিত বাড়িতে ভোজন সারবেন শাহ, প্রস্তুতি তুঙ্গে

নামখানা, ১৭ ফেব্রুয়ারি (হি.স.): বৃহস্পতিবার দুপুরে দক্ষিণ ২৪ পরগনার নামখানার ইন্দিরা ময়দানে বিজেপি আয়োজিত জনসভায় যোগ দিতে আসছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। ওই দিন কলকাতা থেকে হেলিকপ্টারে গঙ্গাসাগরে এসে পৌঁছবেন অমিত শাহ। গঙ্গাসাগরে কপিল মুনির মন্দিরে পুজো দেওয়ার পর হেলিকপ্টারে করেই রওনা দেবেন নামখানার উদ্দেশ্যে। সেখানে বিজেপির মথুরাপুর সাংগঠনিক জেলায় পরিবর্তন যাত্রার সূচনা করবেন তিনি। নামখানার জনসভা শেষে স্থানীয় নারায়ণপুরে এক উদ্বাস্তু দলিত পরিবারে মধ্যাহ্ন ভোজ সারবেন অমিত শাহ। ইতিমধ্যেই সেই বাড়িতে শুরু হয়ে গিয়েছে তোড়জোড়। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রীর আগমণে যথেষ্ট উচ্ছ্বসিত ওই দলিত পরিবার ও তাঁর প্রতিবেশীরা।

বাবা মায়ের মৃত্যুর পর, স্ত্রী ও মেয়েকে নিয়ে নারায়ণপুরে বসবাস করেন পেশায় মৎস্য ব্যবসায়ী সুব্রত বিশ্বাস। পরিবারে সুদিন ফেরানোর আশায় স্ত্রী অর্চনা বিশ্বাস পরিচারিকার কাজ করতে শুরু করেন। এহেন পরিবারে এসে জমিয়ে মধ্যাহ্নভোজ সারবেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী। তাঁর আসার আগে নিরাপত্তা সুনিশ্চিত করতে দফায় দফায় প্রতিনিধি দল এসে ঘুরে দেখছেন গোটা এলাকা।

অমিত শাহকে মধ্যাহ্ন ভোজন করানোর আবেদন জানিয়ে দিন সাতেক আগে বিশ্বাস পরবারের সঙ্গে যোগাযোগ করেন জেলা বিজেপির কর্মকর্তারা। সেই প্রস্তাবে রাজিও হয়ে যান পরিবারের কর্তা সুব্রত বিশ্বাস। আর তারপর থেকেই শুরু হয়েছে তোরজোড়। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী আসায় একদিকে যেমন যথেষ্ট উচ্ছ্বসিত বিশ্বাস পরিবার তেমনি উচ্ছ্বসিত আশপাশের সাধারণ মানুষজনও।

## মইদুলের পরিবারকে সাহায্যের প্রক্রিয়া শুরু, বাম পড়ুয়াদের আর্জি

কলকাতা, ১৭ ফেব্রুয়ারি (হি.স.): নির্দিষ্ট ব্যাঙ্ক অ্যাকাউন্ট খুলে মইদুল ইসলামের পরিবারকে

সাহায্যের প্রক্রিয়া শুরু করল বাম পড়ুয়ারা। বুধবার এই মর্মে পড়ুয়াদের তরফে হোয়াটসঅ্যাপের মাধ্যমে আবেদন শুরু হয়েছে। বুধবার মইদুলের সন্তানদের ছবি টুইটারে আপলোড করে সিপিএমের রাজ্য সম্পাদক সূর্যকান্ত মিশ্র লেখেন, "তা সত্য তা ও একদিন জানবেই জানবে। ওদের লেখাপড়ার খরচ বহন করা হবে। যুব ছাত্র সংগঠনগুলি ছাড়াও আমাদের সবাইকে এই দায়িত্ব পালন করতে হবে।' গতকালই তিনি জানিয়েছিলেন, "আমরা সকলে মিলে তাঁর পরিবারের ভরণ পোষণের দায়িত্ব নিতে নিতে সক্ষম।' ১১ ফেব্রুয়ারি সকলের জন্য শিক্ষা, স্বাস্থ্যের অধিকার এবং চাকরির প্রতিশ্রুতি-সহ একাধিক দাবিতে নবান্ন অভিযান চালায় বাম ছাত্র-যুব সংগঠন। পুলিশি বাধা পেয়ে ধুন্ধুমার বাঁধে ধর্মতলা চত্বরে। দু'পক্ষ জড়ায় হাতাহাতিতে। পুলিশের লাঠিচার্জ, কাঁদানে গ্যাস জলকামানে কার্যত রণক্ষেত্র হয়ে ওঠে এলাকা। লাঠিচালনার জেরে আহত হয়েছেন বেশ কিছু কর্মী-সমর্থক। তাঁদের মধ্যে গুরুতর আঘাত পান বাঁকুড়ার ডিওয়াইএফআই কর্মী পেশায় অটো চালক মইদুল ইসলাম মিদ্দা। সেদিন তাঁকে ভর্তি করা হয়েছিল সিপিএম নেতা ফুয়াদ হালিমের ক্লিনিকে। সেখানে অবস্থার অবনতি হলে স্থানান্তরিত করা হয় ক্যামাক স্ট্রিটের এক নার্সিংহোমে। সেখানেই সোমবার কাকভোরে মৃত্যু হয় তাঁর। হিন্দুস্থান সমাচার/ অশোক

## বৃহস্পতিবার থেকে শুরু বাগবাজার বইমেলা, চলবে ২১ ফেব্রুয়ারি অবধি

কলকাতা, ১৭ ফেব্রুয়ারি (হি.স.): কাজী নজরুল ইসলাম, নন্দলাল বসু, চারণকবি মুকুন্দদাস বলুন তো এই তিনজনের মধ্যে মিল কোথায়? এই রে, ধন্দে পড়লেন তো! আচ্ছা আরও তিনজন দিকপালের নাম করছি। তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়, যামিনী রায়, সিস্টার নিবেদিতা এঁদের মিল কোথায়? এখনও ভ্রূ কুঁচকে? আচ্ছা একটা সূত্র এই ছ'জনের মধ্যেই মিল রয়েছে! এবার অনেকেই পারবেন। এঁরা সবাই কোনও না কোনও সময়ে বাগবাজারে থাকতেন। বাগবাজার বুঝি সত্যিই ধন্য! এই রকম তালিকা দেখলে ওখানকার সাবেক বিখ্যাত অন্তত ৫০ জনের নাম বাছা যায়। ঐতিহ্যের সেই পল্লীতে বৃহস্পতিবার থেকে শুরু হচ্ছে বাগবাজার বইমেলা। চলবে ২১ শে পর্যন্ত। ২০০০ সালে শুরু হয়েছিল বাগবাজার উৎসব। ওটির অংশ হিসাবে হত সুতানুটি বইমেলা। ২০১৬ ও '১৭-তে ওই বইমেলা হয় শোভাবাজার রাজবাড়িতে। তার পরের দু'বছর স্থগিত ছিল বইমেলা।

অতিমারির প্রকোপ একটু কমেছে। এবার বাগবাজার বইমেলা হবে দুর্গামাঠে। চিনতে অসুবিধা নেই। ওখানেই ফি বছর হয় বাগবাজার সর্বজনীন দুর্গোৎসব। উদ্যোক্তাদের তরফে সুকুমার রক্ষিত জানান, এবার মেলায় এই প্রথম স্টল দিচ্ছে অল ক্যালকাটা হাউজওনার্স অ্যাসোসিয়েশন। থাকবে বেশ কিছু প্রকাশকের বই। প্রতিদিন সাড়ে তিনটে থেকে রাত আটটা। এবারের মেলা উৎসর্গ করা হচ্ছে প্রয়াত অভিনেতা সৌমিত্র চট্টোপাধ্যায়কে। বইমেলার উদ্বোধন করবেন তাঁর কন্যা পৌলমী চট্টোপাধ্যায়। প্রসঙ্গত, বাগবাজারেই নিবেদিতা লেনে শনি থেকে মঙ্গলবার, প্রতিবারের মত এবারেও হয়ে গেল আর এক বইমেলা। ওটা শেষ হতে না হতেই শুরু হচ্ছে বাগবাজার বইমেলা।

# কোচবিহারে বিজেপি কর্মীর গুদামে আগুন, অভিযুক্ত তৃণমূল

কলকাতা, ১৭ ফেব্রুয়ারি (হি. স.) : মঙ্গলবার গভীর রাতে তুফানগঞ্জ এলাকায় বিজেপি কর্মী দীপক দাসের সুতোর গুদামে আগুন ধরিয়ে দেওয়া হয় বলে অভিযোগ। এই ঘটনাকে কেন্দ্র করে বুধবার চিলাখানা ২ নম্বর গ্রাম পঞ্চায়েতের ঘোগারকুঠি কালীবাড়ি অঞ্চলে উত্তেজনা দেখা দিয়েছে।

সম্প্রতি রাজনৈতিক হিংসায় উত্তপ্ত হয়েছে কান্দি, মথুরাপুর, মালদহ-সহ একাধিক এলাকা। সেই তালিকায় নতুন সংযোজন তুফানগঞ্জ। খবর পেয়ে দমকলের একটি ইঞ্জিন আগুন নিয়ন্ত্রণে আনে। তবে দোকানে থাকা সমস্ত জিনিস পুড়ে ছাই হয়ে গিয়েছে বলে দাবি দীপক দাসের। বিজেপি কর্মী দীপক দাসের অভিযোগ, "৬-৭ লক্ষ টাকার ক্ষতি হয়েছে। বিজেপি করি বলে তৃণমূল আমার সুতোর গুদামে আগুন ধরিয়ে দিয়েছে।" মধ্যরাতের এই ঘটনার প্রতিবাদে বুধবার সকাল থেকে চিলাখানা এলাকায় কোচবিহার থেকে অসমগামী ৩১ নাম্বার জাতীয় সড়ক আটকে বিক্ষোভ দেখাচ্ছেন বিজেপি কর্মী সমর্থকরা। ফলে জাতীয় সড়কে গাড়িল লম্বা লাইন পড়ে। পুলিশ পরিস্থিতি নিয়ন্ত্রণে আনার চেষ্টা করে। যদিও এই ঘটনার বিরুদ্ধে ওঠা সমস্ত অভিযোগ অস্বীকার করেছে তৃণমূল নেতৃত্ব। উত্তরবঙ্গ উন্নয়ন মন্ত্রী রবীন্দ্রনাথ ঘোষ জানান, "এই এলাকায় বিজেপির গোষ্ঠীদ্বন্দ্ব রয়েছে। সেই অশান্তির জেরেই এই কাণ্ড ঘটেছে। এর সঙ্গে তৃণমূলের কোনও যোগ নেই।" গোষ্ঠীদ্বন্দ্বে অভিযোগ উড়িয়ে দিয়েছেন বিজেপির জেলা সম্পাদক সঞ্জয় চক্রবর্তী। তাঁর কথায়, ''আমাদের কোনও গোষ্ঠীদ্বন্দ্ব নেই। তৃণমূলের দুষ্কৃতীরা এই ঘটনা ঘটিয়েছে। পুলিশ যদি উপযুক্ত ব্যবস্থা না নেয়, তাহলে বৃহত্তর আন্দোলনে নামব আমরা।" নির্বাচন যত এগিয়ে আসছে ততই রাজ্যজুড়ে বাড়ছে হিংসার ঘটনা। কোথাও তৃণমূল কর্মীকে লক্ষ্য করে চলছে গুলি, তো কোথাও আবার বিজেপি কর্মীর বাড়িতে ঢুকে ভাঙচুর চালাচ্ছে দুষ্কৃতীরা। আর এই ঘটনায় একে অপরের বিরুদ্ধে অভিযোগের আঙুল তুলছে দু'পক্ষই। হিন্দুস্থান সমাচার/ অশোক

## রাজৌরিতে হাইওয়ের ধারে উদ্ধার আইইডি, যান চলাচল বিঘ্নিত

জম্মু, ১৭ ফেব্রুয়ারি (হি.স.): জম্মু ও কাশ্মীরের রাজৌরি জেলায় জম্মু-পুঞ্চ হাইওয়ের ধার থেকে উদ্ধার হল সন্দেহজনক ইম্প্রোভাইসড এক্সপ্লোসিভ ডিভাইস (আইইডি)। বুধবার সকালে রাজৌরি জেলার মাঞ্জাকোটের কাছে হাইওয়ের ধারে একটি কাঠের বাক্সের মধ্যে সন্দেহনজক আইইডি পড়ে থাকতে দেখা যায়। তৎক্ষণাৎ জম্মু-পুঞ্চ হাইওয়েতে যানবাহন চলাচল বন্ধ করে দেওয়া হয়। ঘিরে রাখা হয় ওই এলাকাটি এবং খবর দেওয়া হয় বম্ব ডিস্পোজাল স্কোয়াডকে। পরে বম্ব ডিস্পোজাল স্কোয়াড ওই আইইডি বিস্ফোরকটি নিষ্ক্রিয় করে। পুলিশ সূত্রের খবর, কাঠের বাক্সের ভিতরে প্রেসার কুকার ছিল এবং তার দিয়ে বাধা ছিল।

এদিকে, কেন্দ্রশাসিত অঞ্চল জম্মু-কাশ্মীরের সামগ্রিক পরিস্থিতি খতিয়ে দেখতে বুধবারই শ্রীনগর পৌঁছল ২৪টি দেশের বিদেশী প্রতিনিধি দল। এই ২৪টি দেশের মধ্যে রয়েছে-চিলি, ব্রাজিল, কিউবা, বলিভিয়া, এস্তোনিয়া, ফিনল্যাণ্ড, ফ্রান্স, আয়ারল্যান্ড, নেদারল্যান্ডস, পর্তুগাল, ইউরোপিয়ান ইউনিয়ন, বেলজিয়াম, স্পেন, সুইডেন, ইতালি, বাংলাদেশ, মালাবি, ইরিত্রিয়া, কটে ডি''আইভোরি, ঘানা, সেনেগাল, মালয়েশিয়া, তাজিকিস্তান এবং কিরগিজিস্তান।

## ফের গাড়ি দুর্ঘটনা মা উড়ালপুলে, রক্ষা পেলেন চালক-সহ দু''জন

কলকাতা, ১৭ ফেব্রুয়ারি (হি.স.): ফের দুর্ঘটনা মা উড়ালপুলে। তবে এবার অল্পের জন্য রক্ষা পেলেন চালক সহ-দু'জন। বুধবার ভোর ৫.১৫ মিনিট নাগাদ দুর্ঘটনা ঘটে মা উড়ালপুলের পরমা আইল্যান্ডগামী লেনে। পার্ক সার্কাসের দিক থেকে আসা একটি গাড়ি ডিভাইডারে ধাক্কা মেরে রাস্তায় আড়াআড়িভাবে উল্টে যায়। এর জেরে আহত হন চালক সহ-দু''জন। দুর্ঘটনার জেরে ঘণ্টাখানেকের জন্য বন্ধ ছিল ওই লেনটি। ঘটনাস্থলে যায় কড়েয়া থানার পুলিশ। জখমদের উদ্ধার করে ন্যাশনাল মেডিক্যাল কলেজ হাসপাতালে নিয়ে যাওয়া হয়। কুয়াশা ও বেপরোয়া গতির কারণেই এই দুর্ঘটনা বলে প্রাথমিক ভাবে অনুমান পুলিশের। পুলিশ সূত্রের খবর, সকাল তখন ৫.১৫ মিনিট হবে, পার্ক সার্কাসের দিক আসছিল একটি গাড়ি। পরমা আইল্যান্ডগামী লেনে ডিভাইডারে ধাক্কা মারার পরই রাস্তায় আড়াআড়িভাবে উল্টে যায় গাড়িটি। দুর্ঘটনায় আহত হন চালক-সহ দু''জন। দুর্ঘটনার জেরে পরমা আইল্যান্ডগামী লেন ঘণ্টাখানেকের জন্য বন্ধ ছিল।

# হরেকরকম হরেকরকম হরেকরকম

## দাঁত শিরশির: যে কারণে হয় জেনে নিন



দাঁতের সংবেদনশীলতা বা শিরশির অনুভূতির তীব্রতা একমাত্র তারাই বোঝেন যারা তাতে ভুগছেন।
তবে এই সমস্যা যে আপনাকে সারাজীবন বয়ে বেড়াতে হবে তা কিন্তু নয়। সাধারণ সংবেদনশীলতা দূর করার সহজ উপায় আছে একাধিক, আর তার বেশিরভাগই হল দাঁতের যত্ন নেওয়া। তবে কিছু ক্ষেত্রে দন্ত্য চিকিৎসকেরও প্রয়োজন হতে পারে।
স্বাস্থ্যবিষয়ক একটি ওয়েবসাইটের প্রতিবেদন অবলম্বনে জানানো হল এর কারণ ও তার সমাধানে আপনার করণীয় সম্পর্কে।

কারণ

বাহ্যিক কেনো কারণে দাঁতে থাকা স্নায়ুতে প্রদাহ সৃষ্টি হলেই সাধারণত এই সংবেদনশীলতা দেখা দেয়। খালি চোখে এই প্রদাহ দেখা না গেলেও ব্যথা কিংবা শিরশির অনুভূতি বেশ তীব্র।
যুক্তরাষ্ট্রের দন্ত্য চিকিৎসক জফ্রি আর. মরিস (ডিএমডি, এমএস) বলেন, "দাঁত ঘষা, চেপে দাঁত ব্রাশ করা, 'ক্যাভিটি' আর সংক্রমণই হল দাঁতের সংবেদনশীলতা কারণ। প্রাথমিক অবস্থায় সাবধান হলে সহজেই তা সারিয়ে তোলা সম্ভব।"

ঘরোয়া টোটকা

নরম 'ব্রিসল'য়ের ব্রাশ ব্যবহার করতে হবে দাঁত ব্রাশ করা ক্ষেত্রে।
'টুপপেস্ট' কেনার সময় দেখে নিতে হবে তাতে 'ফ্লুরাইড' আছে কি-না।
ডা. মরিস বলেন, "অনেকেই ঘুমের মধ্যে দাঁতে দাঁত চেপে রাখেন যে কারণে সংবেদনশীলতা দেখা দিতে পারে। সেক্ষেত্রে ঘুমানোর সময় 'গার্ড' ব্যবহার করতে হবে। আর দাঁতের সার্বিক সুস্বাস্থ্য নিশ্চিত করার জন্য নিয়মিত চিকিৎসকের কাছ থেকে পরীক্ষা করিয়ে নেওয়া সবচাইতে ভালো উপায়। এতে যেকোনো সমস্যা প্রাথমিক অবস্থাতেই শনাক্ত করা সম্ভব হবে।"

খাদ্যাভ্যাসের সমস্যা

যুক্তরাষ্ট্রের 'স্মাইল ম্যাজিক ফ্যামিলি ডেন্টিস্ট্রি'র ডা. ক্রেইগ কোপল্যান্ড (ডিএমডি) বলেন, "দাঁতের 'এনামেল'য়ের আস্তর ক্ষয়ে যাওয়া, 'জিনজাইভাল রিসেশন', চেপে দাঁত ব্রাশ ইত্যাদি সংবেদনশীলতা মূল কারণ হলেও খাদ্যাভ্যাসও এই সমস্যার পেছনে উল্লেখযোগ্য ভূমিকা থাকে। 'কার্বোনেইটেড' পানীয়, অম্লীয় পানীয়, বরফ, এমনকি প্রচণ্ড গরম পানীয় পান করার কারণেও সংবেদনশীলতার তীব্রতা বাড়তে পারে। অম্লীয় বা টক খাবার আর পানীয় দাঁতের সবচাইতে বেশি ক্ষতি করে।"

ডাক্তারের সাহায্য নেওয়া

ঘরোয়া চিকিৎসায় কাজ না হলে দ্রুত চিকিৎসকের পরামর্শ নেওয়া জরুরি। অনেকেই ব্যাপারটাকে অবহেলা করেন, সহ্য করে যান, মনে করেন আপনা থেকেই সেরে যাবে। এমনটা করা উচিত হবে না।
সংবেদনশীলতা দূর করে এমন বিশেষ 'টুথপেস্ট' ব্যবহার করতে হবে।

## অর্কিড ভ্যানিলার গুণাগুণ



ভ্যানিলা ভাইন অর্কিড জাতীয় (পরাশ্রয়ী) লতানো উদ্ভিদ। খুঁটি বা দেওয়ালের মতো অবলম্বন পেলে তরতরিয়ে বেড়ে ওঠে এটি। সর্বোচ্চ ৫ মিটার দীর্ঘ একেকটি ভ্যানিলা উদ্ভিদ গ্রীষ্মমন্ডলীয় এলাকায় ভালো জন্মে। ঠিক জাফরানের মতো বিশ্ব বাজারে ভ্যানিলা পড (লম্বাকৃতি ভ্যানিলার ফল। এর চাহিদা এবং মূল্য দুটোই বেশি। দামি আইসক্রিম, কেক, দই, কুকি-বিস্কুটসহ নানা ভোগ্যবস্তুকে আকর্ষণীয় ও সুস্বাদু করতে খাদ্যশিল্পে ব্যাপকভাবে ব্যবহৃত হয় ভ্যানিলা। তাছাড়া বিখ্যাত সব রেস্টুরেন্টে রান্নার ঘ্রাণ বাড়াতে মাছ-মাংস, সবজি ও নুডলসের মতো খাবারে ভ্যানিলা নির্যাস এখন একটি অত্যাবশ্যকীয় মেন্যু। ২-৩ বছর ভালোভাবে বেড়ে ওঠার পর ভ্যানিলার সবুজ-হলুদ রঙা বেশ কয়েকটি ফুল ফুটে। ফোটার পর একেকটি ফুল একদিনই স্থায়ী হয়। ফুলগুলোর পরাগায়নের ফলে উৎপন্ন হয় কাঙ্ক্ষিত ভ্যানিলা পড। তবে ভ্যানিলার পরাগায়ন এত সহজ নয়। ভ্যানিলা ফুলের ভেতরে বিভাজিত ঠোঁটসদৃশ পর্দা বিশেষ থাকায় এই উদ্ভিদে স্বপরাগায়ন সম্ভব হয় না। এক্ষেত্রে মানবসৃষ্ট পদ্ধতিতে কাঠের তৈরি খিলান সদৃশ ছোট কাঠি কিংবা ঘাসের ছোট কান্ড দ্বারা ভ্যানিলা ফুলে পরাগায়ন করা হয়, যা অনেক সময় সাপেক্ষ ও পরিশ্রমের কাজ। বাদামি রং ধারণ করা শুকনো ভ্যানিলা পড আর এর সূক্ষ্ম কালো বীজ অ্যালকোহলে ডুবিয়ে রেখে ৫-৬ মাস পর তৈরি হয় মনকাড়া ঘ্রাণের ভ্যানিলা নির্যাস। পরে তৈরি হয় এসেন্স ও ভ্যানিলা পেস্টের মতো মূল্যবান উদাহরণ। শুধু খাবারেই নয় বরং বিভিন্ন পরিষ্কারক বস্তু ও পেইন্ট (রং)-এর বোটকাগন্ধ দূরীকরণ, মূল্যবান প্রসাধনী ও সুগন্ধী তৈরিতেও এটি ব্যবহৃত হয়। মূল্যের দিক বিচার করলে জাফরানোর পরেই রয়েছে ভ্যানিলা। প্রতি কেজি ভ্যানিলার বাজারমূল্য প্রায় ৪০০ ডলার ভারতীয় মুদ্রায় ৩১ থেকে ৩৫ হাজার টাকা।

## ভিটামিন ই সমৃদ্ধ তেল



এছাড়াও দেহের রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়াতে ও কোষের কার্যকারিতা সঠিকভাবে চালাতে সহায়তা করে।
পুষ্টি-বিষয়ক একটি ওয়েবসাইটে প্রকাশিত প্রতিবেদন থেকে ভিটামিন ই পাওয়া যায় এমন কয়েকটি তেল সম্পর্কে জানানো হল।
কাঠ-বাদামের তেল: ত্বকের যত্নে প্রাচীনকাল থেকেই নারীরা কাঠ-বাদামের তেল ব্যবহার করে আসছেন কারণ এতে আছে ভিটামিন ই যা ত্বকের যত্নে প্রয়োজনীয়।
নারিকেল তেল: নারিকেল তেলে লৌহ, ভিটামিন কে ও সবচেয়ে গুরুত্বপূর্ণ ভিটামিন ই পাওয়া যায়। ত্বকের দাগ ছোপ ও বলিরেখা কমাতে নারিকেল তেল ভূমিকা রাখে। তাই ত্বক ভালো রাখতে প্রতিদিন কয়েক ফেঁটা নারিকেল তেল ত্বকে ব্যবহার করা ভালো।
রেড়ির তেল: বা ক্যাস্টর অয়েল চুল ঘন, মসৃণ করার পাশাপাশি চুল বড় করতেও সহায়তা করে। কারণ এতে আছে ভিটামিন ই।
জলপাইয়ের তেল: জলপাইয়ের তেলে ভালো পরিমাণে ভিটামিন ই পাওয়া যায় যা চুল সুস্থ ও সুন্দর রাখতে সহায়তা করে। সুস্বাস্থ্যের জন্য জলপাইয়ের তেল ত্বক ভালো রাখতেও সহায়তা করে।

## প্রাণিজ উৎস বাদে প্রোটিনের চাহিদা মেটানোর উপায়

বাঙালির পরিচয় মাছে ভাতে। তবে আজকাল মুরগির মাংসই বেশি খাওয়া হয়। দাম, রান্নার সুবিধা, সহজলভ্যতা ইত্যাদি বিভিন্ন কারণ আছে এর পেছনে।
অপরদিকে মুরগির ডিম আরেকটি খাবার যা বাঙালির খাদ্যাভ্যাসের এক অবিচ্ছেদ্য অংশ।
এছাড়াও গরু, খাসি, কবুতর, কোয়েল পাখি ইত্যাদির মাংসও আছে খাদ্যাভ্যাসে। তবে তা নিয়মিত নয়। অনেকের জন্যই সেগুলো শখ করে বিশেষ দিনগুলোতে খাওয়ার খাবার।
পুষ্টিগত বিবেচনায় মাংস থেকে প্রোটিন পাওয়াই থাকে মূল উদ্দেশ্য। যা মুরগির মাংস ও ডিম থেকে পূরণ করায় কোনো ক্ষতি নেই। তবে কিছু মানুষ আছেন যারা প্রাণিজ উৎসের খাবার বাদ দিতে চান।
আবার 'বার্ড ফ্লু'য়ের আতঙ্ক থেকেও অনেকে মুরগির মাংস ও ডিম থেকে দূরে থাকার সিদ্ধান্ত নেন। কেউ হয়ত একেবারেই মাংস খাওয়া বাদ দিতে চান।
এখন প্রশ্ন হল, তাহলে প্রোটিনের চাহিদা মেটাবে কে?
খাদ্য ও পুষ্টি বিষয়ক ওয়েবসাইটের প্রতিবেদন অবলম্বনে জানানো হল উদ্ভিজ্জ উৎস থেকে প্রোটিনের চাহিদা মেটানো উপায়।

প্রোটিন যতটুকু দরকার

চাহিদা মেটানোর আগে তো জানতে হবে চাহিদাটা কতটুকু।
বিশেষজ্ঞদের মতে, একজন মানুষের শারীরিক ওজনের প্রতি কেজির বিপরীতে ০.৮ থেকে ০.১০ গ্রাম প্রোটিন প্রয়োজন প্রতিদিন।
প্রাণিজ ও উদ্ভিজ্জ উৎসের মধ্যে তুলনা করলে প্রোটিনের জন্য প্রাণিজ উৎসই আদর্শ। তবে যারা মাংস খান না তাদের কোনো উপায় নেই তা তো হতে পারে না।
'সাপ্লিমেন্ট' ছাড়াও আরও অসংখ্য উদ্ভিজ্জ প্রোটিনের উৎস আছে।
উদ্ভিজ্জ উৎস থেকে প্রোটিন গ্রহণের সীমাবদ্ধতা হল তাতে সব ধরনের 'অ্যামিনো অ্যাসিড' পাওয়া যায় না। ফলে তা প্রোটিনের উৎস হিসেব পরিপূর্ণ হতে পারে না।
তবে বিভিন্ন উৎস থেকে প্রোটিন গ্রহণের মাধ্যমে সেই সীমাবদ্ধতাও মোকাবেলা করা সম্ভব।

কোন ফল ও সবজি খাবেন

প্রতিদিন দুই থেকে তিনবার ফল ও সবজি খাওয়া প্রত্যেকের লক্ষ্য থাকা উচিত। প্রোটিনের উৎস হিসেবে ফল বেশ দুর্বল। তবে অনেক সবজিতে উচ্চমাত্রায় প্রোটিন পাওয়া যায়।
পালংশাক, বক চই, মসুর ডাল ও শাক, ফুলকপি, মাশরুম, মটরশুঁটি, ভুট্টা, ব্রকলি ইত্যাদি তাদের মধ্যে অন্যতম। ফলের মধ্যে কলা, পেয়ারা, জাম, অ্যাভোকাডো ইত্যাদি থেকে প্রোটিন মিলবে।

বাদাম ও বীজ ধরনের খাবার

এই ধরনের খাবারে 'অ্যান্টি-অক্সিডেন্ট' মিলবে প্রচুর। পুষ্টিবিদরা বলেন, প্রতিদিন একমুঠ পরিমাণ বাদাম কিংবা বীজ-জাতীয় খাবার খাওয়া উচিত সবার। এদের মধ্যে কয়েকটি প্রোটিনের উৎস হিসেব চমৎকার। যেমন 'শিয়া সিড' মাত্র দুই টেবিল-চামচ পরিমাণ খেলেই প্রায় চার গ্রাম প্রোটিন পাওয়া যাবে। 'হেম্প সিড'ও প্রায় একই পরিমাণ প্রোটিন সরবরাহ করতে পারে। এছাড়াও খেতে পারেন 'ফ্লাক্সসিড', কুমড়ার বীজ, কাজুবাদাম, কাঠবাদাম, আখরোট ও চিনাবাদাম।
শষ্যজাতীয় খাবার যব, 'কিনোয়া', বার্লি, গম ইত্যাদি শষ্যজাতীয় খাবারের মধ্যে আদর্শ প্রোটিনের উৎস। আবার চালও এক ধরনের অ্যামিনো অ্যাসিড সরবরাহ করে যা শরীরে গিয়ে প্রোটিন উৎপাদন করে।
যারা পুরোপুরি শাকাহারি তাদের জন্য ভিন্ন প্রোটিনের উৎস হতে পারে 'পিনাট বাটার', 'টোফু', 'স্পিরুলিনা' ও 'ইস্ট'।
মনে রাখতে হবে, যে ধরনের খাদ্যাভ্যাসেই অনুসরণ করা হোক না কেনো খাবারের ভিন্নতা বজায় রাখা অত্যন্ত গুরুত্বপূর্ণ। একই খাবার দিনের পর দিন খেলে যতটুকু স্বাস্থ্যগত উপকার পাবেন, বিভিন্ন ধরনের খাবার খেলে সবসময়ই তার তুলনায় বেশি উপকার মিলবে।

## একই জমিতে আপেল-ড্রাগন চাষের পদ্ধতি



আপেল বলতে প্রথমেই মনে পড়ে কাশ্মীরের কথা। কিন্তু চায়ের জেলা জলপাইগুড়িতেও যে আপেল চাষ সম্ভব তা প্রমাণ করে দেখাচ্ছে জলপাইগুড়ি মোহিতনগর উদ্যান পালন গবেষণা ও উন্নত খামার। আপেলের পাশাপাশি একই জমিতে চাষ হতে পারে ড্রাগন ফ্রুটের। সুস্বাদু এবং অর্থকরী এই দুই ফলের চাষ করে লক্ষ্মীলাভ করতে পারেন আপনিও।

আপেল চাষের জন্য প্রয়োজন বেলে ও বেলে-দোঁআশ মাটি। মাটির পিএইচ মাত্রা যাতে সাড়ে চার থেকে সাড়ে ছয়ের মধ্যে থাকে তা সবার আগে দেখে নিতে হবে। আপেল গাছের চারা নির্বাচন আর একটি বড় ফ্যাক্টর। বাজারে হরেক রকম চারা পাওয়া গেলেও প্রতিষ্ঠিত নার্সারির সঙ্গে আপেল চারার জন্য যোগাযোগ রাখতে হবে। সেক্ষেত্রে টিস্যু কালচার ভ্যারাইটির পাশাপাশি ডরসেট এবং আন্না ভ্যারাইটির চারাই চাষের জন্য নির্বাচন করুন।

গাছ বোনার ক্ষেত্রে প্রথমে জমি তৈরি করুন। গোবর সারের সঙ্গে মিশ্রণ তৈরি করুন মাটির। সেই সঙ্গে দিতে হবে ভার্মি কম্পোস এবং নিমখোল। আট থেকে দশ ফুট অন্তর আপেল গাছের চারা রোপণ করুন। পরিচর্যার ক্ষেত্রে শীতকালে একদিন অন্তর পরিমাণ মতো জল দিতে হবে। তবে জল দেওয়ার ক্ষেত্রে মাথায় রাখতে হবে অতিরিক্ত জল যাতে না দেওয়া হয়। তাতে গাছের গোড়া পচে যাওয়ার সম্ভাবনা থাকে। গাছের গোড়া পচে গেলে অবধারিতভাবে গাছ মরে যাবেই। আপেল গাছ ফল দিতে সময় লাগে বড় জোর দুই থেকে তিন বছর। বয়সের সঙ্গে সঙ্গে গাছে ফলনের পরিমাণ বাড়ে। বাজারে চাহিদা থাকায় ভাল দামে ফল বিক্রি সম্ভব।

আপেলের মতোই জলপাইগুড়ির মাটি এবং তাপমাত্রা ড্রাগন ফ্রুট চাষের পক্ষে উপযুক্ত। বিদেশি এই ফলের বাজারে যথেষ্ট চাহিদা রয়েছে। খোলা বাজারে এমনকী শপিং মলে পাঁচশো টাকা কেজি দরে বিক্রি হচ্ছে এই ফল। ফণীমনসা গাছের মতো দেখতে হলেও ড্রাগন ফ্রুট এক ধরনের লতানো গাছ। একটু বড় হলেই এর অবলম্বন দরকার। আপেল গাছের পাশে জমিতে ড্রাগন ফ্রুট চাষ করাই যেতে পারে। যে কোনও নার্সারি পাশাপাশি সরকারি নার্সারিতে ড্রাগন ফ্রুটের চারা পাওয়া যায়। গোবর সার দিয়ে মাটি তৈরি করে চারা বুনে দিন। কিছুটা বড় হলে অবলম্বনের প্রয়োজন বুঝে মাচা তৈরি করে দিন। দুই-আড়াই বছর পর দেখবেন ঝুলে রয়েছে সুস্বাদু ড্রাগন ফ্রুট।

## যেসব খাবার ঘুমানোর আগে খাওয়া ঠিক নয়



ঘুম না আসার মতো বিরম্বনা আর হয় না। টিভি দেখা, মোবাইল ফোনে চোখ রাখার মতো বিষয়গুলো ঘুমে বিঘ্ন ঘটায়। এছাড়া কিছু খাবার রয়েছে যা রাতে শোবার আগে খেলে ঘুমাতে সমস্যা হতে পারে।
পুষ্টিবিষয়ক ওয়েবসাইটে প্রকাশিত প্রতিবেদনে ভারতের ডায়াবেটিক প্রশিক্ষক, পুষ্টিবিদ ও সুস্থতার প্রশিক্ষক অবনি কৌল রাতে ঘুমের সমস্যা করে এমন কয়েকটি খাবার সম্পর্কে জানান।
পরিশোধিত কার্বোহাইড্রেট: রাতে ঘুমানোর আগে পরিশোধিত কার্বোহাইড্রেট ধরনের খাবার খাওয়া ঠিক নয়। এতে শরীরে অস্বস্তি দেখা দেয়। রাতে ঘুমানোর আগে পনিরের পাস্তা বা এই ধরনের খাবার খেলে অস্বস্তি দেখা দেয়। রাতের পরিবর্তে দিনে জটিল গ্রহণ করা ভালো।
রসুন: মজাদার ও সুগন্ধিযুক্ত রসুন খাবারের স্বাদ বাড়ায়। তবে রাতে ঘুমানোর আগে রসুন খাওয়া ঘুমে ব্যাঘাত ঘটাতে পারে। এটা তাপ উৎপাদনকারী ভেষজ হিসেবে পরিচিত। রসুনের রাসায়নিক উপাদান রাতে বুক জ্বালাপোড়ার সৃষ্টি করতে পারে। রাতের খাবার তৈরিতে কেবল স্বাদ ও ঘ্রাণের জন্য সামান্য রসুন ব্যবহার করা উচিত।
চকলেট: রাতে 'ডার্ক চকলেট' খাওয়ার মতো আরামদায়ক আর কিছু নেই। এটা ভুল ধারণা। এতে লুকায়িত ক্যাফেইন ও চিনি ঘুমে কোনো ইতিবাচক ভূমিকা রাখে না। চকলেট মজার হলেও এটা হরমোনে ভারসাম্যহীনতা বাড়ায়। ফলে সারা রাত জাগ্রত রাখে। তাই রাতে ঘুমানোর আগে চকলেট না খাওয়াই ভালো।

## ব্রণের দাগ হালকা করার পন্থা



ব্রণের সমস্যা মতো অন্যতম সমস্যা হল ব্রণের দাগ দূর করা। ব্রণ কমানো গেলেও এর দাগ কমাতে দীর্ঘসময় পার হয়ে যায়।
রূপচর্চা-বিষয়ক একটি ওয়েবসাইটে প্রকাশিত প্রতিবেদন অবলম্বনে ব্রণের কঠিন দাগ দূর করার উপায় সম্পর্কে জানানো হল।
সানব্লক বাদ দেওয়া যাবে না: রোদের প্রভাবে ব্রণের দাগ আরও বেশি ফুটে ওঠে। তাই বাইরে যাওয়ার সময় কোনোভাবেই সানব্লকের ব্যবহার বাদ দেওয়া যাবে না। সদ্য হওয়া ব্রণের দাগ সূর্যালোকে বেশি ক্ষতিগ্রস্ত হয়। সানস্ক্রিন ছাড়া রোদে বাইরে গেলে ব্রণ সহজেই লাল থেকে বাদামি বা হালকা বাদামি রং ধারন করে।
ত্বক অনুযায়ী প্রসাধনী ব্যবহার: আলফা হাইড্রক্সি অ্যাসিড (এএইচএ), গ্লাইকোলিক অ্যাসিড, বেটা হাইড্রক্স অ্যাসিড(বিএইচএ) ও স্যালিসাইলিক অ্যাসিড সমৃদ্ধ প্রসাধনী খুঁজে বের করতে হবে। এসকল উপাদান সমৃদ্ধ ক্লিঞ্জার থেকে শুরু করে এক্সফলিয়েটর নিয়মিত ব্যবহার ত্বককে পুনুরুজ্জীবিত করে ও কড়া দাগ হালকা করে।
ভিটামিন সি: অ্যাসকরবিক অ্যাসিড, ভিটামিন সি ত্বকে খুব ভালো কাজ করে। এটা ত্বক পরিষ্কার করতে ভূমিকা রাখে। ভিটামিন সি উন্মুক্ত রেডিকেলের কারণে হওয়া ত্বকের ক্ষতি ও দাগছোপ কমাতে সহায়তা করে। ত্বক ভালো রাখতে উচ্চ ঘনত্বের সিরাম বা ঘরে নিজেই ভিটামিন সি সিরাম তৈরি করে ব্যবহার করতে পারেন।
ত্বক বিশেষজ্ঞের পরামর্শ: ত্বকের দাগ খুব বেশি গভীর হলে এবং কোনো কিছু ত্বকে ঠিক মতো কাজ না করলে চিকিৎসকের পরামর্শ নেওয়া উচিত। ত্বক ও দাগের ধরন বুঝে চিকিৎসা নেওয়া কার্যকর।

## রাতের রানি নাইট কুইন



নাইট কুইন নাম শুনে সহজেই বুঝে নেওয়া যায় রাতের আঁধার আলো করে ফোটে ফুলটি। ফুলের সৌন্দর্য-সৌরভ ও প্রস্ফুটন সব মিলে এ ফুলকে দিয়েছে রানির আসন। যার ফলে এর নামকরণও সার্থক। সন্ধ্যা থেকেই একটু একটু করে কলি হতে ফুল ফোটার প্রস্তুতি নিয়ে একে একে সবগুলো পাপড়ি ছড়িয়ে দিয়ে অপার সৌন্দর্যে রাতের নীরবতায় হাজির হয় ফুলটি। তাছাড়া নাইট কুহ্যসজ্জিত হয়ে ওঠে। তখনই বোঝা যায় নাইট কুইনের ফুল ফোটার সময় হয়েছে। ফুলটিকে সহজে প্রত্যক্ষ করা যায় না তার মূল কারণ হল ফুলটি নিজেকে আত্মপ্রকাশ ও বিকশিত করে রাতে। আবার রাত শেষ হওয়ার আগেই ঝরে যায়। অর্থাৎ ভোরের আলো ফোটার আগেই তার জীবনাবসান। তাই তো এ ফুলকে দুর্লভ ফুল বলে আখ্যা দেওয়া হয়। অনেক ধৈর্য, পরিশ্রম ও প্রতিরক্ষার পরই নাইট কুইন ফুল দেখার সৌভাগ্য হয়। তাও খুব বেশি সময়ের জন্য নয়। তাছাড়া চারা গাছ হতে ফুল ফোটতে সময় নেয় ৫ থেকে ৭ বছরেরও বেশি সময়। এর চারা তৈরি হয় পাথরকুচি গাছের মতো পাতা থেকে। পাতা নরম মাটিতে রেখে দিলে তা থেকে ধীরে ধীরে চারা গাছ গজায় এবং এ চারা গাছ বড় গাছে পরিণত হয়। গাছের পাতার রং সবুজ ও বেশ পুরু। গাছ উচ্চতায় গড়ে ৪ থেকে ৫ ফুট পর্যন্ত হয়ে থাকে। আবার পাতা থেকেই প্রস্ফুটিত হয় ফুল।

ফুটন্ত ফুলের নয়নাভিরাম রূপ-সৌন্দর্য যে কাউকে আকৃষ্ট করবে। লম্বা বোঁটায় নমনীয় কোমল অনেকগুলো পাপড়ির সমন্বয়ে সৃষ্ট নাইট কুইন ফুল। মাঝে পরাগ অবস্থিত। ফুলের রং প্রধানত সাদা। তবে সাদা রঙের ফুলে মাঝেঘিরে রঙের মিশ্রণ ও সুমিষ্ট গন্ধ সব মিলে নাইট কুইনকে দিয়েছে রাজকীয় ফুলের আসন। সর্বোপরি এসব গুণাবলির জন্যই নাইট কুইন ফুলকে বলা হয় রাতের রানি। নাইট কুইন সরাসরি মাটি ও টবে রোপণ উপযোগী ফুল গাছ। উঁচু ভূমি জল নিকাশের সুবিধাযুক্ত রৌদ্রউজ্জ্বল স্থানে নাইট কুইন ভালো জন্মে। রাতের রানি বলে খ্যাত নাইট কুইন তার সৌন্দর্য বিলিয়ে দিয়ে প্রকৃতিতে সাজিয়ে তুলুক মায়াময় রূপে সে প্রত্যাশাই রইলো।

# সিধি বাস দুর্ঘটনায় নিখোঁজ কয়েকজন, গ্রেফতার বাস চালক

ভোপাল, ১৭ ফেব্রুয়ারি (হি.স.): মধ্যপ্রদেশের সিধি জেলায় ভয়াবহ বাস দুর্ঘটনায় মৃতের সংখ্যা বেড়ে হল ৫০। এখনও নিখোঁজ রয়েছেন ৩-৪ জন, তাঁরাও হয়তো মারা গিয়েছেন বলে আশঙ্কা করা হচ্ছে। বুধবার সকালে সিধি জেলার জেলাশাসক রবীন্দ্র কুমার চৌধুরী জানিয়েছেন, বানসাগর খালে যাত্রীবোঝাই বাস পরে যাওয়ার দুর্ঘটনায় মোট ৫০ জনের দেহ উদ্ধার হয়েছে। মঙ্গলবার (১৬ ফেব্রুয়ারি) সকালে যাত্রীদের নিয়ে সিধি থেকে সাতনা অভিমুখে যাচ্ছিল বাসটি। চালক নিয়ন্ত্রণ হারানোর ফলে আচমকাই রাস্তার ধারে বানসাগর খালে পড়ে যায় বাসটি।

বুধবার সকাল পর্যন্ত ৫০টি দেহ উদ্ধার হওয়ার পর এখনও নিখোঁজ রয়েছেন ৩-৪ জন। রাজ্য বিপর্যয় মোকাবিলা বাহিনীর চারটি টিম উদ্ধারকাজ চালিয়ে যাচ্ছে। মধ্যপ্রদেশের স্বরাষ্ট্রমন্ত্রী নরোত্তম মিশ্র জানিয়েছেন, আহতদের সঙ্গে মুখ্যমন্ত্রী দেখা করবেন। এখনও পর্যন্ত ৫০টি দেহ উদ্ধার হয়েছে, ৩-৪ জন নিখোঁজ। মৃতদের পরিবারপিছু ৭ লক্ষ টাকা এবং আহতদের পরিবারপিছু ৫০ হাজার টাকা করে আর্থিক ক্ষতিপূরণ ঘোষণা করা হয়েছে।

গ্রেফতার বাস চালক

দুর্ঘটনাগ্রস্ত বাসের চালক মধ্যপ্রদেশের সাতনা থেকে গ্রেফতার করেছে পুলিশ। সাতনার পুলিশ সুপার ধরমবীর সিং যাদব জানিয়েছেন, সিধি বাস দুর্ঘটনায় দুর্ঘটনাগ্রস্ত বাসের চালক সাতনা থেকে গ্রেফতার করা হয়েছে। গ্রেফতার করার পর বাসের চালককে সিধি নিয়ে আসা হয়েছে।

## চা শ্রমিকের মৃতদেহ উদ্ধার ঘিরে চাঞ্চল্য ফাঁসিদেওয়ায়

ফাঁসিদেওয়া, ১৭ ফেব্রুয়ারি (হি. স.) : শিলিগুড়ির ফাঁসিদেওয়ায় বছর ৪০-এর এক মহিলা চা শ্রমিকের মৃতদেহ উদ্ধার ঘিরে চাঞ্চল্য ছড়িয়েছে। বুধবার জালাস নিজাম তারা গ্রাম পঞ্চায়েতের বণিকজোতের নিমতলা শ্মশানঘাট থেকে দেহটি উদ্ধার করে ফাঁসিদেওয়া থানার পুলিশ।

মৃতার পরিবার সূত্রে খবর, মঙ্গলবার সন্ধ্যায় অনুষ্ঠানে যোগ দিতে বাড়ি থেকে বের হন ওই মহিলা। রাতে আর বাড়িতে ফেরেননি তিনি। এরপর এদিন তাঁর মৃতদেহ উদ্ধার হয়। পুলিশ দেহটি উদ্ধার করে ময়নাতদন্তের জন্য উত্তরবঙ্গ মেডিকেল কলেজ ও হাসপাতালে পাঠায়। পুলিশ সূত্রে জানা গিয়েছে, মৃতদেহের গলায় দাগ মিলেছে। ওই মহিলাকে শ্বাসরোধ করে খুন করা হয়েছে বলে প্রাথমিকভাবে অনুমান করা হচ্ছে। ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ।

# নির্মল মাজির পুত্রবধূকে আরএমওশ্রী দিতে টুইটে সরব তথাগত রায়

কলকাতা, ১৭ ফেব্রুয়ারি (হি. স.) : ভোটের মুখে রাজ্যের মন্ত্রী নির্মল মাজির পুত্রবধূ একলপ্তে চিকিৎসকের দায়িত্বপূর্ণ ১৩টি চাকরি পাওয়ায় তাঁকে 'আরএমওশ্রী' দিতে টুইটে সরব হলেন ত্রিপুরা ও মেঘালয়ের প্রাক্তন রাজ্যপাল তথাগত রায়।

এ প্রসঙ্গে কৃষাণু সিংহ একটি টুইটে লিখেছেন, "একজন ক্যান্ডিডেট তেরোটা আরএমও পোস্টে একসাথে চাকরি পেল; তবু বলবেন চাকরি নেই?

ডঃ অর্পিতা বাইনকে 'আরএমওশ্রী' দিয়ে সম্মান জানানোর দাবী জানাই।ফিজিওলজি থেকে ইউরোলজি, ফিজিক্যাল মেডিসিন থেকে নেফ্রোলজি সব বিষয়ে চাকরির ইন্টারভিউ ক্র্যাক, অসাধারণ কৃতীত্ব,অসাধারণ প্রতিভা!!!" বুধবার এটিকে রিটুইট করেছেন তথাগতবাবু।

গত বছর ওয়েস্ট বেঙ্গল হেলথ রিক্রুটমেন্টের বোর্ডের তরফে মেডিক্যাল এডুকেশন সার্ভিসে নিয়োগের পরীক্ষার বিজ্ঞপ্তি জারি হয়। ৩ থেকে ১০ নভেম্বরের মধ্যে আবেদন অনলাইনে জমা দেওয়ার কথা জানানো হয়েছিল। তারপর পরীক্ষা হয়, ইন্টারভিউ হয়। রাজ্যের বিভিন্ন মেডিক্যাল কলেজে শিক্ষক (মেডিসিন, সার্জারি ইত্যাদি ক্লিনিক্যাল সাবজেক্টে আরএমও/অ্যানাটমি, ফিজিওলজি ইত্যাদি প্রি-বা-প্যারা-ক্লিনিক্যাল সাবজেক্টে ডেমোন্সট্রেটর) নিয়োগের তালিকা প্রকাশ করা হয়। তাতে দেখা যাচ্ছে ৪৭ বিভাগে মোট ৬৪৭ জন চিকিৎসককে একাধিক মেডিক্যাল কলেজে নিয়োগ করা হয়েছে। যদিও বিজ্ঞপ্তিতে শূন্যপদের সংখ্যা ছিল ৮৯১টি।

কিন্তু তালিকা প্রকাশ হওয়ার পরে দেখা যাচ্ছে, তা ভয়ানকভাবে ত্রুটিপূর্ণ, একাধিক বেনিয়ম এবং গুরুতর দুর্নীতির অভিযোগ রয়েছে। ডাঃ সুবর্ণ গোস্বামীর অভিযোগ, দীপাঞ্জন হালদার নামে একজন সবে এমডি পাশ করে মোট ছ''টি সুপারস্পেশালিটি বিভাগে নিযুক্ত হয়েছেন কোনও সুপারস্পেশালিটি ডিগ্রি (ডিএম/এমসিএইচ) ছাড়াই, অথচ অনেক ডিএম/এমসিএইচ ডিগ্রিধারী ডাক্তার ইন্টারভিউ দিয়েও প্রত্যাখ্যাত হয়েছেন। ডাঃ পারভেজ আলম ও ডাঃ তুহিন ইব্রাহিম। সদ্য এমবিবিএস পাশ করা শাসক দলের ঘনিষ্ঠ দুই হাউসস্টাফ, একাধিক বিভাগে নিযুক্ত হয়েছেন। অথচ সেই বিভাগে নিয়োগের জন্য এমডি/এমএস পাশ করা ডাক্তাররা ইন্টারভিউ দিলেও তাঁরা অকৃতকার্য!

গুরুতর দুর্নীতি ও বেনিয়মের অভিযোগ। চিকিৎসক সংগঠন এএইচএসডি'র তরফে ডাঃ মানস গুমটা নির্দিষ্টভাবে প্রশ্ন তুলেছেন, নিয়োগের বিজ্ঞাপনে একাধিক বিষয়ে আবেদন করার অধিকার থাকলেও, শেষ আবেদনটি বিবেচিত হবে ঘোষণা থাকলেও, একজন এমবিবিএস প্রার্থী কীভাবে একাধিক বিষয়ে ইন্টারভিউ দিলেন এবং একাধিক কলেজের, একাধিক বিষয়ে নিয়োগপত্র পেলেন? কীভাবে এমডি/এমএস বা ডিএম/এমসিএইচ পাশ করা প্রার্থী থাকা সত্বেও এবং ইন্টারভিউতে হাজির থাকা সত্বেও একজন এমবিবিএস প্রার্থী কোন যোগ্যতার ভিত্তিতে সিলেক্টেড হলেন? নিয়োগের ইন্টারভিউ শুরু হওয়ার আগে, সংগঠনগতভাবে আমরা স্বাস্থ্য সচিব এবং হেলথ রিক্রুটমেন্ট বোর্ডের চেয়ারম্যানকে আমাদের আশঙ্কার কথা জানিয়েছিলাম, স্বচ্ছ নিয়োগের দাবিতে ডেপুটেশনও দেওয়া হয়েছিল। অথচ নিয়োগের তালিকা বের হওয়ার পর দেখা গেল সেই আশঙ্কাই সত্যি হল।

# আদিগঙ্গায় পার্শশিক্ষকদের বিক্ষোভ নিরাপত্তা বাড়ল মুখ্যমন্ত্রীর বাড়ির আশপাশের

কলকাতা, ১৭ ফেব্রুয়ারি (হি. স.) : আদিগঙ্গায় নেমে পার্শশিক্ষকদের বিক্ষোভের জেরে নিরাপত্তা বাড়ানো হল মুখ্যমন্ত্রীর বাড়ি সংলগ্ন এলাকায়।

মঙ্গলবারের এই বিক্ষোভের জেরে বুধবার থেকে আদিগঙ্গায় নজরদারি চালাতে নামানো হয়েছে নৌকা। বিপর্যয় মোকাবিলা বিভাগের কর্মীরা একটি নৌকায় করে ২৪ ঘণ্টা আদিগঙ্গার বুকে নজরদারি চালাবে। সেইসঙ্গে আদিগঙ্গার ধারে ৭ জায়গায় পুলিশ পিকেট করা হয়েছে। এর পাশাপাশি জেলের দিক থেকে ওয়াচ টাওয়ারের মাধ্যমেও নজরদারি চলছে।

প্রসঙ্গত, শিক্ষামিত্র সমিতি অভিযোগ করেন, ২০১৪ সালের এপ্রিল মাস থেকে বন্ধ তাঁদের বেতন। বিভিন্ন সময় বিভিন্ন জায়গায় দরবার করেও কোনও কাজের কাজ হয়নি। তাই মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতেই এই পথ বেছে নিতে বাধ্য হন তাঁরা।মঙ্গলবার আদিগঙ্গায় নেমে বেনজির বিক্ষোভ দেখাতে দেখা যায় পার্শশিক্ষকদের।

বকেয়া বেতন-সহ একাধিক দাবিতে একেবারে জলে নেমে মুখ্যমন্ত্রীকে ডেপুটেশন দিতে যাওয়ার চেষ্টা করেন পার্শশিক্ষকরা। শিক্ষামিত্র সমিতির অভিনব পদ্ধতিতে এই প্রতিবাদে হকচিকয়ে যায় প্রশাসন। এই ঘটনায় উত্তেজনা ছড়ায় এলাকায়। কালীঘাটের আদিগঙ্গায় নেমে একপ্রকার সাঁতরে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের বাড়ির দিকে রওনা দেন শিক্ষামিত্রদের একাংশ। হিন্দুস্থান সমাচার/ অশোক

## রাজনীতি ছাড়ার উল্লেখ করে মুখ্যমন্ত্রীকে চিঠি অভিনেতা চিরঞ্জিতের

কলকাতা, ১৭ ফেব্রুয়ারি (হি. স.) : ভোটের মুখে রাজনীতি থেকে অব্যাহতি চাইলেন চিরঞ্জিৎ চক্রবর্তী। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে সেকথা ইতিমধ্যেই জানিয়েছেন তিনি। রাজনীতি ছাড়লেও কোনও নির্দিষ্ট দলে যোগ দেবেন না বলেই জানান তিনি। এবার রাজনীতি ছাড়লে সাধারণ মানুষের মতোই জীবন কাটাতে চান বলে জানান টলিউডের অভিনেতা।

অভিনেতা চিরঞ্জিত চট্টোপাধ্যায় সেই অর্থে কোনওদিনই রাজনীতিবিদ ছিলেন না। কিন্তু সিঙ্গুর-নন্দীগ্রাম আন্দোলনের সময় থেকেই তিনি তৃণমূলনেত্রীর সুনজরে পড়ে যান। তার সুবাদেই ২০১১ সালে তাঁকে তৃণমূলের তরফে টিকিট দেওয়া হয় বারাসত বিধানসভা কেন্দ্র থেকে। সেই ভোটে জিতেই বিধায়ক হন চিরঞ্জিত। ২০১৬ সালেও তাঁকে টিকিট দেওয়া হয় দলের তরফে। সেই ভোটেও জেতেন। কিন্তু এবারে তিনি জানিয়ে দিয়েছেন যে তিনি তৃণমূল থেকে অব্যাহতি চান। ২০১১ সালে বারাসত কেন্দ্র থেকে বিধায়ক পদের জন্য তৃণমূল কংগ্রেসের হয়ে লড়েছিলেন চিরঞ্জিৎ। জেতেনও। তারপরও একই কেন্দ্র থেকে জয় পান তৃণমূলের হয়ে। এখনও বারাসত কেন্দ্রের বিধায়ক পদে রয়েছেন চিরঞ্জিৎ। অভিনেতা এই দাবি করলেও, তৃণমূল সূত্রে জানা গিয়েছে, এবারে এমনিতেই দলের টিকিট পেতেন না তিনি। তাই সময় থাকতে থাকতেই নিজে থেকে অব্যাহতির কথা তুলে নিজের মান বাঁচাছেন অভিনেতা।

# মুর্শিদাবাদে তৃণমূলে ভাঙন, দল ছেড়ে কংগ্রেসে যোগ দিচ্ছেন মোশারফ হোসেন

বহরমপুর, ১৭ ফেব্রুয়ারি (হি. স.) : মুর্শিদাবাদে তৃণমূলে ভাঙন। দল ছেড়ে জেলা সভাধিপতি মোশারফ হোসেন কংগ্রেসে যোগ দিচ্ছেন। দল ছাড়ছেন বহরমপুর পুরসভার প্রাক্তন চেয়ারম্যান নীলরতন আঢ্য।

মঙ্গলবারই আঁচ মিলেছিল কোন পথে হাঁটতে চলেছে রাজ্যের শাসক দল। বুধবার সে পথে হাঁটা দিয়েই রাজ্য রাজনীতিতে শুভেন্দু ঘনিষ্ঠ বলে পরিচিত মোশারফ হোসেনকে দল থেকে বহিষ্কার করে দিল তৃণমূল। দলের যাবতীয় কর্মসূচি, সভা-সমিতির থেকে দূরে সরে থাকা মোশারফ কার্যত দলের নেতানেত্রীদের সঙ্গেও যোগাযোগ বিচ্ছিন্ন করে দিয়েছিলেন। হাজির হননি বহরমপুরে মমতা বন্দ্যোপাধ্যায়ের জনসভাতেও। মঙ্গলবার মুর্শিদাবাদ জেলা তৃণমূলের তরফে জানিয়ে দেওয়া হয়, এদিন বৈঠকে মোশারফ যোগ না দিলেই কড়া পদক্ষেপ নেওয়া হবে তাঁর বিরুদ্ধে। এবার সেই পথে হাঁটা দিয়েই মোশারফ হোসেনকে দল থেকে বহিষ্কার করল তৃণমূল। মোশারফকে এদিন ডেকে পাঠানো হয় মুর্শিদাবাদ জেলা তৃণমূলের কার্যালয়ে। সঙ্গে ডাকা হয়েছিল দলের জেলা কমিটির সদস্যদের ও জেলা পরিষদের সদস্যদেরও। যদিও কালই তৃণমূলের তরফে জানিয়ে দেওয়া হয় এদিনের সভায় মোশারফ না এলে তাঁর বিরুদ্ধে কড়া পদক্ষেপ নেওয়া হবে। সেই মতো এদিন তাঁকে দল থেকে বহিষ্কার করার কথা জানানো হয়। একই সঙ্গে তাঁকে জেলা পরিষদের সভাধিপতির পদ থেকেও সরিয়ে দেওয়া হয়। খুব শীঘ্রই মুর্শিদাবাদ জেলার নতুন সভাধিপতির নাম ঘোষণা করা হবে বলে তৃণমূলের তরফে জানানো হয়েছে।

মোশারফ হোসেন ছিলেন কংগ্রেসে। শুভেন্দু অধিকারী যখন মুর্শিদাবাদ জেলার পর্যবেক্ষক ছিলেন তখনই তাঁর হাত ধরে তৃণমূলে আসেন মোশারফ। শুভেন্দু ঘনিষ্ঠ হওয়ার সুবাদে ২০১৮ সালের পঞ্চায়েত নির্বাচনের পরে তিনিই হয়ে যান মুর্শিদাবাদ জেলা পরিষদের সভাধিপতি। কিন্তু শুভেন্দু অধিকারী তৃণমূল ছাড়ার উদ্যোগ নিতেই মোশারফও কৌশলে দূরতে বাড়াতে শুরু করেন তৃণমূলের জেলা তথা রাজ্য নেতৃত্বের সঙ্গে। যদিও পরে জানিয়েছিলেন তৃণমূল তিনি ছাড়ছেন না। সত্যিই তিনি তৃণমুল ছাড়েননি, কিন্তু দলের সঙ্গে যোগাযোগও রাখেননি। কিছুদিন আগেই বহরমপুরে সভা করতে গিয়েছিলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। সেই সভাতে গরহাজির ছিলেন মোশারফ। তখনই শোনা গিয়েছিল মোশারফের বিরুদ্ধে এবার পদক্ষেপ নিতে পারে তৃণমূল।

এদিন মোশারফ দলের সিদ্ধান্ত জানতে পেরে জানিয়েছেন, "ভালই হয়েছে। দলে দম বন্ধ হয়ে যাচ্ছে।" মোশারফ এদিন এটাও জানান, তিনি বাম-কংগ্রেস জোটে যোগ দিতে পারেন। সূত্রের খবর, আগামী শুক্রবার যুব কংগ্রেসের সভাতেই মোশারফ হোসেন তাঁর নয়া যাত্রা শুরু করবেন। হিন্দুস্থান সমাচার/ অশোক

# রেলের প্রকল্পের উদ্বোধনে এসে স্মৃতিমেদুরতায় ভাসলেন বাবুল সুপ্রিয়

কলকাতা, ১৭ ফেব্রুয়ারি (হি. স.) : "আজ নস্টালজিক দিন। আমি উত্তরপাড়ার ছেলে। এই স্টেশন দিয়ে আমি মা-ঠাকুমা যাতায়াত করতাম। আমি আজও পাড়ার ছেলে।'

বুধবার বালিহল্টের রেলের প্রকল্পের উদ্বোধনে এসে এভাবেই স্মৃতিমেদুরতায় ভাসলেন বাবুল সুপ্রিয়। তিনি বলেন, 'এখানে আমি বড় হয়েছি। সিনেমা দেখেছি। কচুরি খেয়েছি। এখানে জামা কাপড় বানাতাম। বাবা, মা, ঠাকুমা নিয়ে এখানে আমার যাতায়াত। এই স্টেশন, ট্রেন ধরতে আসা আমার কাছে অনেক স্মৃতি।'

৬২ টা সিঁড়ি ভেঙে তবে স্টেশনে উঠতে হয়। অফিসযাত্রীদের হৃদপিণ্ডটা যেন হাতে চলে আসে। ভোগান্তির এড়াতে রুটই বদলে ফেলেছেন মধ্যবয়স্করা। এই অবস্থায় উত্তরপাড়া-বালির মানুষকে আক্ষরিক "রিলিফ" দিলেন বাবুল সুপ্রিয়। বাবুল নিজে উত্তরপাড়ার ছেলে, তাই অনুষ্ঠান শুরুর কিছুক্ষণেই বাঁক নিল স্মৃতিমেদুরতার সরণিতে।

আজ বাবুলবাবুর হাতেই উদ্বোধন হল বালিহল্টের লিফট। লিফটটা চালু হয়ে গেলে বহু মানুষের ভোগান্তি কমবে। তিনি জানান, ২ কোটি এই প্রকল্পের জন্য অনুমোদিত হয়েছিল। যদিও খরচ হচ্ছে ৮০ লাখ।

এ দিন গোটা অনুষ্ঠানটাতেই বাবুলবাবুর সঙ্গে দেখা গেল সদ্য তৃণমূল ছেড়ে আশা বৈশালী ডালমিয়াকে। বৈশালীর কথা শোনা গেল বাবুলেরও মুখে। বললেন, আমি এখানের এম পি, এম এল এ নই। বৈশালী আগে থেকে আমাদের সাহায্য করেছে। অভিষেক মনু সিঙ্ঘভিকে আমন্ত্রণ করেছিলাম। কিন্তু উনি এখানে এলেন না। ভালো কাজে আসেন না। ভাবেন বিরোধী দল মাইলেজ পাবে।হিন্দুস্থান সমাচার/ অশোক

# আমফানের যারা চুরি করছে তাদের বিজেপিতে নেওয়া হবে না বলে হুঁশিয়ারি শুভেন্দুর

কাঁথি, ১৭ ফেব্রুয়ারি (হি. স.) : আমফানের টাকা যারা চুরি করছে, তাদের বিজেপিতে নেওয়া হবে না। বুধবার পিছাবনির সভা থেকে ফের রাজ্য ও তৃণমূল নেতাদের তোপ দাগলেন বিজেপি নেতা শুভেন্দু অধিকারী। সুর চড়িয়ে সাফ জানিয়ে বললেন, বাংলায় প্রকৃত পরিবর্তন হবেই।

বুধবার পূর্ব মেদিনীপুরের পিছাবনীতে সভা করেন শুভেন্দু অধিকারী। একাধিক ইস্যুতে রাজ্যের বিরুদ্ধে সুর চড়ান তিনি। আমফানের ত্রাণ থেকে রেশন, সমস্ত বিষয়েই সরকারের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ তোলেন তিনি। তৃণমূল নেতাদের লাগাতার দলবদল প্রসঙ্গে তিনি বলেন, "আমফানের ত্রাণ যারা চুরি করছে, তাদের কোনওভাবেই বিজেপিতে নেওয়া হবে না।" পাশাপাশি, বিজেপি বাংলার দায়িত্ব পেলে মানুষের দুঃখ, দুর্দশা ঘুচবে বলেও আশ্বাস দেন তিনি।

এদিনের সভা শেষে পিছাবনী থেকে শুরু হয় বিজেপির পরিবর্তন যাত্রা। শেষ হবে কাঁথিতে। উল্লেখ্য, একুশের নির্বাচন যতই এগিয়ে আসছে ততই দলবদলের হিড়িক পড়ছে তৃণমূলে। দলত্যাগের পরই তৃণমূলের তরফে দলের প্রাক্তন নেতাদের বিরুদ্ধে নানারকম দুর্নীতির অভিযোগ তোলা হচ্ছে। বলা হচ্ছে, দুর্নীতি ঢাকতেই বিজেপিতে গিয়েছেন নেতারা। পালটা বিজেপি প্রশ্ন তুলছে, কেন দলত্যাগের পরই নেতাদের উপর দুর্নীতির অভিযোগ তোলা হচ্ছে। এসবের মাঝে তৃণমূল নেতাদের বিজেপি যোগ প্রসঙ্গে শুভেন্দুর মন্তব্য যথেষ্ট তাৎপর্যপূর্ণ বলেই মনে করা হচ্ছে।

## "ক্ষমতায় আসলে টেট নিয়োগ নিয়ে তদন্ত কমিশন বসাবে বিজেপি": দিলীপ

কলকাতা,১৭ ফেব্রুয়ারি ( হি. স.): নির্বাচনের যতই দিন এগিয়ে আসছে ততই রাজনৈতিক তরজা বেড়েই চলেছে দলগুলির অন্দরে। এরই মাঝে বুধবার ফের তৃণমূলের বিরুদ্ধে সুর চড়ালেন রাজ্য বিজেপি সভাপতি দিলীপ ঘোষ। "ক্ষমতায় আসলে টেট নিয়োগ নিয়ে তদন্ত কমিশন বসাবে বিজেপি" মন্তব্য দিলীপ ঘোষের। এই প্রসঙ্গে দিলীপ ঘোষ জানান, "মেধাতালিকায় কোনও স্বচ্ছতা নেই। শুধু বলা হয়েছে কোয়ালিফায়েড কিনা। কোন মেধার ভিত্তিতে চাকরি পেলেন এই ১৬,৫০০ জন? সেটাই প্রশ্ন। প্রশ্নে ভুল থাকার কারণে যে মামলা চলছিল, তার রায় বের হয়নি। সম্ভবত মার্চ মাসে রায় বের হবে। কিন্তু যাঁরা মামলা করেছিলেন, তাঁদের নাম এই তালিকায় বেরিয়ে গিয়েছে। এই চাকরি দেওয়ার নাম করে তৃণমূল সরকারের কিছু নেতা-মন্ত্রীর বিরুদ্ধে গুরুতর অভিযোগ উঠছে। গোটা বাংলা জুড়ে পরীক্ষার্থীর কাছ থেকে মোটা টাকা নেওয়ার অভিযোগ উঠেছে। কোন ক্যাটেগরিতে কত নিয়োগ হচ্ছে"। হিন্দুস্থান সমাচার/ পায়েল

# মালদায় তৃণমূল কংগ্রেসে গোষ্ঠীকেঁ দল তুঙ্গে, দলের জেলা চেয়ারম্যানের সাংবাদিক বৈঠক

মালদহ, ১৭ ফেব্রুয়ারি (হি. স.) : পুলিশের সামনেই খোলাখুলি সতীর্থ কৃষ্ণেন্দু চৌধুরীকে খুনের হুমকি দেওয়ার ঘটনায় তীব্র চাঞ্চল্য ছড়িয়েছে এলাকায়। কৃষ্ণেন্দুবাবু অভিযোগ এনেছেন দলেরই বিধায়ক নীহাররঞ্জন ঘোষের বিরুদ্ধে।

বারবার বার্তা দেওয়া সত্ত্বেও লাগামছাড়া গোষ্ঠীকোন্দল। দলনেত্রীর বার্তার পরেও মালদার ইংরেজবাজারে একে অপরের বিরুদ্ধে খুনোখুনির হুমকি দিলেন শাসক দলের বিধায়কেরা। দু''দিন আগেই বিধায়ক নীহাররঞ্জন ঘোষের বাড়িতে হামলা চালানোর অভিযোগ ওঠে এলাকারই প্রাক্তন বিধায়ক তথা রাজ্যের প্রাক্তন মন্ত্রী কৃষ্ণেন্দু নারায়ন চৌধুরীর বিরুদ্ধে। আর তার জেরেই জেলা তৃণমূল কংগ্রেসের চেয়ারম্যান তথা প্রাক্তণ মন্ত্রী কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরীকে খুন করার হুমকি দিলেন বিধায়ক নীহার রঞ্জন ঘোষ। বুধবার সাংবাদিক বৈঠক করে জেলা তৃণমূল কংগ্রেসের চেয়ারম্যান কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী জানিয়েছেন তাঁকে পুলিশের সামনে খুনের হুমকি দিয়েছে বিধায়ক নীহাররঞ্জন ঘোষ। আজ কালীতলায় নিজের দলীয় কার্যালয়ে সাংবাদিক বৈঠক করে কৃষ্ণেন্দুবাবু জানান হুমকীর ভিডিও ফুটেজ দিয়ে ইংরেজবাজার থানায় অভিযোগ করা হয়েছে।

পুলিশ কর্তাদের সামনে খুনের হুমকি দেওয়ার পরও ইংরেজবাজারের বিধায়ক নীহার রঞ্জন ঘোষের বিরুদ্ধে কোনও আইনানুগ ব্যবস্থা নেয়নি প্রশাসন। এই কারণে রীতিমতো ক্ষোভ প্রকাশ করেন কৃষেন্দু নারায়ন চৌধুরী।

কৃষ্ণেন্দুবাবুর অভিযোগ নিয়ে নীহারবাবুর বক্তব্য, সমস্ত বিষয়টি দলের শীর্ষনেতৃত্বরা জানেন। দলের শীর্ষনেতৃত্বের উপর আস্থা রয়েছে। আস্থা রয়েছে পুলিশ প্রশাসনের উপর। এই জেলায় মস্তানি কে করেন তার বিচার ২০০৫সালে ও ২০১৬ সালে রায় দিয়ে প্রমাণ করে দিয়েছেন জেলার বাসিন্দারা। আমি পিতৃহারা। আমার পরিবারের সদস্যরা শোকে আচ্ছন্ন। আমার পক্ষে এমন কাজ করা সম্ভব। সব কিছুই সিসিটিভির ফুটেজে রয়েছে। পুলিশ প্রশাসনকে দেওয়া হয়েছে। আর ঘটনার তিনদিন পর সাংবাদিক বৈঠক কেন?

মালদা জেলায় তৃণমূলের গোষ্ঠী কোন্দলের ঘটনা প্রথম নয়। এর আগে জেলার আরও এক বিধায়ক সাবিত্রী মিত্রের সঙ্গে অশান্তির জেরে দলনেত্রীর ধমক খান কৃষ্ণেন্দুবাবু। যার জেরে দুই বিধায়কের মন্ত্রীত্বও কেড়ে নেন মমতা বন্দ্যোপাধ্যায়। এবার অপর আরও এক বিধায়কের সঙ্গে অশান্তিতে নাম জড়ানোয় কৃষ্ণেন্দুর উপর বেজায় চটেছে তৃণমূলের শীর্ষ নেতৃত্ব। একে ঘাড়ের উপর নিঃশ্বাস ফেলছে বিজেপি। তার মধ্যে মালদায় তৃণমূলের ফল নিয়ে চিন্তিত দলনেত্রী, এমত অবস্থায় দলের নেতাদের এহেন বাক্যালাপে আখেরে ক্ষতি হবে সংগঠনে।

# বিজেপিতে যোগ দানের আগে মুখ্যমন্ত্রীর কাছ থেকে আশীর্বাদ চাইলেন যশ

কলকাতা, ১৭ ফেব্রুয়ারি ( হি. স.) : রাজ্য জুড়ে নির্বাচন নিয়ে তরজা তুঙ্গে। এরই মাঝে সব জল্পনার অবসান ঘটিয়ে বুধবার বিজেপিতে অভিনেতা যশ। বিজেপিতে যোগ দানের আগে মুখ্যমন্ত্রী মমতা বন্দোপাধ্যায়ের কাছ থেকে আশীর্বাদ চাইলেন যশ। বহুদিন ধরেই জল্পনা শুরু হয়েছিল বিজেপিতে যোগ দেবেন অভিনেতা যশ দাশগুপ্ত। আর সেই জল্পনা উস্কে অবশেষে বিজেপিতে যোগ দিলেন অভিনেতা যশ দাশগুপ্ত।

যোগদানের পর যশ বলেন, " আমার পার্টি খারাপ আর অন্য পার্টি খারাপ তা বলার জন্য আমি আজ আসিনি। বিজেপি যুব সমাজকে কাজ করার সুযোগ দেয়। কাজ করার যদি সুযোগ না পাই, শুধু পদ নিয়ে বসে গেলাম সেই ভাবে রাজনীতি করতে চাই না। আমার মনে হয়, এই দলে আমি মন খুলে কাজ করতে পারব। শুধু অভিনেতা হিসেবে একটা মুখ হিসেবে থেকে যাব তা নয়। আমি কাজ করতে চাই। আমি মনে করতে পারি দল থেকে সেই সুযোগ পাব। আমি আজ বিজেপিতে যোগদান করলেও দিদিকে নিয়ে আমরা শ্রদ্ধা আছে। আমি ওঁনাকে এখনও ভালবাসি। আমি এখনও বলি আমি ওঁনার ভাই। বিজেপি যোগ দিয়েছি বলে ওঁনার সম্বন্ধে ভুল মন্তব্য করব তা নয়। আমি আজও সকালে ওঁনার কাছ থেকে আশীর্বাদ চেয়েছি। আমি ওঁনাকে বলব উনি যেন আমায় আশীর্বাদ করেন। প্রণাম জানাই ওঁনাকে আমার সিদ্ধান্ত হঠাৎ করে নয়। আমরা বয়স কম। আর বিজেপি যুব সমাজের উপর বিশ্বাস রাখে। তাদের সুযোগ দেয়। রাজনীতি পরিবর্তনের কথা বলে। সিস্টমের বাইরে থেকে পরিবর্তন আনা যায় না। যদি সিস্টেমকে পরিবর্তন করতে হয় তাহলে সিস্টেমের পার্ট হতে হয়"। হিন্দুস্থান সমাচার / পায়েল

# পার্শশিক্ষকদের জন্য ১০ বছর ধরে কিছু করেনি রাজ্য সরকার : শমীক

কলকাতা,১৭ ফেব্রুয়ারি( হি. স.) : নির্বাচনের যত দিন এগিয়ে আসছে ততই রাজনৈতিক দলগুলির অন্দরে বাড়ছে তরজা। এরই মাঝে ফের রাজ্য সরকারের বিরুদ্ধে সুর চড়ালেন বিজেপি নেতা শমীক ভট্টাচার্য। "পার্শশিক্ষকদের জন্য ১০ বছর ধরে কিছু করেনি রাজ্য সরকার" মন্তব্য শমীক ভট্টাচার্যর।

তৃণমূলের বিরুদ্ধে তোপ দাগিয়ে শমীক ভট্টাচার্য বলেন, "বহু ছাত্র-ছাত্রী আমাদের কাছে এসে অভিযোগ করছেন যে আনট্রেন্ডরা চাকরি পেয়েছেন কিন্তু যাঁরা ট্রেন্ড তাঁরা চাকরি পাননি। কীসের ভিত্তিতে তাঁরা এই তালিকা তৈরি করল? তার সম্পূর্ণ ফল প্রকাশ করতে হবে। বারবার আশ্বাস দিয়ে ঘটনাগুলি এড়িয়ে যাওয়া হচ্ছে। আমরা আমাদের দলের পক্ষ থেকে ১৯ ফেব্রুয়ারি বেলা ১২টায় কলকাতা বিশ্ববিদ্যালয় সংলগ্ন কলেজস্ট্রিট থেকে সমস্ত প্যারা টিচার, অস্থায়ী টিচারকে নিয়ে একটি প্রতিবাদ মিছিলের আয়োজন করা হয়েছে। এই মিছিল বেলা ১২টার সময় শুরু হবে। ধর্মতলা পর্যন্ত যাবে। এই সরকার সমাজের বিভিন্ন ক্ষেত্রে দুর্নীতিকে প্রতিষ্ঠা করেছে তাই নয়, এই সরকার শিক্ষক নিয়োগের ক্ষেত্রে দুর্নীতিকে একটা প্রাতিষ্ঠানিক রূপ দিয়েছে। পার্শশিক্ষকদের জন্য ১০ বছর ধরে কিছু করেনি রাজ্য সরকার। ১৯ ফেব্রুয়ারি পার্শশিক্ষকদের নিয়ে প্রতিবাদ মিছিল। কলেজ স্ট্রিট থেকে ধর্মতলা পর্যন্ত হবে পদযাত্রা"। হিন্দুস্থান সমাচার / পায়েল

# চা-চক্রে ভিড় হচ্ছে না, তাই লাকি ড্রয়ের টোপ দিয়ে লোক ডেকে আনা হচ্ছে : বিজেপিকে কটাক্ষ কুণালের

কলকাতা,১৭ ফেব্রুয়ারি ( হি স): নির্বাচন নিয়ে রাজ্য রাজনীতি তুঙ্গে। নির্বাচনের যত দিন এগিয়ে আসছে ততই বিজেপি তৃণমূল তরজা বাড়ছে। আর এবার বিজেপির চা চক্রকে কটাক্ষ তৃণমূলের। "চা-চক্রে ভিড় হচ্ছে না, তাই লাকি ড্রয়ের টোপ দিয়ে লোক ডেকে আনা হচ্ছে" রাজ্য বিজেপি সভাপতি দিলীপ ঘোষকে কটাক্ষ তৃণমূল সাংসদ কুণাল ঘোষের।

প্রায় প্রতিদিন সকাল বেলা চা চক্রের আয়োজন করে বিজেপি। এদিনও দিলীপ ঘোষ চা চক্রে যোগ দেয়।

আর এরপরেই দিলীপ ঘোষকে কটাক্ষ করে কুণাল ঘোষ আরও বলেন, "চা-চক্রে ভিড় হচ্ছে না, তাই লাকি ড্রয়ের টোপ দিয়ে লোক ডেকে আনা হচ্ছে। এটা সার্কাস চলছে"। উল্লেখ্য, বুধবার সকালে যোধপুর পার্কে চা চক্রে যোগ দেন বিজেপির রাজ্য সভাপতি দিলীপ ঘোষ। তার আগেই উপস্থিত শ্রোতাদের মধ্যে কুপন বিলি করা হয়। হিন্দুস্থান সমাচার/ পায়েল

# মহারাণী প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের নতুন পাকাবাড়ির দ্বারোদঘাটন

**নিজস্ব প্রতিনিধি, উদয়পুর, ১৭ ফেব্রুয়ারি।।** মাতাবাড়ি ব্লকের অন্তর্গত মহারাণীতে আজ দশ শয্যা বিশিষ্ট মহারাণী প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের নবনির্মিত পাকাবাড়ির দ্বারোদঘাটন করেন মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব। এই উপলক্ষ্যে গামারিয়া এইচ এস স্কুল প্রাঙ্গণে অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কৃষি ও কৃষক কল্যাণ, পরিবহণ ও পর্যটন দপ্তরের মন্ত্রী প্রণজিৎ সিংহ রায়, বিধায়ক বিপ্লব কুমার ঘোষ, বিধায়ক রামপদ জমাতিয়া, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের প্রধান সচিব জে কে সিনহা, গোমতী জেলার জেলাশাসক ড. টি কে দেবনাথ প্রমুখ। প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রটি নির্মাণে ব্যয় হয়েছে ১ কোটি ৪৪ লক্ষ ৩৩৫৪ টাকা।

মহারাণী প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের নবনির্মিত পাকাবাড়ির উদ্বোধন করে মুখ্যমন্ত্রী বলেন, করোনার মতো মহামারীকে জয় করে প্রধানমন্ত্রী সংসদে যে বাজেট পেশ করেছেন তা এক কথায় ঐতিহাসিক। তিনি বলেন, টায়ার শিল্পে প্রায় ১১০০ কোটি টাকা রাজ্যে বিনিয়োগ হবে। এতে বিপুল কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে। গত ১ মাসে ২ হাজার এম টি রাবার বিক্রি হয়েছে রাজ্যে। আগে যাদের বাৎসরিক টার্ন ওভার ৫০ লক্ষ টাকার নিচে ছিল তারা ক্ষুদ্র ব্যবসায়ী হিসেবে বিভিন্ন সুযোগ সুবিধা পেত। নতুন বাজেটে তা বৃদ্ধি করে ২ কোটি টাকা করা হয়েছে। তিনি বলেন, প্রধানমন্ত্রী প্রত্যেক রাজ্যের সার্বিক উন্নয়নে বহুমুখী প্রকল্প ও পরিকল্পনা গ্রহণ করেছেন। মাতাবাড়ি ব্লক এলাকায় প্রধানমন্ত্রী আবাস যোজনায় (গ্রামীণ ও শহর) প্রায় ১০ কোটি টাকা ব্যয় করে ৭০৭টি গৃহ নির্মাণ করে দেওয়া হয়েছে। ব্লক এলাকার ৩ হাজার ৭৮০টি ক'ষক পরিবারকে প্রধানমন্ত্রী কিষাণ সম্মান নিধি প্রকল্পের আওতায় আনা হয়েছে। ৫০ হাজার ভূমিহীন ক'ষককে চিহ্নিত করা হয়েছে। এর মধ্যে প্রায় ২৮ হাজার কৃষককে ব্যাঙ্ক লোনের মাধ্যমে আর্থিক সহায়তা করা হয়েছে।

# দুই মাফিয়া পুলিশের জালে

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৭ ফেব্রুয়ারি।।** নিগোসিয়েশন বাণিজ্যের সাথে জড়িত দুই সমাজদ্রোহীকে পুলিশ গ্রেপ্তার করেছে। তারা হল রঞ্জন নাগ এবং শিবু মালাকার। ক্রাইম ব্রাঞ্চের টিম বুধবার সন্ধ্যায় উষাবাজার এলাকায় অভিযান চালিয়ে তাদের গ্রেপ্তার করে। পূর্ব আগরতলা থানায় তাদের জিজ্ঞাসাবাদ করা হচ্ছে বলে পুলিশ সূত্রে জানা গিয়েছে।

# বিশালগড়ে আটক চোর

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৭ ফেব্রুয়ারি।।** বিশালগড় বালিকা বিদ্যালয় নির্মাণ কাজে যুক্ত শ্রমিকদের কাছ থেকে টাকা পয়সা এবং মোবাইল চুরি করতে এসে হাতেনাতে ধরা পড়লো এক চোর। নাটক চোরের নাম সঞ্জীব সরকার। তাকে হাতেনাতে আটক করে গণধোলাই দেয় শ্রমিকরা। তারপর খবর দেওয়া হয় বিশালগড় থানার পুলিশকে। পুলিশ এসে তাকে উদ্ধার করে থানায় নিয়ে যায়। তার বিরুদ্ধে বিশালগড় থানায় একটি মামলা হয়েছে। পুলিশ জানিয়েছে এর আগেও সে ধরনের চুরির ঘটনায় যুক্ত হয়েছে। তাকে জিজ্ঞাসাবাদ শুরু করেছে পুলিশ।

# ধর্ষণের অভিযোগে ধৃত যুবক

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৭ ফেব্রুয়ারি।।** খোয়াই থানার পুলিশ ধর্ষণের দায়ে এক যুবককে আটক করেছে। আটক যুবকের নাম কর্ণ দাস। জানা যায় এক যুবতীর সঙ্গে প্রেমের সম্পর্ক গড়ে উঠেছিল এই যুবকের। যুবতীকে বিয়ে করার প্রতিশ্রুতি দিয়ে শারীরিক সম্পর্ক গড়ে তোলে সে। যুবতীটি সামাজিক স্বীকৃতি দাবি জানালে সে সম্পর্ক অস্বীকার করে। তখন বাধ্য হয়ে থানায় যুবকের বিরুদ্ধে সুনির্দিষ্ট অভিযোগ দায়ের করা হয়। পুলিশ অভিযোগ অনুযায়ী কর্ণ দাস নামে ওই যুবককে গ্রেফর করেছে। তার বিরুদ্ধে নির্দিষ্ট থানায় মামলা গ্রহণ করে তাকে আদালতে সোপর্দ করা হয়েছে।

**বিজ্ঞাপন সম্পর্কিত সতর্কীকরণ**

জাগরণ পত্রিকায় নানা ধরনের বিজ্ঞাপন দেওয়া হয়ে থাকে। এ সম্পর্কে পাঠকদেরকে অনুরোধ তারা যেন খোঁজখবর নিয়েই বিজ্ঞাপনদাতাদের সঙ্গে যোগাযোগ করেন। বিজ্ঞাপনদাতাদের কোন দাবি, বক্তব্য সম্পর্কে জাগরণ এর কোন দায়িত্ব নেই।

**বিজ্ঞাপন বিভাগ**
**জাগরণ**

## জরুরী পরিষেবা



হাসপাতাল : জিবি : ২৩৫-৫৮৮৮ আইজিএম : ২৩২-৫৬০৬, টি এম সি : ২৩৭ ০৫০৪ চক্ষুব্যাঙ্ক : ৯৪৩৬৪৬২৮০০। অ্যাম্বুলেন্স : একতা সংস্থা : ৯৭৭৪৯৯৮৯৯৬ ব্লু লোটাস ক্লাব : ৯৪৩৬৫৬৮২৫৬, শিবনগর মডার্ণ ক্লাব : ও আমরা তরুণ দল : ২৫১-৯৯০০, সেন্ট্রাল রোড দাতব্য চিকিৎসালয় : ৭৬৪২৮৪৪৬৫৬ রিলিভার্স : ৯৮৬২৭৬৭৪২৮ কর্ণেল চৌমুহনী যুব সংস্থা : ৯৮৬২৫৭০১১৬/ সংহতি ক্লাব : ৮৭৯৪১ ৬ ৮২৮১, অনীক ক্লাব : ৯৪৩৬৪৮৭৪৮৩, ৯৪৩৬৪৬৪৬০১, রামকৃষ্ণ ক্লাব : ৮৭৯৪১৬৮৮১ শতদল সংঘ : ৯৮৬২৯৩৯৭৮০, প্রগতি সংঘ (পূর্ব আড়ালিয়া) : ৯৭৭৪১১৬৬২৪, রেডক্রস সোসাইটি : ২৩১-৯৬৭৮, টিআরটিসি : ২৩২৫৬৮৫, এগিয়ে চলো সংঘ : ৯৪৩৬১২১৪৮৮, লালবাহাদুর দাতব্য চিকিৎসালয় : ৯৪৩৬৫০৮৬৩৯, ৯৪৩৬১২১৪৮৮, মানব ফাউন্ডেশন: ২৩২৬১০০। চাইল্ড লাইন : ১০৯৮ (টোলফ্রি : ২৪ ঘন্টা)। ব্লাড ব্যাঙ্ক : জিবি : ২৩৫-৬২৮৮ (পি বি এক্স), আইজিএম: ২৩২-৫৭৩৬, আই এল এস : ২৪১৫০০০/৮৯৭৪০৫০৩০০ কসমোপলিটন ক্লাব : ৯৮৫৬০ ৩৩৭৭৬, শববাহী যান : নব অঙ্গীকার ৮৭৯৪৫১৪৩১১, সেন্ট্রাল রোড যুব সংস্থা : ৭৬৪২৮৪৪৬৫৬ বটতলা নাগেরজলা স্ট্যান্ড ডেভেলাপমেন্ট সোসাইটি : ০৩৮১-২৩৭-১২৩৪, ৮৯৭৪৮৬০৩৩৫, ৯৮৬২৭০২৮২৩, সমাজ কল্যাণ ক্লাব : ৯৭৭৪৬৭০২৪২, সংযোগ সংঘ : ৯৪৩৬১৬৯৫২১, ৯৮৫৬৮৬৭১২০, ব্লু লোটাস ক্লাব : ৯৪৩৬৫৬৮২৫৬, ত্রিপুরা ট্রাক ওনার্স সিন্ডিকেট : ২৩৮-৫৮৫২, ত্রিপুরা ট্রাক অপারেটর্স অ্যাসোসিয়েশন : ২৩৮-৬৪২৬, রিলিভার্স : ৮৮৩৭০৫৯৫৯৮, কুঞ্জবন স্পোর্টিং ইউনিয়ন : ৮৯৭৪৫৮১৮১০, ত্রিপুরা ন্যায্যমূল্যের দোকান পরিচালক সমিতি : ২৩৮১৭১৮, ৯৪৩৬৪৬৯৬৪৪, সূর্য তোরণ ক্লাব (দুর্গা চৌমুহনী) : ৮৭২৯৯১১২৩৬, আগন্তুক ক্লাব : ৭০০৫৪৬০০৩৫/ ৯৪৩৬৫৯১৮৯১, ত্রিপুরা নির্মাণ শ্রমিক ইউনিয়ন : ৮২৫৬৯৯৭ ফায়ার সার্ভিস : প্রধান স্টেশন : ১০১/২৩২-৫৬৩০, বাধারঘাট : ১০১/২৩৭-৪৩৩৩, কুঞ্জবন : ২৩৫-৩১০১, মহারাজগঞ্জ বাজার : ২৩৮ ৩১০১ পুলিশ : পশ্চিম থানা : ২৩২-৫৭৬৫, পূর্ব থানা : ২৩২-৫৭৭৪, আমতলী থানা : ২৩৭-০৩৫৮, এয়ারপোর্ট থানা : ২৩৪-২২৫৮, সিটি কন্ট্রোল : ২৩২-৫৭৮৪, বিদ্যুৎ : বনমালীপুর : ২৩২-৬৬৪০, ২৩০-৬২১৩। দুর্গা চৌমুহনী : ২৩২-০৭৩০, জিবি : ২৩৫-৬৪৪৮। বড়দোয়ালী : ২৩৭০২৩৩, ২৩৭১৪৬৪ আইজিএম : ২৩২-৬৪০৫। বিমানবন্দর এয়ার ইন্ডিয়া : ২৩৪১৯০২, ২৩৪-২০২০, এয়ার ইন্ডিয়া টোল ফ্রি নম্বর : ১৮৬০-২৩৩-১৪০৭, ১৮০০-১৮০-১৪০৭, ইন্ডিগো : ২৩৪-১২৬৩, স্পাইস জেট : ২৩৪-১৭৭৮, রেল সার্ভিস : রিজার্ভেশন : ২৩২-৫৫৩৩ আন্তর্জাতিক বাস সার্ভিস : টি আর টি সি বিল্ডিং : ২৩২-৫৬৮৫। আগরতলা রেলস্টেশন : ০৩৮১-২৩৭৪৫১৫।

# তেলিয়ামুড়ায় শ্রীপঞ্চমী মেলা

**নিজস্ব প্রতিনিধি, তেলিয়ামুড়া, ১৭ ফেব্রুয়ারি।।** তেলিয়ামুড়া পৌর পরিষদের উদ্যোগে ঐতিহ্যবাহী শ্রী পঞ্চমী মেলা ২০২১ ইং দ্বিতীয় বর্ষপূর্তি অনুষ্ঠান অনুষ্ঠিত হয় চিত্রাঙ্গদা কলা কেন্দ্র অর্থাৎ টাউনহলের মাঠ প্রাঙ্গনে বুধবার সন্ধ্যা নাগাদ। উক্ত ঐতিহ্যবাহী আনন্দঘন শ্রী পঞ্চমী মেলার প্রদীপ প্রজ্জ্বলন এবং শান্তির দূত হিসাবে দুটি পায়রা আকাশ পানে উড়িয়ে দিয়ে শুভ সূচনা করেন রাজ্য বিধানসভার মুখ্য সচেতক তথা ২৮ তেলিয়ামুড়া বিধানসভা কেন্দ্রের বিধায়িকা কল্যাণী রায়। এছাড়াও এই ঐতিহ্যবাহী শ্রী পঞ্চমী মেলায় উপস্থিত ছিলেন ২৭ কল্যাণপুর বিধানসভা কেন্দ্রের বিধায়ক পিনাকী দাস চৌধুরী, তেলিয়ামুড়া পৌর পরিষদের প্রাক্তন পৌর পিতা নীতিন কুমার সাহা, পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান যমুনা দাস, তেলিয়ামুড়া মহকুমা শাসক ভাস্বর ভট্টাচার্য, তেলিয়ামুড়া মহকুমা পুলিশ আধিকারিক সোনা চরণ জামাতিয়া, তেলিয়ামুড়া আরডি ব্লকের ভিডিও শান্তনু বিকাশ দাস সহ অন্যান্যরা।

# বনের কুঞ্জে আগুন

**নিজস্ব প্রতিনিধি, তেলিয়ামুড়া, ১৭ ফেব্রুয়ারি।।** যেটা দিয়ে সংসারের উপার্জন সেই ধানের খড় তথা কৃষকদের চলিত ভাষায় গরুর খাবারের জন্য বনের কুঞ্জিতে আগুন জ্বালানো দুস্কৃতিকারীরা।অল্পেতে রক্ষা পেল গোটা এলাকা।ঘটনা তেলিয়ামুড়া থানাধীন তেলিয়ামুড়া কৃষি মহাকুমা সংলগ্ন ব্রহ্মছড়া এলাকায় রাত আনুমানিক দশটা নাগাদ। সংবাদ সূত্রে জানা যায় এই পরিবারটি কৃষি কাজের পাশাপাশি গরু রক্ষণা বেক্ষণ সহ গরুর দুধ বিক্রি করে সংসার চালাতে হয়।আর সেই গরুর জন্য ধানের খড় তথা বনের কুঞ্জি বানিয়ে পালিত গরুর আহার জুটিয়ে থাকে।বুধবার প্রতিদিন মত বনের কুঞ্জি থাকে গৃহপালিত গরু জন্য ধানের খড় নিয়ে গিয়ে বাড়িতে পড়েন গৃহস্ত।হঠাৎ করে খবর আসে তার বনের কুঞ্জিতে নাশকতামূলক আগুন জলছে। খবর দেওয়া হয় তেলিয়ামুড়া দমকল কর্মীদের।দমকলকর্মীরা ঘটনাস্থলে এসে বনের কুঞ্জি না বাঁচাতে পারলেও গোটা এলাকা তে রক্ষা করতে পেরেছে।এদিকে জানা যায় আগুনের ক্ষয়ক্ষতির পরিমাণ প্রায় ২৫০০০ টাকা।পুলিশি তদন্ত ক্রমে আসল রহস্য উদঘাটন হবে।

# রাস্তার কাজ পরিদর্শন বগাফা পঞ্চায়েত সমিতির চেয়ারম্যানের

**নিজস্ব প্রতিনিধি, শান্তিরবাজার, ১৭ ফেব্রুয়ারি।।** বেতাগা পঞ্চায়েতে নবনির্মিত ব্রীকস সলিং রোড পরিদর্শনে যান বগাফা ব্লকের পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান। রাজ্যে বিজেপি সরকার গঠনের পরথেকে বিগত দিনে পিছিয়ে থাকা এলাকাগুলির মধ্যে বিভিন্ন উন্নয়নমূলক কাজ শুরু হয়েছে। এরইমধ্যে শান্তির বাজার মহকুমার অন্তর্গত বেতাগা পঞ্চায়েতের অধীনে ১০ লক্ষ ৪৭ হাজার ৭৪৯ টাকা ব্যায় করে মোট ৭৬০ মিটারের ৬ টি ব্রীকসসলিং রোড নির্মান করাহয়েছে। বেতাগা পঞ্চায়েতের অধীনে ৬ টি গ্রামের মধ্যে নতুনকরে এই রাস্তা নির্মানকরাহয়েছে। এই সকল এলাকার লোকজনদের সঙ্গে কথাবলে জানাযায় বিগত বাম আমলে এলাকার লোকজনদের রাস্তার জন্য যাতায়তের বিশেষ সমস্যার সম্মুখিনহতে হতো। বিগত বাম আমলে জন প্রতিনিধিদের জানিয়েও কাজের কাজ কিছুই হয়নি বলে অভিযোগ এলাকাবাসীর। বর্তমানে রাজ্যে বিজেপি সরকার প্রতিষ্ঠার পর এই এলাকার লোকজনদের সুবিধার্থে নতুন করে নির্মানকরাহলো ব্রীকসসলিং রোড। এতে করে এলাকাবাসী খোবইখুশি। উনারা এই উন্নয়নমুখী কর্মসূচীর জন্য রাজ্য সরকারকে অসংখ্য ধন্যবাদ জানিয়েছেন। রাজ্য সরকারের এই উন্নয়নমুখী প্রকল্পগুলি আজ পরিদর্শনে যান বগাফা ব্লকের পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান শ্রীদাম দাস। আজকের পরিদর্শনে পঞ্চায়েত সমিতির চেয়ারম্যানের পাশাপাশি উপস্থিত ছিলেন বেতাগা পঞ্চায়েতের প্রধান মায়া ভৌমিক, পঞ্চায়েতের সেক্রেটারী সহ অন্যান্যরা। আজকের এই পরিদর্শনে বেতাগার লোকজন পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান শ্রীদাম দাস কে কাছে পেয়ে খোবই আনন্দিত। সকলে সংবাদমাধ্যমের সামনে রাজ্যসরকারের উন্নয়ন মূলক কর্মসূচীর কথা তুলে ধরেন তার পাশাপাশি বিগত বাম আমলের করুন চিত্র তুলেধরেন এলাকাবাসী।

## ঘেরাও

● প্রথম পাতার পর

দিচ্ছে। যাদের রক্ষকের দায়িত্ব পালন করা তারাই ভক্ষকের ভূমিকায় অবতীর্ণ হতে চাইছে।এ ধরনের কার্যকলাপ সীমান্ত এলাকায় বসবাসকারী পরিবারের লোক আমরা কোনোভাবেই মেনে নিতে পারছেন না। বিএসএফের জওয়ানদের এ ধরনের কার্যকলাপ এর প্রতিবাদ জানিয়ে হরিহর দোলা গ্রামের লোকজনরা বুধবার মধুপুর থানায় গিয়ে প্রতিবাদ বিক্ষোভ প্রদর্শন করেন এবং অভিযুক্তদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জোরালো দাবি জানিয়েছেন। অবিলম্বে বিএসএফের জওয়ানদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া না হলে তারা বৃহত্তর আন্দোলনে সামিল হবেন বলেও হুঁশিয়ারি দিয়েছেন। পুলিশ বিষয়টি খতিয়ে দেখে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে বলে আশ্বস্ত করা হয়েছে।

## মুখ্যমন্ত্রীর

● প্রথম পাতার পর

সুযোগ সুবিধা পেতে পারেন সেই জন্য দপ্তরকে সচেষ্ট হতে পরামর্শ দেন। তিনি বলেন, ধলাই জেলার গণ্ডাছড়া, লংতরাইভ্যালি এবং করবুক মহকুমার ২৬টি রেভেনিউ মৌজায় সমীক্ষার কাজ নির্দিষ্ট সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। বর্তমানে রাজ্যে ব্রু শরনার্থীদের পুর্নবাসনের বিষয়টি দ্রত কার্যকর করার বিষয়ে দপ্তরকে আরও সচেষ্ট হতে তিনি পরামর্শ দেন। এক্ষেত্রে দপ্তরের আধিকারিকদের যাবতীয় ব্যবস্থা নিতে বলেন মুখ্যমন্ত্রী। তিনি বলেন, ভূমি রাজস্ব সংগ্রহ প্রক্রিয়া অনলাইনের আওতায় আনতে হবে, যাতে মানুষ জমি সংক্রান্ত বিষয়ে হয়রানির শিকার না হন।

পর্যালোচনা সভায় রাজস্ব দপ্তরের সচিব তনুশ্রী দেববর্মা দপ্তরের বিভিন্ন কর্মসূচিসমূহ এবং আগামীদিনের কর্মপরিকল্পনা সম্পর্কে আলোচনা করেন। তিনি জানান, রাজ্যে বনাধিকার আইনে পাট্টা প্রাপ্ত জমির ডাটা এন্ট্রির কাজ ২০২০ সালের সেপ্টেম্বর মাস থেকে শুরু হয়। রাজ্যের ৮ জেলাতেই এর কাজ শুরু হয়েছে। রাজ্যে বনাধিকার আইনে পা-া প্রাপক মোট ১,৩০,৯০৩ জন সুবিধাভোগীর মধ্যে এখন পর্যন্ত ৭৯,৬৯০ জনের জমির রেকর্ড ইতিমধ্যে ডাটা এন্ট্রির মাধ্যমে আপডেট করা হয়েছে এবং বাকিগুলির কাজ চলছে। তিনি বলেন, অবৈধভাবে দখল করা সরকারি জমি পুনরুদ্ধারের প্রক্রিয়া জারি রয়েছে।

সভায় রাজস্ব দপ্তরের সচিব আরও জানান ১৪৫ জন বেকার যুবকদের প্রশিক্ষণ দেওয়া হয়েছে যাদের বনাধিকার আইনে পাট্টা প্রাপক জমির সার্ভে সহ মানচিত্র আপডেটিং এর কাজ করবে। তহশীল অফিসগুলিতে কম্পিউটার সহ ইন্টারনেট সংযোগ সুনিশ্চিত করতে প্রয়োজনীয় উদ্যোগ নেওয়া হয়েছে। তিনি আরও জানান, রাজ্যে সমস্ত জেলায় বি এ ডি পি'র বার্ষিক কর্মপরিকল্পনা তৈরি করা হয়েছে। কর্মপরিকল্পনাগুলি বি এ ডি পি অনলাইন ম্যানেজমেন্ট সিস্টেমে আপলোড করা হয়েছে। রাজ্যের নাগরিকদের নিশ্চিত পরিষেবা প্রদানের লক্ষ্যে ত্রিপুরা গ্যারান্টিড সার্ভিস টু সিটিজেনস অ্যাক্ট, ২০২০ তৈরি করা হয়েছে। এখন পর্যন্ত ৯৭টি পরিষেবা এই অ্যাক্টের আওতায় আনা হয়েছে। চা-পর্যটন শিল্পের প্রসারে ত্রিপুরা ল্যাণ্ড রেভেনিউ এণ্ড ল্যাণ্ড রিফর্মস অ্যাক্ট ২০২০ সংশোধন করা হয়েছে। তিনি জানান, ২০১৮-১৯ থেকে ২০২০-২১ অর্থবর্ষে এখন পর্যন্ত ১৮৯টি দপ্তর/এন জি ও এবং ৩১০ জন ব্যক্তির মধ্যে জমি বরাদ্দ করা হয়েছে। রাজস্ব দপ্তরের সচিব জানান, প্রাক'তিক বিপর্যয় ব্যবস্থাপনার প্রস্তুতি হিসাবে ৪০টি মোটর চালিত বোট এবং ৯টি লাইফ ডিটেক্টর কেনা হয়েছে। সিপাহীজলা জেলায় 'আপদা মিত্র' প্রকল্প সফলভাবে রূপায়িত হয়েছে। এন ডি এম-এর ৩টি কেন্দ্রীয় সহায়ক প্রকল্প রাজ্যে রূপায়িত হচ্ছে। তিনি জানান, রেভিনিউ কোর্ট কেইস মনিটরিং সিস্টেম নামে একটি পোর্টাল তৈরি করেছে রাজস্ব দপ্তর, যেখানে জনসাধারণ সরাসরি বিভিন্ন রেভিনিউ কোর্ট কেইসের আবেদন করতে পারবেন। তাছাড়া দপ্তরের নতুন উদ্যোগ এবং প্রস্তাবিত কর্ম-পরিকল্পনা সম্পর্কে ও সভায় আলোচনা করেন রাজস্ব দপ্তরের সচিব।

পর্যালোচনা সভায় রাজস্ব দপ্তরের মন্ত্রী নরেন্দ্র চন্দ্র দেববর্মা, মুখ্যসচিব মনোজ কুমার, অর্থ দপ্তরের প্রধান সচিব জে কে সিনহা, পরিকল্পনা ও সমন্বয় দপ্তরের সচিব অপূর্ব রায় সহ রাজস্ব দপ্তরের উচ্চপদস্থ আধিকারিকগণ উপস্থিত থেকে আলোচনায় অংশ নেন।

# মন্ত্রী হিমন্তবিশ্ব এবং তাঁর কন্যাকে জড়িয়ে আপত্তিকর খবর প্রকাশের দায়ে গ্রেফতার পোর্টালের সম্পাদক সহ পাঁচ

**গুয়াহাটি, ১৭ ফেব্রুয়ারি (হি.স.) :** অসমের অর্থ, স্বাস্থ্য, শিক্ষা, পূর্ত প্রভৃতি দফতরের মন্ত্রী তথা নর্থ-ইস্ট ডেমোক্র্যাটিক অ্যালায়েন্স (নেডা)-এর আহ্বায়ক ড় হিমন্তবিশ্ব শর্মা এবং তাঁর নাবালিকা মেয়েকে জড়িয়ে আপত্তিজনক বিকৃত ফটো সংবলিত ভুয়ো খবর প্রকাশের দায়ে 'প্রতিবিম্ব লাইভ' নামের এক পোর্টালের প্রধান সম্পাদক, বার্তা সম্পাদক এবং অন্য তিনজনকে গ্রেফতার করেছে পুলিশ। এদিকে, এ ধরনের বিকৃত ষড়যন্ত্রের জন্য তাঁকে লক্ষ্য করায় বিস্মিত মন্ত্রী ড় শর্মা। রাজ্য পুলিশের অতিরিক্ত মহানির্দেশক (আইন-শৃঙ্খলা) জিপি সিং বলেছেন, ধৃতদের বিরুদ্ধে কঠোর পদক্ষেপ গ্রহণ করা হবে।

বিকৃত ফটো সংবলিত খবর সামাজিক মাধ্যমে ভাইরাল হলে ব্যাপক প্রতিক্রিয়ার সৃষ্টি হয় রাজ্যে। ইত্যবসরে দিশপুর থানায় এই ফটো এবং খবর প্রকাশের দায়ে 'প্রতিবিম্ব লাইভ'-এর প্রধান সম্পাদক তফিকউদ্দিন আহমেদ, বার্তা সম্পাদক আসিফ ইকবাল এবং অন্য দুই অভিযুক্ত পৃথক পোর্টালের যথাক্রমে 'বডোল্যান্ড ডিজিটাল'-এর পুলি মুশাহারি ও 'স্পটলাইট অসম'-এর নাং নয়নমণি গগৈ সহ পাঁচজনের বিরুদ্ধে এফআইআর দায়ের করেছিলেন মন্ত্রীর পত্নী এবং জনৈক ব্যক্তি। এফআইআর-এর গুরুত্ব উপলব্ধি করে দিশপুর থানা কর্তৃপক্ষ ভারতীয় ফৌজদারি দণ্ডবিধির ৫০৯, ১৪, ২১ এবং আইটি আইনের ধারায় ৬১২/২১ নম্বরে মামলা রুজু করে।

ওই মামলার জেরে আজ এই পাঁচজনকে পুলিশ গ্রেফতার করেছে। উল্লেখ্য এর আগেও 'প্রতিবিম্ব লাইভ'-এর প্রধান সম্পাদকের বিরুদ্ধে একটি মামলা রুজু হয়েছিল। এ ধরনের বিতর্কিত খবর প্রকাশের দায়ে তফিকুদ্দিন আহমেদকে সেবার গ্রেফতারের হাত থেকে রক্ষা পেতে জামিন নিতে হয়েছিল।

এ সম্পর্কে রাজ্যের এডিজিপি জিপি সিং বলেছেন, ঘটনার পরিপ্রেক্ষিতে মহিলাকে অপমান করার জন্য ভারতীয় ফৌজদারি দণ্ডবিধির ৫০৯ এবং নাবালিকাকে হেনস্তার মুখে ফেলার দায়ে 'দ্য প্রটেকশন অব চিল্ড্রেন ফ্রম সেক্সুয়াল অফেনসেস অ্যাক্ট (পোকসো) আইনের ১৪-২১ ধারায় মামলা দায়ের করা হয়েছে। এডজিপি বলেন, "অসম সরকারের একজন মাননীয় মন্ত্রীর বিষয়ে আপত্তিকর সংবাদ নিবন্ধ এবং পারিবারিক সম্পর্কে ফাটল ধরানোর চেষ্টা করা হয়েছে।"

শীর্ষ পুলিশ অফিসার আরও বলেন, "বহু মানুষ পরামর্শ দিচ্ছেন, যেহেতু বদ অভিপ্রায়ে এমন ছবি পোস্ট করা হয়েছে, তাই এর বিরুদ্ধে কড়া পদক্ষেপ নেওয়া হোক। সব দিক বিবেচনা করে এ ঘটনাকে পোকসো আইনের বিধানে নেওয়া হয়েছে। অসম পুলিশ পোকসো আইনের কঠোর বিধানের অধীনে এ ধরনের অসৎ প্রয়াসের বিরুদ্ধে কঠোর পদক্ষেপ নেবে।" তিনি আরও যোগ করেন, 'সামাজিক যোগাযোগ মাধ্যমের প্ল্যাটফর্মগুলির যে বা যারা এ ধরনের ষড়যন্ত্রকে প্রশ্রয় দিয়ে সামাজিক মাধ্যমকে ব্যবহার করছেন, তাদের বাসস্থান নির্বিশেষে সকল ব্যক্তির বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে।'

এই সকল সাংবাদিকদের গ্রেফতার প্রসঙ্গে মন্ত্রী হিমন্তবিশ্ব শর্মার প্রতিক্রিয়া জানতে চাইলে হিন্দুস্থান সমাচার-কে তিনি বলেন, "এ ধরনের বিকৃত ষড়যন্ত্রের জন্য আমাকে টার্গেট করায় আমি বিস্মিত। আমাকে সুনামকে কলঙ্কিত করতে এক শ্রেণির মানুষের ষড়যন্ত্র এত নিচু হতে পারে তা কল্পনারও অতীত। তাছাড়া তারা এখন আমার নাবালিকা মেয়ের সাথে আমার একটি ছবি দেখানোর কুৎসিত রুচি প্রকাশ করায় আমি হতভম্ব। আমার স্ত্রী এ সম্পর্কে পুলিশে এফআইআর দায়ের করেছিলেন।

এদিকে যে সব ঘটনাবলিকে খবর করতে হয়, তা না করে বিকৃত সংবাদ পরিবেশনের এক প্রবণতা সম্প্রতিককালে বেড়ে যাওয়ায় উদ্বেগ প্রকাশ করেছেন রাজ্যের বহু প্রথিতযশা সাংবাদিক। সাম্প্রতিককালে খবরের নামে কতিপয় তথাকথিত সাংবাদিক বিভিন্ন সামাজিক মাধ্যমে ছড়ানো কল্পিত গল্পের নমুনা দেখে সৃষ্টি হয়েছে ব্যাপক প্রতিক্রিয়া। এছাড়া অসম মন্ত্রিসভার একজন গুরুত্বপূর্ণ মন্ত্রী এবং তাঁর নাবালিকা মেয়েকে জড়িয়ে ফটো প্রকাশের জন্য পুলিশকে উপযুক্ত কড়া পদক্ষেপ নিতে আহ্বান জানিয়েছেন শিশু অধিকার কর্মী মিগুয়েল দাস।

## শিক্ষামন্ত্রী

● প্রথম পাতার পর

শিক্ষকে। তাঁরা আবারও চাইছেন, বেআইনিভাবে নিয়োগ নীতির তোয়াক্কা না করে তাঁদের চাকরি দেওয়া হোক। ত্রিপুরা সরকার সেই ব্যবস্থা করুক। অবশ্য তাতে বিরোধী দল সিপিএম প্রত্যক্ষভাবে তাদের রাজনৈতিক স্বার্থে মদত দিচ্ছে। ফলে তাঁরা লাগাতার আন্দোলন চালিয়ে যাচ্ছেন।

ত্রিপুরা সরকার তাঁদের কাছে বার বার আবেদন জানিয়েছে, শূন্যপদে নিয়োগের সুযোগ গ্রহণ করুন। ওই আবেদনে সাড়া দিতে তাঁরা অনেকটা সময় নিয়েছেন। আজ শিক্ষামন্ত্রী জানিয়েছেন, ওই শূন্যপদগুলিতে এখন পর্যন্ত ১ লক্ষ ২১ হাজার ২৫৫ জন আবেদন করেছেন। তাঁদের প্রায় ৭, ২৪১ জন হলেন চাকরিচ্যুত শিক্ষক-শিক্ষিকা। তিনি জানান, বয়সোত্তীর্ণ ৫,২৪১ জন এবং অন্য চাকরিচ্যুত শিক্ষক হলেন প্রায় ২,০০০ জন। তাঁর কথায়, চাকরিচ্যুত শিক্ষকদের সংখ্যা সাকুল্যে ৮,৮৮২ জন। বাকি ১, ৬৪১ জনও ওই চাকরির জন্য আবেদন জমা দেবেন বলে তিনি আশা প্রকাশ করেন। তাঁর দৃঢ় বিশ্বাস, চাকরিচ্যুত শিক্ষকরা ওই নিয়োগ প্রক্রিয়ায় সহজেই উত্তীর্ণ হবেন। কারণ, তাঁদের পূর্ব অভিজ্ঞতা রয়েছে।

সাথে তিনি যোগ করেন, চাকরিচ্যুত শিক্ষক-শিক্ষিকা স্বনির্ভর হতে চাইলে দরাজ হস্তে সহায়তা করবে ত্রিপুরা সরকার। প্রকল্প জমা দিতে ঋণের ব্যবস্থাও হবে।

জয়েন্ট রিক্রুটমেন্ট বোর্ড অফ ত্রিপুরার মেম্বার সেক্রেটারী এক বি'প্তিতে জানিয়েছেন যে, ২৭ নভেম্বর ২০২০ তারিখের বিজ্ঞাপন নং ০১/২০২০ অনুযায়ী ১৫০০ টি লোয়ার ডিভিশন ক্লার্ক পদের (গ্রপ সি নন গ্যাজেটেড) জন্য যে বি'প্তি প্রকাশ করা হয়েছিল তার সঙ্গে আরও ৯১০টি গ্রপ সি নন গ্যাজেটেড পদ যেমন, এগ্রিকালচার এসিষ্ট্যান্ট (Except TAFS Grade-III) ২২টি, এগ্রিকালচার এসিষ্ট্যান্ট (TAFS Grade-III)- ৪৪৩টি, জনিয়র অপারেটর (পাম্প)-২৩৬টি, জনিয়র মাল্টি টাস্কিং অপারেটর (আনকমন)-২০৯টি পদ যুক্ত করে মোট ২৪১০ টি গ্রপ সি নন গ্যাজেটেড পদের জন্য ইচ্ছুক প্রার্থীদের কাছ থেকে কমন অনলাইনে আবেদনপত্র আহ্বান করা হয়েছে এবং আবেদনপত্র জমা দেওয়ার শেষদিন ১২ মার্চ, ২০২১ তারিখ পর্যন্ত বাড়ানো হয়েছে। আবেদনপত্র জমা করতে হবে https://www.jrbtripura.com/ এই ওয়েবসাইটে। এই ওয়েবসাইটের লিঙ্ক www.employment.tripura.gov.in এই ওয়েবসাইটেও পাওয়া যাবে। যে সকল প্রার্থী ইতিমধ্যে লোয়ার ডিভিশন ক্লার্ক পদের জন্য আবেদন করেছেন তাদের আর নতুন করে আবেদন করতে হবে না এবং ২৪১০টি পদের জন্যই তাদের প্রার্থীপদ শিক্ষাগত যোগ্যতা ইত্যাদি অনুযায়ী বিবেচিত হবে।

তাছাড়া ৩ ডিসেম্বর, ২০২০ তারিখের বিজ্ঞাপন নং ০২/২০২০ অনুযায়ী ২৫০০টি মাল্টি ট্যাস্কিং ষ্টাফ গ্রপ ডি (নন-টেকনিক্যাল) পদে ফিক্সড পে বেসিসে যারা আবেদন করতে ইচ্ছুক তাদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে এই ক্ষেত্রেও অনলাইনে আবেদনপত্র জমা দেওয়ার শেষদিন ১২ মার্চ, ২০২১ তারিখ পর্যন্ত বাড়ানো হয়েছে। ইচ্ছুক প্রার্থীদের অনলাইনে আবেদনপত্র জমা করতে হবে https://www.jrbtripura.com/ এই ওয়েবসাইটে। এই ওয়েবসাইটের লিঙ্ক www.employment.tripura.gov.in এই ওয়েবসাইটেও পাওয়া যাবে। বিস্তারিত বিজ্ঞপ্তি ও অন্যান্য তথ্য www.employment.tripura.gov.in এই ওয়েবসাইটে পাওয়া যাবে। রাজ্য সরকারের এমপ্লয়মেন্ট সার্ভিসেস এবং মেনপাওয়ার প্ল্যানিং দপ্তর থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।

## বিধায়ক

● প্রথম পাতার পর

চিকিৎসকরা তাকে জিবি হাসপাতালে স্থানান্তর করেন। চিকিৎসকরা জানিয়েছেন, ঝুমা-র শরীরে আশি শতাংশ পুড়ে গেছে। বিদ্যাপীঠ স্কুলের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষিকা পূর্ণিমা দেব এ-বিষয়ে বলেন, পূজার প্রসাদ বিতরণ করার পর বন্ধুদের সাথে সেলফি তুলছিল ঝুমা। তখনই দুর্ঘটনাটি ঘটেছে। তিনি জানান, হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় এখন ঝুমা-র জ্ঞান ফিরেছে। তবে, এখনও আশঙ্কাজনক বলে চিকিৎসকরা জানিয়েছেন।

আজ জিবি হাসপাতালে গিয়ে ওই ছাত্রীর শারীরিক অবস্থার খোঁজ নিয়েছেন সাংসদ প্রতিমা ভৌমিক। তিনি বলেন, ওই ছাত্রীর শরীরের ৮৭ শতাংশ পুড়ে গেছে। এখন ঠাকুরের কাছে প্রার্থনা করা ছাড়া কোনও উপায় নজরে আসছে না। তিনি জানান, চিকিৎসার সমস্ত রকম ব্যবস্থা করা হয়েছে। উন্নত চিকিৎসা প্রদান করা হচ্ছে। এছাড়া রোগী কল্যাণ সমিতিকে নির্দেশ দেওয়া হয়েছে চিকিৎসায় যাবতীয় সমস্ত খরচ সরকারি কোষাগার থেকে ব্যয় করতে হবে। তিনি আক্ষেপ করে বলেন, সরস্বতী পূজায় সাধারণত সব মেয়েই শাড়ি পরে আনন্দ করেন। সেই আনন্দ এখন বিষাদে পরিণত হয়েছে।

এদিকে, সন্ধ্যায় শিক্ষামন্ত্রী রতন লাল নাথও হাসপাতালে গিয়ে ওই ছাত্রীর শারীরিক অবস্থা সম্পর্কে খোঁজ খবর নিয়েছে। তাছাড়া, বিধাযক অরুণ চন্দ্র ভৌমিকও হাসপাতালে গিয়ে ওই ছাত্রীর চিকিৎসার ব্যাপারে খোঁজ খবর নিয়েছেন। জানা গিয়েছে, ওই ছাত্রীর শারীরিক অবস্থা তেমন ভাল নয়।

## উদ্ধার

● প্রথম পাতার পর

জনমনে তীব্র চাঞ্চল্য সৃষ্টি হয়েছে। ঘটনার খবর পেয়ে শ্রীনগর থানার পুলিশ ঘটনাস্থলে ছুটে আসে এবং সেখান থেকে ঝুলন্ত মৃতদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য হাসপাতাল মর্গে পাঠিয়েছে। অভাব অনটনের তাড়নায় রিকশাচালক প্রমোদ মন্দির মৃত্যুতে পরিবারটি আরো অসহায় হয়ে পড়েছে।

এদিকে, বুধবার বিকালে প্রণয় সংক্রান্ত কারণে আত্মহত্যা করল এক দ্বাদশ পড়ুয়া ছাত্র। জানা যায় বিশালগড় বেসরকারি একটু স্কুলের ছাত্র রানা চৌধুরী। বয়স আঠারো।বাড়ি চড়িলাম বিধানসভা এলাকার আমতলি।পুলিশের প্রাথমিক তদন্তে জানা গেছে বুধবার বিদ্যালয় থেকে বাড়ি ফিরে খাওয়া-দাওয়ার পর নিজ বসত ঘরে ফাঁসিতে আত্মহত্যা করল রানা চৌধুরী। তাছাড়া তার পিতা মাতা এ রানাকে দত্তক নিয়েছিল। কিন্তু ভাগ্যের কি পরিহাস সেই দত্তকপুত্র কে হারিয়ে মা ও বাবা দুজনের আর্তনাদ চিৎকারে পুরো আমতলীর আকাশ বাতাস ভারি হয়ে উঠেছে। তাছাড়া আরও জানা গেছে কোন মেয়ের সাথে তার প্রণয় সংক্রান্ত কারনেই সে আত্মহত্যা করেছে। বুধবার বিকালে তাকে ঝুলন্ত অবস্থায় তার মা দেখতে পায়। সঙ্গে সঙ্গে তার কান্নায় এলাকার মানুষ জড়ো হয়।খবর দেওয়া হয় বিশালগড় থানায়। বিশালগড় থানা থেকে পুলিশ এসে জ্বলন্ত অবস্থায় রানাকে নামিয়ে বিশালগড় মহকুমা হাসপাতালে নিয়ে আসে। বৃহস্পতিবার মৃত রানা চৌধুরির দেহ ময়নাতদন্তের পর পরিবারের হাতে তুলে দেওয়া হবে বলে হাসপাতাল সূত্রে খবর।

অন্যদিকে, তেলিয়ামুড়া থানা এলাকার তুইসিন্দ্রাই বাজার সংলগ্ন এলাকা থেকে এক ব্যক্তির মৃতদেহ উদ্ধার করা হয়েছে।মৃতদেহ উদ্ধারের সংবাদে এলাকায় তীব্র চাঞ্চল্য সৃষ্টি হয়। তেলিয়ামুড়ার তুইসিন্দ্রাই বাজার সংলগ্ন আসাম আগরতলা জাতীয় সড়কের পাশে একটি পরিত্যক্ত জলাশয় থেকে এক ব্যক্তির মৃতদেহ উদ্ধার করা হয়েছে। মৃত ব্যক্তির নাম প্রদীপ দাস। বাড়ি হাওয়াই বাড়ি এলাকায়। বুধবার সকালে প্রাতঃভ্রমণ কারীরা রাস্তার পাশে পরিত্যেক্ত জলাশয় মৃতদেহ পড়ে থাকতে দেখে স্থানীয় লোকজন তার খবর দেন।খবর পেয়ে স্থানীয় লোকজন এবং মৃতের পরিবারের লোকজন ঘটনাস্থলে ছুটে আসে।খবর পাঠানো হয় তেলিয়ামুড়া থানার পুলিশকে।খবর পেয়ে তেলিয়ামুড়া থানার পুলিশ এসে জলাশয় থেকে মৃতদেহটি উদ্ধার করে ময়নাতদন্তের জন্য তেলিয়ামুড়া হাসপাতালে পাঠায়। স্থানীয় এক বাসিন্দা জানিয়েছেন মৃত প্রদীপ দাস আকণ্ঠ নেশা পান করত। প্রাথমিকভাবে আশঙ্কা করা হচ্ছে নেশাগ্রস্থ এই রাস্তার পাশে পরিতক্ত জলাশয়ে পরে গিয়ে তার মৃত্যু হয়েছে। পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে।তবে এই মৃত্যুর পেছনে অন্যতম কারণ আত্মগোপন করে রয়েছে কিনা তা খতিয়ে দেখা হচ্ছে।

## পথচারী

● প্রথম পাতার পর

আগরতলা সাব্রুম জাতীয় সড়কে। ঘটনার বিবরণে জানা যায়, স্থানীয় গোকুলনগর রাস্তার মাথা এলাকার বাসিন্দা ও অজিৎ সাহা(৫৬) কাজের সন্ধানে বাইসাইকেল নিয়ে বিশালগড় বাজারের দিকে যাচ্ছিলেন। কলেজ সংলগ্ন জাতীয় সড়কের রেল ব্রিজের উপর আসতেই ঘটে ভয়ঙ্কর বিপত্তি। উদয়পুরমুখী একটি মারুতি ও একটি বোলেরো গাড়ির মুখোমুখি সংঘর্ষ হয়। মারুতি গাড়ির নম্বর টিআর০৮সি০৬৭১এবং বুলেরো গাড়ির নম্বর আর আর০১বিডি০৪৯৩। মারুতি গাড়িটি আগরতলার দিকে যাচ্ছিল, এবং বুলেরো গাড়ি টি উদয়পুরের দিকে যাচ্ছিল। অতিরিক্ত গতিতে থাকায় দুটি গাড়ি মুখোমুখি সংঘর্ষ হয়। বোলেরো গাড়িটি মূল সড়ক থেকে নিয়ন্ত্রণ হারিয়ে রেলব্রিজের উপরের রেলিংএ গিয়ে ধাক্কা মারে।

আর এই সময়ে এ রেলিং ধরেই বাই সাইকেল নিয়ে যাচ্ছিলেন ওই পথচারী।গাড়িটি মুহূর্তের মধ্যে পথচারীর হাতে থাকা বাইসাইকেলটিতে ধাক্কা মারলে বাইসাইকেলটি নিচে পড়ে যায়। কিন্তু ভাগ্যের খেলায় ওই পথচারী একেবারে গাড়িটির সঙ্গে পড়ে থাকে। ভয়ে আতঙ্কিত হয়ে পড়েন ওই পথচারী। প্রত্যক্ষদর্শিরাও প্রথমে হয়তো ভেবেছিলেন , উনার আর কোন বাঁচার ব্যবস্থা নেই।মুহূর্তমধ্যে খবর পেয়ে ঘটনাস্থলে ছুটে যায় ফায়ার সার্ভিসের কর্মীরা।প্রাথমিক চিকিৎসার জন্য তাকে নিয়ে আসা হয় বিশালগড় মহাকুমার হাসপাতালে।জানা গেছে হয়তো বড় ধরনের কোনো দুর্ঘটনার তার ঘটেনি। এই ঘটনার জন্য ভগবানের নিকট সন্তোষ প্রকাশ করে প্রার্থনা করলেন ওই পথচারী ভদ্রলোক।

## বিক্ষোভ

● প্রথম পাতার পর

কম। তাঁর মতে, সরকার চাইলেই জ্বালানি তেলের দাম লিটার প্রতি ৬০ টাকার কম এবং রান্নার গ্যাস সিলিন্ডার প্রতি ১২ টাকা করে অনায়াসে কমাতে পারে। তাঁর কটাক্ষ, কেন্দ্রে বিজেপি ক্ষমতায় আসার পর থেকেই জ্বালানি তেল এবং রান্নার গ্যাসের মূল্য ক্রমশ ঊর্ধমুখি হয়েছে।

এদিন দড়ি দিয়ে গাড়ি টেনে রেলি করার পর প্রদেশ কংগ্রেস মুখ্য কার্যালয়ের সামনে যুব কংগ্রেস সমর্থকরা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর কুশপুত্তুলিকাও দাহ করেছেন।

## উত্তেজনা

● প্রথম পাতার পর

পুলিশ ঘটনাস্থলে ছুটে এসেছে।

এদিকে পুলিশ জানিয়েছে, এলাকাবাসীর অভিযোগের ভিত্তিতে একটি মামলা নেওয়া হয়েছে। ঘটনার তদন্ত ইতিমধ্যেই শুরু হয়ে গেছে। পুলিশের দাবি, এলাকায় শান্তি-শৃঙ্খলা বজায় রাখার জন্য এলাকাবাসীকে অনুরোধ জানানো হয়েছে। শীঘ্রই এ ঘটনায় যুক্ত দুষ্কৃতীদের গ্রেফতার করা হবে বলে আশ্বাস দেওয়া হয়েছে।

# াঙ্গন

## সেরিনার সামনে নেয়োমির চ্যালেঞ্জ



হালেপকে হারানোর পথে সেরিনা। মঙ্গলবার মেলবোর্নে।মেলবোর্ন পার্কে আর দুটো ম্যাচ জিতলেই মার্গারেট কোর্টের সর্বাধিক গ্র্যান্ড স্ল্যাম জয়ের রেকর্ড ছুঁয়ে ফেলবেন সেরিনা উইলিয়ামস। মঙ্গলবার ২৩ গ্র্যান্ড স্ল্যাম জয়ী ৬-৩, ৬-৩ সিমোনা হালেপকে হারিয়ে নবম বার এই প্রতিযোগিতার সেমিফাইনালে উঠলেন। ৩৯ বছর বয়সি মার্কিন তারকা দ্বিতীয় বাছাই রোমানিয়ার প্রতিদ্বন্দ্বীর সঙ্গে হাড্ডাহাড্ডি লড়ছেন। ২৪টি উইনারের পাশাপাশি সেরিনার আনফোর্সড এররের সংখ্যা ৩৩। ২০১৭ সালের অস্ট্রেলীয় ওপেনের পরে সেরিনা আর গ্র্যান্ড স্ল্যাম জেতেননি। শেষ চারে নেয়োমি ওসাকার মুখোমুখি হবেন সেরিনা। ২০১৮ যুক্তরাষ্ট্র ওপেনের ফাইনালে যে ওসাকা হারিয়েছিলেন সেরিনাকে।হালেপ গত বছর অস্ট্রেলীয় ওপেনের সেমিফাইনালে উঠেছিলেন। ২০১৮ সালে তিনি মেলবোর্ন পার্কের ফাইনালিস্টও। ফরাসি ওপেন এবং উইম্বলডন, এই দুটি গ্র্যান্ড স্ল্যাম জেতার পরে তৃতীয় ট্রফি এখনও অধরাই তাঁর। তাঁকে হারানোর পরে সেরিনা বলেছেন, ''''আমার মনে হয় এ বারের প্রতিযোগিতায় এটাই আমার সেরা ম্যাচ। জানি প্রচুর অবাঞ্ছিত ভুল করছিলাম। তবে আমারও ভাল খেলার সুযোগ আছে, সেটাও জানতাম। সেটা মাথায় রেখেই এগিয়ে গিয়েছি। বিশ্বের দু''নম্বরের বিরুদ্ধে আমি যে রকম চেয়েছিলাম খেলতে পেরে খুব খুশি।'''' বিশ্বের তিন নম্বর নেয়োমি ওসাকা কোনও গ্র্যান্ড স্ল্যামে কোয়ার্টার ফাইনালে ওঠার পরে হারেননি। তাঁর রেকর্ড এ বার মেলবোর্ন পার্কে বজায় থাকলে ২৪তম জন্মদিনের আগেই চতুর্থ গ্র্যান্ড স্ল্যাম জয় হবে তাঁর। তার আগে অবশ্য শেষ চারে সেরিনাকে হারাতে হবে তাঁকে। মঙ্গলবার ওসাকা ৬-২, ৬-২ তাইওয়ানের সিয়ে সু ওয়েইকে হারিয়ে সেমিফাইনালে ওঠেন। ৩৫ বছর বয়সি তাইওয়ানের খেলোয়াড় মেয়েদের মধ্যে সব চেয়ে বেশি বয়েসে কোনও গ্র্যান্ড স্ল্যামের শেষ আটে ওঠার রেকর্ড গড়েছিলেন। তিনি হারের পরে স্পনসর নিয়ে চিন্তিত। বলেছেন, ''''আমি ভাল খেললে আমার টিমের বেতন দিতে পারি। ভাল না খেলতে পারলে টিমকে বেতন দেওয়াটা সমস্যা হয়ে যায়। স্পনসর খুঁজতে গিয়ে আগে ব্যর্থ হয়েছি। আমার যা বয়স, এখন এতে বেশি সময়ও নষ্ট করা যাবে না।'''' তাঁকে হারিয়ে ওসাকা বলেন, ''''আজ প্রতিপক্ষের বিরুদ্ধে আমাকে পরিকল্পনা নিয়ে নামতেই হত। সেটাই করেছি। কারণ ও এমন প্রতিপক্ষ যার বিরুদ্ধে ম্যাচটা কোন দিকে যাবে আমি নিশ্চিত ছিলাম না।'''' ২০১৯ সালে মায়ামিতে সিয়ে হারিয়েছিলেন ওসাকাকে। করোনার জন্য পাঁচ দিনের লকডাউন শেষ হওয়ার পরে বৃহস্পতিবার অস্ট্রেলীয় ওপেনে দর্শকদের স্টেডিয়ামে ফের প্রবেশের অনুমতি দেওয়া হতে পারে। ৪৩ বছর পরে অস্ট্রেলীয় কোনও খেলোয়াড় হিসেবে এই প্রতিযোগিতা জেতার অপেক্ষা শেষ করার দৌড়ে আছেন অ্যাশলে বার্টি। ওসাকার আশা বার্টি সেই লড়াইয়ে নামার সময় স্টেডিয়ামে দর্শকদের উপস্থিতির সাহায্য পাবেন। ''''আমি নিজে কিন্তু ফাইনালে দর্শকহীন স্টেডিয়ামে খেলেছি,'''' বলেন যুক্তরাষ্ট্র ওপেন চ্যাম্পিয়ন। যেখানে জৈব সুরক্ষিত বলয়ের জন্য এ বার স্টেডিয়ামে দর্শকরা ছিলেন না। ''''বার্টি যদি ফাইনালে ওঠে কিন্তু দর্শকরা না থাকে, সেটা স্মরণীয় হলেও ওর নিশ্চয়ই খারাপ লাগবে। ও নিশ্চয় চাইবে স্টেডিয়ামে দর্শকদের উপস্থিতি। আমিও তাই চাই। যদি তাঁরা আমায় উতাহ নাও দেয়, তাতেও চলবে,'''' বলেন ওসাকা।

## নিলামের ইতিহাসে সবচেয়ে দামি ১০ তারকা



রাত পোহালেই চোদ্দদশ ইন্ডিয়ান প্রিমিয়র লিগের নিলাম অনুষ্ঠান। করোনা কালে এবার ছোট করে অনুষ্ঠান। আগামিকাল অর্থাতবুধবার দুপুর তিনটে থেকে ''মিনি'' নিলাম অনুষ্ঠিত হবে তামিলনাড়ুর রাজধানী চেন্নাইতে। তার আগে দেখে নেওয়া যাক নিলামের ইতিহাসে সবচেয়ে দামি ১০ তারকা কারা! ১) যুবরাজ সিং, ১৬ কোটি, দিল্লি ডেয়ারডেভিলস, সাল ২০১৫ ২০১৫ সালে সকলকে চমকে দিয়ে দিল্লি ডেয়ারডেভিলস (অধুনা দিল্লি ক্যাপিটালস)। ১৬ কোটি টাকায় তারা দলে নিয়েছিল ভারতীয় দলের জোড়া বিশ্বকাপ জয়ী স্টার অলরাউন্ডার যুবরাজ সিংকে। কিন্তু যুবরাজের পারফরম্যান্স আর দামের মধ্যে ছিল জমিন-আসমানের ফারাক। সেবার ১৪ ম্যাচে মাত্র ১৯.০৭-এর গড়ে যুবি ২৪৮ রান করেছিলেন ১১৮.০৯-এর স্ট্রাইক রেটে। ফিফটি ছিল দু''টি। ২) প্যাট কামিন্স, ১৫.৫ কোটি, কলকাতা নাইট রাইডার্স, সাল ২০২০ গতবছর বিশ্ব কাঁপানো অজি ফাস্টবোলার প্যাট কামিন্সকে সাড়ে ১৫ কোটি টাকায় দলে নেয় কেকেআর তিনিই এখনও পর্যন্ত আইপিএলের ইতিহাসে সবচেয়ে দামি বিদেশি ক্রিকেটার। ব্রিটিশ স্টার বেন স্টোকসকে ছাপিয়ে যান তিনি। ৩) বেন স্টোকস, ১৪.৫ কোটি, রাইজিং পুনে সুপারজায়েন্ট, সাল ২০১৭ প্যাট কামিন্সের আগে বেন স্টোকসই ছিলেন আইপিএলের ইতিহাসে সবচেয়ে দামি বিদেশি ক্রিকেটার। রাইজিং পুনে সুপারজায়েন্ট তাঁকে সাড়ে ১৪ কোটি টাকায় দলে নেয়। স্টোকস ইতিমধ্যেই ব্যাটে-বলে অসাধারণ সব পারফরম্যান্সে নিজের আলাদা নাম করে নিয়েছেন বাইশ গজে। এই মুহূর্তে তিনে বিশ্বের সেরা অলরাউন্ডার। ৪) যুবরাজ, ১৪ কোটি, রয়্যাল চ্যালেঞ্জার্স ব্যাঙ্গালোর, সাল ২০১৪ ২০০৭ টি-২০ বিশ্বকাপ ও ২০১১ সালের ৫০ ওভারের বিশ্বকাপ জয়ী ভারতীয় দলের স্টার ছিলেন যুবরাজ। ফলে বিরাট কোহলির টিম তাঁকে এই দামে নিতে দু''বার ভাবেনি। ২০১৪ সালে যুবিই ছিলেন আইপিএলের সবচেয়ে দামি ক্রিকেটার। ৫) বেন স্টোকস, ১২.৫ কোটি, রাজস্থান রয়্যালস , সাল ২০১৮ যুবরাজের মতোই স্টোকসও আইপিএলের নিলামে দ্বিতীয় সবচেয়ে দামি ক্রিকেটার হয়ে যান। দু''বছর আগে রাজস্থান তাঁকে সাড়ে ১২ কোটি টাকায় নিয়ে কোনও ভুলই করেনি। স্টোকস ততদিনে নিজের নাম করে নিয়েছেন আন্তর্জাতিক ক্রিকেটে ৬) দীনেশ কার্তিক , ১২.৫ কোটি, দিল্লি ডেয়ারডেভিলস, সাল ২০১৪ ২০১৩ মরসুমে দীনেশ ১৯ ম্যাচে ৫১০ রান করেছিলেন। পরের মরসুমে দীনেশকে নেওয়ার জন্য অনেকেই ঝাঁপায়। কিন্তু অবশেষে দিল্লি ডেয়ারডেভিলস তাঁকে সাড়ে ১২ কোটি টাকায় দলে নেয়। ৭) জয়দেব উনাদকাট, সাড়ে ১১ কোটি, রাজস্থান রয়্যালস, সাল ২০১৪ ২০১৭ মরসুমে জয়দেব উনাদকাট আগুন জ্বালিয়েছিলেন আইপিএলে। ১২ ম্যাচে ২৪ উইকেট তুলে নেন ১৩.৪১-এর গড়ে। তাঁর স্ট্রাইক রেট ছিল ১১.৪৫। অদ্ভুত ভাবে ওভার পিছু ৭.০২ করে রানে বেঁধে রেখেছিলেন! ২০১৮ সালের নিলামে উনাদকাটকে নিয়ে হইচই পড়ে গিয়েছিল। অবশেষে রাজস্থান তাঁকে দলে নিতে সক্ষম হয়। ৮) গৌতম গম্ভীর, ১১.৪ কোটি টাকা, কলকাতা নাইট রাইডার্স, সাল ২০১১ এই মরসুমে গম্ভীরকে দলের সঞ্চালকের ভূমিকায় পাওয়া গিয়েছিল। ১৫ ম্যাচে ৩৭৮ রান করেছিলেন তিনি। ৯) কেএল রাহুল, ১১ কোটি টাকা, কিংস ইলেভেন পঞ্জাব, সাল ২০১৮ সেবার প্রীতি জিন্টার মুখে চওড়া হাসি ফুটিয়ে ছিলেন রাহুল। দলের সর্বোচ্চ স্কোরার ছিলেন রাহুল (১৪ ম্যাচে ৬৫৯ রান করেন ১৫৮.৪১ স্ট্রাইক রেটে)। এতটাই ধারাবাহিক ছিলেন তিনি যে, ৬টি অর্ধ-শতরানও করেন। দুরন্ত স্ট্রাইক রেট সঙ্গে বড় রান করার ক্ষমতা, রাহুলকে আরও ভয়ঙ্কর করে তোলে।১০) গ্লেন ম্যাক্সওয়েল, ১০, ৭৫ কোটি, কিংস ইলেভেন পঞ্জাব, সাল ২০২০ অত্যন্ত হতশ্রী পারফরম্যান্স ছিল গ্লেন ম্যাক্সওয়েলের। ১৩ ম্যাচে মাত্র ১০৮ রান করেন তিনি। স্ট্রাইক রেট ছিল ১০১.৮৮। এমনকী একটা ছয় পর্যন্ত মারেননি গোটা মরসুমে।

## মেসি-নেইমার-রোনালদোদের কপাল পুড়ছে এবার ?

এ মৌসুমেই মুখোমুখি হতে দেখা গেছে মেসি-রোনালদোকে। দেখা হবে হবে করেও হচ্ছে না মেসি-নেইমারের লড়াই। অসময়ে চোটে পড়ে প্রায় চার সপ্তাহের জন্য ছিটকে গেছেন নেইমার। চ্যাম্পিয়নস লিগে আজ রাতে তাই ন্যু ক্যাম্পে মেসির মুখোমুখি হতে তো পারছেনই না, নিজের পার্ক দ্য প্রিন্সেসেও নামতে পারবেন কি না সন্দেহ আছে নেইমারের। চ্যাম্পিয়নস লিগের শেষ ষোলোর সবচেয়ে প্রতীক্ষিত লড়াইটা এবার ফাঁকি দিল সবাইকে। এ তো গেল চ্যাম্পিয়নস লিগের কথা। ঘরোয়া লিগও হতাশ করতে পারে এই তারকাদের সমর্থকদের। এ মৌসুমে ঘরোয়া লিগে এখন শীর্ষে নেই বার্সেলোনা, জুভেন্টাস বা পিএসজির কেউই। ফুটবল পরিসংখ্যানের জন্য বিখ্যাত সিআইইএস ফুটবল অবজারভেটরি ভবিষ্যদ্বাণী করেছে, মৌসুমের শেষ পর্যন্ত এমনটাই থাকব! অর্থাৎ এ মৌসুমে লিগ শিরোপা জেতা হবে না মেসি, রোনালদো ও নেইমারের কারওই! সর্বশেষ এমন কিছু দেখা গেছে ২০১৪ সালে।মৌসুমের সবচেয়ে গুরুত্বপূর্ণ মুহূর্ত চলে এসেছে। এই সময়েই লম্বা রেসের শেষ লেগটা শুরু হবে। বড় দলগুলো এ সময়ই ভাগ্য বদলে ফেলে। গত মৌসুমে এ পর্যায়ে এসেই আচমকা চমকে দিয়েছিল বায়ার্ন মিউনিখ। এত দুর্দান্ত দাপটে খেলেছে যে সবাইকে ছিটকে বুন্দেসলিগা জিতেছে। জিতেছে চ্যাম্পিয়নস লিগ। সে দৌড়ের সম্ভাব্য সেরা সমাপ্তি টেনেছে কদিন আগে বিশ্ব ক্লাব বিশ্বকাপ জিতে। মাত্র দ্বিতীয় দল হিসেবে মৌসুমের সব কটি শিরোপা জিতেছে বায়ার্ন। বিজ্ঞাপনসিআইইএস বলতে চাইছে এ মৌসুমে এমন কিছু অন্তত করা হচ্ছে না অন্য কোনো দলের। লিগে বর্তমান পয়েন্ট তালিকার সঙ্গে কোন দল প্রতিপক্ষের বিপক্ষে ম্যাচে কত শট নিচ্ছে, প্রতিপক্ষের ডি-বক্সের ভেতরে ঢুকে কয়বার গোলের চেষ্টা করা হচ্ছে এবং নিজেরা কত গোল হজম করছেসবই হিসাব করেছে সিআইইএস। এসবের ওপর মৌসুমের শেষ কোন দলের পয়েন্ট কত হবে, সে হিসাব দিয়েছে সংস্থাটি। আর সে হিসাব যদি বাস্তব হয়ে ওঠে, তবে এ মৌসুমে ঘরোয়া লিগ জেতা হচ্ছে না বার্সেলোনা, রিয়াল মাদ্রিদ, জুভেন্টাস, পিএসজি, লিভারপুলের। আগেই বলা হয়েছে সর্বশেষ নেইমার, রোনালদো ও মেসিদের তিনজনই লিগ শিরোপা না জেতার দুঃখটা পেয়েছিলেন ২০১৪ সালে। সেবার এ তিনজন খেলতেন বার্সেলোনা ও রিয়াল মাদ্রিদে। স্প্যানিশ পরাশক্তিদের স্তব্ধ করে দিয়ে সেবার লিগ শিরোপা জিতেছিল আতলেতিকো মাদ্রিদ। সেবার বার্সেলোনা থেকে আতলেতিকোতে গিয়েছিলেন স্ট্রাইকার ডেভিড ভিয়া। শিরোপা জিতিয়েই এর প্রতিশোধ নিয়েছিলেন ভিয়া। এ মৌসুমেও বার্সেলোনা থেকে আরেক তারকা স্ট্রাইকার আতলেতিকোতে গিয়েছেন। লুইস সুয়ারেজে ভর করে দুর্দান্ত গতিতে ছুটছে সিমিওনের দল।

## প্রত্যেক হোম সিরিজেই হবে গোলাপি টেস্ট : সৌরভ

মুম্বাই, ১৭ ফেব্রুয়ারি (হি. স.) : এবার থেকে প্রতিটা হোম সিরিজেই গোলাপি বলের অর্থাৎ দিন-রাতের টেস্ট হবে বলে জানিয়ে দিলেন বিসিসিআই সভাপতি সৌরভ গঙ্গোপাধ্যায়।

সম্প্রতি একটি সাক্ষাতকারে তিনি জানিয়েছেন, 'একটা-দুটো নয়, এবার থেকে প্রতিটা হোম সিরিজেই দিন-রাতের টেস্ট হবে। সব প্রজন্মকেই পরিবর্তনের মধ্যে দিয়ে যেতে হয়, অর টেস্ট ক্রিকেটকে বাঁচিয়ে রাখতে জন্য বড় পরিবর্তন হল গোলাপি বলের টেস্ট। যেটা টেস্ট ক্রিকেটের হারিয়ে যাওয়া গরিমা ফিরিয়ে আনবেই।'

আমেদাবাদের মোতেরায় নবনির্মিত সর্দার প্যাটেল স্টেডিয়ামে আগামী ২৪শে ফেব্রুয়ারি সিরিজের তৃতীয় টেস্টে মুখোমুখি হতে চলেছে ভারত ও ইংল্যান্ড। ইতিমধ্যেই সেই টেস্টের সমস্ত টিকিট বিক্রি হয়ে গিয়েছে। এই বিষয়ে সৌরভ বলেন, 'আমেদাবাদের সমস্ত টিকিট বিক্রি হয়ে গিয়েছে। আর সবথেকে বড় কথা হল ওখানে অনেকদিন পর ক্রিকেট ফিরছে। আমি এই বিষয়টা নিয়ে বোর্ডের সচিব জয় শাহ-র সঙ্গে কথা বলেছি, ও মোতেরার এই দু'টি টেস্ট নিয়ে ভীষণভাবে উত্তেজিত।' বছর দেড়েক আগে বাংলাদেশের বিরুদ্ধে কলকাতার ইডেন গার্ডেন্সে প্রথম দিন-রাতের টেস্ট খেলেছিল ভারত। হিন্দুস্থান সমাচার / সোনালি

## অবসর ঘোষণা করলেন দক্ষিণ আফ্রিকার অধিনায়ক ডু প্লেসি

কেপটাউন, ১৭ ফেব্রুয়ারি (হি. স.) : অবসর ঘোষণা করে দিলেন দক্ষিণ আফ্রিকার অধিনায়ক ফাফ ডু প্লেসি। টেস্ট ক্রিকেটকে চিরতরে বিদায় জানালেন এই প্রোটিয়া অলরাউন্ডার। বুধবার সকালে ইস্টাগ্রামে ডু প্লেসি নিজেই জানিয়েছেন অবসরের কথা। ইস্টাগ্রামে নিজের টেস্ট ক্রিকেটের জার্সি পরা একটি ছবি দিয়ে তিনি লিখেছেন, 'আমি মনের দিক থেকে একদমই নিশ্চিত যে একটা নতুন অধ্যায়ের হাঁটার সময় হয়েছে। এই টেস্ট ক্রিকেট কেরিয়ারে আমি অনেক আশীর্বাদ পেয়েছি তাই আমি ভীষণ গর্বিত।'

২০১৯ সালে একদিনের ক্রিকেটকেও বিদায় জানিয়েছিলেন ডু প্লেসি। তাই এখন শুধুমাত্র টি-টোয়েন্টি ক্রিকেট খেলবেন তিনি। মূলত কুড়ি-বিশের ক্রিকেটে ভালো করে মনোযোগ দেওয়ার জন্যই ফাফের এই সিদ্ধান্ত। হিন্দুস্থান সমাচার / সোনালি


**PRESS NOTICE INVITING e-TENDER NO: EE-IED/UDP/45/2020-21 Date :- 12/02/2021**

| SL NO | NAME OF THE WORK/DNIT No. | ESTIMATED COST (in Rs.) | EARNEST MONEY (inRs.) | TIME FOR COMPLETION |
|---|---|---|---|---|
| 1 | **DNIeT** No:- **EE-IED/UDP/88/2020-21** | **Rs.** | **Rs. 10,647.00** | 90 days |

Last Date of Bidding is upto 15.00 Hrs on **26/02/2021** & Time and Date of Opening of Bid at 15.00 Hrs on **26/02/2021.** The intending bidders and other Bidders can access through website https://tripuratenders.gov.in. For any enquiry, please contact by e-mail to **eeiedudaipur@gmail.com** .

For and on behalf of the Governor of Tripura
**Sd/- (Er. BUDDHA JAMATIA)**
**Executive Engineer**
**Internal Electrification Division, PWD**
**Udaipur, Gomati Tripura.**

**ICA-C-3206/21**

The Executive Engineer, Teliamura Division, PWD(R&B), Teliamura, Khowai Tripura invites on behalf of the 'Governor of Tripura' sealed percentage rate e-tender(s) vide PNIeT No. 15/EE/TLM/2020-21, Dt. 08/02/2021 for the following works up to 3.00 P.M. on 02/03/2021. Eligible bidcgr* tal! participate in bidding only in online through website https://tripuratenders.gov.in from 11/02/2021 to 02/03/2021. Other necessary information can be seen in the Division office in office hour.

| SL NO | NAME OF THE WORK | ESTIMATED COST | EARNEST MONEY | TIME FOR COMPLETION | CLASS OF BIDDER |
|---|---|---|---|---|---|
| 1. | Mtc. Of Road from TK Road to Kalyanpur PWD office under Kalyanpur R.D. Block(L=0.500km) during the year 2021-22/SH: Construction of road side pucca drain (Left side) (L=210.00m) **DNIeT No: 15/EE/TLM/PWD(R&B)/2020-21** | Rs. 20,57,995.00 | Rs. 20,580.00 | 60 (Sixty) Days | Appropriate Class |
| 2. | FDR/ Mtc. of various roads under the jurisdiction of the PWD Sub Division Mungiakami during the year 2021-22. **DNIeT No: 16/EE/TLM/PWD(R&B)/2020-21** | Rs. 23,65,656.00 | RS. 23,657.00 | 365(Three hundred and sixty five) Days | |
| 3. | FDR/ Mtc. of various roads under jurisdiction of Teliamura Sub-Division No. II, Teliamura under Teliamura Division during the year 2021-22./SH: Pucca Drain, Removal of land slide, Brick soling, Protection work, WBM3, Carpetting etc. **DNIeT No: 17/EE/TLM/PWD(R&B)/2020-21** | Rs. 24,24,228.00 | Rs. 24,242.00 | 240(Two hundred and forty) Days | |
| 4. | Flood Damaged Repair (FDR) / Mtc. of various roads under the jurisdictions of Teliamura PWD Sub-Division No. I, during the year 2021-22. **DNIeT No: 18/EE/TLM/PWD(R&B)/2020-21** | Rs. 23,85,548.00 | Rs. 23,855.00 | 365(Three Hundred and Sixty five) Days | |
| 5. | Flood damaged repair (FDR) / Mtc. of various roads under the jurisdiction of Kalyanpur PWD Sub-Division, during the year 2021-22. **DNIeT No: 19/EE/TLM/PWD(R&B)/2020-21** | Rs. 24,05,928.00 | Rs. 24,059.00 | 365(Three Hundred and Sixty five) Days | |

**ICA-C-3218/21**

**(Er. G. Jamatia)**
**Executive Engineer,**
**Teliamura Division, PWD (R&B)**

**CORRIGENDUM**

Please read Cultivation in place of Construction as appeared in the Name of Work, in reference to PNIeT No,17/EE/Agri/N/2020-21 against the Tender ID **No.2021_AGRI_16303_1, 2021_AGRI__16292_1, 2021_AGRI_16322_1, 2021_AGRI_16324_1, 2021_AGRI_16327_1, 2021_AGRI_16323_1, 2021_AGRI_16311_1, 2021_AGRI_16312_1, 2021_AGRI_16294_1, 2021_AGRI_16299_1, 2021_AGRI__16326_l, 2021_AGRI_16334_1, 2021_AGRI_16325_1 & 2021_AGRI_16309_l.** Others will remain unchanged as reflected in the **DNIeT.**

**Sd/- (Sukumar Chandra Das)**
**Executive Engineer**
**Department of Agriculture**
**Dharmanagar, North Tripura**

**ICA-C-3212/21**

No.F.XX-1(3)/CEW/SFLCL/20(Loose File)/20033-41
Dated. 11th February, 2021

**ABRIDGED NOTICE INVITING E-TENDER**

It is hereby notified for general information that e-tender is invited for settlement of **05 (five)** Nos. retail vend of **defunct (non-functioning) Country Liquor shop** under West Tripura District for the remaining part of the financial year **2020-21, 2021-22 & 2022-23** as per the provisions of rule 154 read with rule 29A and rule 22 of the Tripura Excise Rules, 1990(as amended time to time) subject to certain terms and conditions through e-procurement website of the Government of Tripura, https://tripuratenders.gov.in.
The other details related to e-tender can be seen and obtained from the website https://tripuratenders.gov.in and available in the office notice Board of the Collector of Excise (DM & Collector), West Tripura District, Agartala.
Last date of submission of e- tender addressed to the Collector of Excise, West Tripura District is **5.30 PM** on **04/03/2021.** The technical bids will be opened at **11.00 AM** on **05/03/2021.**
Corrigendum/ addendum, if any will be published only on the above website.

**Sd/- Illegible**
**Collector of Excise**
**West Tripura, Agartala**

**ICA-C-3197/21**

**F.13(195)/DM(D)/EX/SETT/2019-20/(P-I)69-72 Dated, *12*/02/2021.**

**PRESS NOTICE INVITING E-TENDER**

The Collector of Excise, Dhalai invites **Online Tender** through the Tripura tenders Portal at https://tripura tenders. gov.in from the interested bidders who are requested to quote their rate/bid for **Foreign Liquor Warehouse, within the limits of Dhalai District for the remaining period of the Financial Years -2020-21, 2021-22 & 2022-23.**
Detailed tender notice, schedules and tender documents can be obtained from https://tripuratenders.gov.in.
The interested bidders are requested to download and to go through the instructions/terms conditions/critical dates/eligibility criteria noted in the DNIT minutely.
Eligible bidders shall participate in bidding only through website https://tripuratenders.gov.in. The e-procurement portal will not allow any bidder to attempt bidding, after the schedule date and time of bid submission is over. Submission of bids physicailly is not permitted.
All future Addendum/Corrigendum pertaining to this tender, if issued, shall be made available only **in** the https://tripuratenders.gov.in portal.

***Sd/- (GOVEKAR MAYUR RATILAL, IAS)***
***Collector of Excise***
***Dhalai District***

**ICA-C-3210/21**

**PNIeT No:- 25/EE/RIG/2020-21**

Single bid Item rated e-tenders are invited for the following works:-

| Sl No | DNIeT No. | Estimated Cost | Earnest Money | Time of completion |
|---|---|---|---|---|
| 1. | DNIeT NO.-18/SE/ DWSC/AGT/2020-21 | ₹.48,48,000.00 | ₹.48,480.00 | 60 days |
| 2. | DNIeT NO.-19/SE/ DWSC/AGT/2020-21 | ₹.48,48,000.00 | ₹.48,480.00 | 60 days |
| 3. | DNIeT NO.-20/SE/ DWSC/AGT/2020-21 | ₹.48,48,000.00 | ₹.48,480.00 | 60 days |
| 4. | DNIeT NO.-21/SE/ DWSC/AGT/2020-21 | ₹.48,48,000.00 | ₹.48,480.00 | 60 days |

All details can be seen in the office of the undersigned. NB: This detailed press notice & bid documents for the work can be seen on website **www.tripuratenders.gov.in** at free of cost. The bid can only be submitted after uploading the mandatory scanned documents as specified in this tender document on the e-Procurement website **www.tripuratenders.gov.in** .
For details please visit **www.tripuratenders.gov.in and for any query please contact:- 0381-232-0699**

**For and on behalf of the Governor of Tripura**
**Sd/- Illegible**
**Executive Engineer**
**Rig Division, P.N.Complex**
**Agartala**

**ICA-C-3190/21**

**CLAIMANT NOTICE**

Following articles (vehicle) were seized by the Forest Department, Sadar Forest Sub Division. Under sec -2 under section 52 (A) Indian Forest Act 1927 and rules made there under.

| Sl. No | Name of Article | Registration No. | Engine No. & Chessis No. | Date & Time of seizure | By Whom |
|---|---|---|---|---|---|
| 01 | TATA Truck 407 | No.TR02-B-1682 | Engine No:- 497SPTC35LTZ91XXXXX & Chassis No: - 357514LTZ83XXXXX | 03.02.2021 at 12:50 PM | Sri Pranab Chandra Sarkar, Fr, A/o FPU Sadar |

Therefore, in exercise of power under Indian Forest Act it is contemplated to confiscate the said vehicle for its use in commission of forest offence. Therefore it is once again brought to the notice of legal owner of above mentioned seized articles to prefer his/her/there claim to the Athorized Officer (Sub Divisional Forest Officer Sadar Sub Division, Agartala.) within 25 (twenty five) days from the date of issue of the notice alongwith legal relevant documents supporting ownership, failing which the decision regarding the confiscation of all the article seized shall be taken ex-parte.
Issued under my seal and signature of this day on 12.02.2021.

**Sd/- (S. Debbarma, TFS)**
**Sub Divisional Forest Officer**
**Sadar Sub Division, Agartala**

**ICA-D-1491/21**

NOTICE INVITING TENDER

With reference to the letter No.F.3(2-111)/DM/(D)/DEV/ASPI/2019/6268-70 Date,05/12/2020 of office of the District Magistrate and collector, Dhalai District;Jawaharnager, Tenders are invited by the undersigned on behalf of the Govt. Degree College, Gandacherra from the experienced dealer not exceeding the amount of Rs.4,77,900/- (four lakhs seventy seven thousand nine hundred) only for installation of computer la at the government Degree Colic e,Gandacherra, Dhalai, Tripura.

| Sl. no. | Name of the item | Total no. required |
|---|---|---|
| 1 | Laptop | 09 nos. |
| 2 | DLP projector | 01 nos. |
| 3 | External DVD writter | 01 nos. |
| 4 | Printer | 01 nos |

N.B.:- .1: Details will be available to the office of the undersigned
2. Last date of submission of Tender is 24/02/2021, up to 3 pm.
3. Tender will. be open on 24/02/2021 at 3.30 pm. 3. No tender will be accepted after the aforesaid date and time. The undersigned is not renonsible for any postal delay
4. Items should be supplied within 15 days from the work order. Bill must be submitted at the times of supply of the items.
5. The undersigned will not bear the charge for carrying.
6. The authority reserves the right to accept or reject any tender partially and wholly without assigning any reason.
7. Payment will be made on the basis of bill after successful completion of the supply. No payment will be entertained in advance. Tax will be deducted as per the rules .
8. Bill will be sent from the undersigned to the District Magistrate and collector, Dhalai, District, Jawaharnager and payment will by made from the office of the District Magistrate and collector, Dhalai,District, Jawaharnager.

**Yours faithfully**
**(Dr. Souvik Bagchi)**
**Principal-in-charge**
**Government Degree College**
**Gandacherra, Dhalai, Tripura.**

**ICA-C-3213/21**

### ১৬তম ওয়ানগালা উৎসবের উদ্বোধন

# রাজ্য সরকার জনজাতি সম্প্রদায়ের সব ছেলেমেয়েদের শিক্ষার আঙ্গিনায় নিয়ে আসতে আন্তরিক ঃ মুখ্যমন্ত্রী

**নিজস্ব প্রতিনিধি, উদয়পুর, ১৭ ফেব্রুয়ারি।।** সাব্রুমের বিশেষ অর্থনৈতিক অঞ্চল চালু হলে ত্রিপুরা হবে উত্তর পূর্বাঞ্চলের প্রবেশদ্বার। আজ উদয়পুরের নাতিনটিলায় ১৬ তম রাজ্যভিত্তিক ওয়ানগালা উৎসবের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব এই কথা বলেন। উদ্বোধকের ভাষণে তিনি বলেন, জনজাতিদের ক'ষ্টি সংস্কৃতি সংরক্ষণ ও প্রসারে সরকার আন্তরিক। সমাজের প্রত্যেক সম্পদায়ের সার্বিক উন্নয়নই রাজ্যের তথা দেশের উন্নয়নে বিশেষ ভূমিকা পালন করে।




তিনি বলেন, ত্রিপুরাতে ৩২ শতাংশ জনজাতি সাম্পদায়ের লোক রয়েছে। রাজ্য সরকার জনজাতি সম্পদায়ের সব ছেলেমেয়েদের শিক্ষার আঙ্গিনায় নিয়ে আসতে আন্তরিক। জনজাতি কল্যাণ দপ্তরের মাধ্যমে জনজাতি সম্পদায়ভূক্ত ছেলেমেয়েদের বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষায় প্রস্তুতির জন্য বিনামূল্যে কোচিং এর ব্যবস্থা করেছে। সর্বভারতীয় পরীক্ষায় রাজ্যের ছেলেমেয়েদের উৎসাহ দেবার জন্য 'লক্ষ্য' নামক প্রকল্প চালু করেছে। রাজ্যে বর্তমানে ৮টি একলব্য বিদ্যালয় নির্মাণের কাজ চলছে। রাজ্যের ক'ষ্টি সংস্ক'তিকে সম্মান প্রদর্শন করে সম্পতি ৩ জন জনজাতি সম্পদায়ভূক্ত সাংস্কৃতিক ব্যক্তিত্বকে পদ্মশ্রী সম্মানে ভূষিত করা হয়েছে।

এরা হলেন বিখ্যাত রেশম বাদক থাংগা ডার্লং, ককবরক শিক্ষা ও সাহিত্যে প্রয়াত বেনী চন্দ্র জমাতিয়া এবং এই বছর হজাগরি নৃত্যের প্রশিক্ষক সত্যরাম রিয়াং। এছাড়া রাজ্যের সার্বিক উন্নয়নে রাজ্য সরকার বহুমুখী পরিকল্পনা গ্রহণ করেছে এবং তা রূপায়ণের কাজ চলছে। তিনি বলেন, রাজ্যের নাগরিকদের মাথাপিছু আয় বেড়ে বর্তমানে ১ লক্ষ ২৩ হাজার ৬৩৬ টাকা হয়েছে। রাজ্যের ১২টি অ্যাসপিরিশনাল ব্লকের পরিকাঠামোগত উন্নয়নে রাজ্য সরকার বিভিন্ন পরিকল্পনা হাতে নিয়েছে। উত্তর পূর্বা'লের ৮টি রাজ্য তথা অষ্ট লক্ষীকে বিশেষ গুরুত্ব দিয়ে প্রধানমন্ত্রী বিভিন্ন কর্মসূচি গ্রহণ করেছে এবং তা বাস্তবায়ণের কাজ চলছে।

অনুষ্ঠানের বিশেষ অতিথি প্রজাতন্ত্রী বাংলাদেশের সাংসদ জয়েল অ্যারেং বক্তব্য রাখতে গিয়ে বলেন, বাংলাদেশের মুক্তিযুদ্ধ থেকে বর্তমান কোভিড পরিস্থিতিতেও ভারত বিশেষভাবে বাংলাদেশকে সাহায্য করেছে যা মরণীয়। এজন্য তিনি ভারত সরকারকে ধন্যবাদ জ্ঞাপন করেন। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিধায়ক বিপ্লব কুমার ঘোষ, কৃষি ও কৃষক কল্যাণ দপ্তরের মন্ত্রী প্রণজিৎ সিংহ রায়, জেলাশাসক ড. টি কে দেবনাথ, উদয়পুর পুর পরিষদের প্রাক্তন চেয়ারপার্সন শীতল চন্দ্র মজমদার, মাতাবাড়ি পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সুজন কুমার সেন প্রমুখ। অনুষ্ঠানে স্বাগত ভাষণ রাখেন ত্রিপুরা গারো ইউনিয়নের সাধারন সম্পাদক সুভাষ মারাক। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ত্রিপুরা গারো ইউনিয়নের সভাপতি সঞ্জীব মারাক।

## মিজোরামের ভারত-মায়নামার সীমান্তে উদ্ধার ১.২২ কোটি টাকার হেরোইন গ্রেফতার দুই

**আইজল, ১৭ ফেব্রুয়ারি (হি.স.) :** মিজোরামের ভারত-মায়নামার সীমান্তবর্তী এলাকায় আসাম রাইফেলস এবং কাস্টমস দফতরের পৃথক যৌথ অভিযানে উদ্ধার হয়েছে প্রায় এক কোটি ২২ লক্ষ ৩২ হাজার টাকার হেরোইন। ড্রাগস পাচারের অভিযোগে গ্রেফতার করা হয়েছে দুজনকে।

আজ বুধবার এই খবর আসাম রাইফেল-এর ৮ নম্বর ব্যাটালিয়নের জনৈক আধিকারিক জানিয়েছেন। তিনি জানান, কাস্টমস দফরের আধিকারিকদের সঙ্গে নিয়ে আসাম রাইফেলস-এর এক দল সোমবার বিকেল এবং গতকাল রাত প্রায় ৯.৩০ মিনিটে রাজ্যের ভারত-মায়ানমার সীমান্তবর্তী এলাকায় পৃথক পৃথক অভিযান চালিয়েছিল।

গত সোমবার প্রথম অভিযানে জখাওথার এলাকা থেকে ৬৮.৬ গ্রাম এবং ওই এলাকায়ই গতকাল রাত প্রায় ৯.৩০ মিনিটের দ্বিতীয় অভিযানে ২৩৭.৫ গ্রাম হেরোইন উদ্ধার করা হয়েছে। দুই অভিযানে উদ্ধারকৃত হেরোইনগুলির বাজারমূল্য যথাক্রমে ২৭.৩২ লক্ষ এবং ৯৫ লক্ষ, মোট এক কোটি ২২ লক্ষ ৩২ হাজার টাকা হবে বলে আসাম রাইফেলস-এর আধিকারিক জানিয়েছেন। ধৃতদের কাস্টমস আধিকারিকরা নিজেদের হেফাজতে নিয়ে জিজ্ঞাসাবাদ করছেন বলে জানা গেছে।

## পরিবর্তন যাত্রার মূল স্লোগান হয়ে উঠল 'খেলা হবে'

**মেমারি, ১৭ ফেব্রুয়ারি (হি. স.) :** বুধবার বিজেপির পরিবর্তন যাত্রার মূল স্লোগান হয়ে উঠল "খেলা হবে"। স্লোগানে রীতিমতো মেতে উঠলো বিজেপির কর্মী-সমর্থকরা। খেলার জন্য যে তাঁরা প্রস্তুত এবং সেই খেলায় জেতার ব্যাপারে যে তারা আত্মপ্রত্যয়ী তা ধরা পড়ল বিজেপির নেতা নেত্রীদের বক্তব্যেও।

বুধবার পূর্ব বর্ধমান জেলার মেমারি, জামালপুর, রায়না খণ্ডঘোষ পরিক্রমা করে বিজেপির পরিবর্তন যাত্রা। রথের সামনে বাইক মিছিল করে বিজেপি নেতা কর্মীরা। সেই মিছিল থেকে একাধিকবার শোনা গেল খেলা হবে স্লোগান। এ ব্যাপারে প্রকাশ্যে মন্তব্যও করেছেন বিজেপি নেত্রী তথা কেন্দ্রীয় মন্ত্রী দেবশ্রী চৌধুরী।

দেবশ্রী বলেন, 'তৃণমূল কংগ্রেস খেলায় আহ্বান জানিয়েছে। তাই আমরা হাত গুটিয়ে চলে যেতে পারি না। তাতে কেউ মনে করে নিতে পারে যে বিরোধীরা ভয় পেয়ে গিয়েছে। যদি কেউ খেলায় আহ্বান করে তবে তো তার উত্তর দিতেই হয়। আমাদের নেতারা তার উত্তর দিচ্ছে। আমরাও তাই বলছি, মে মাসে রাজ্যের আনাচে-কানাচে গেরুয়া আবির খেলা হবে। নির্বাচন ঘোষণার পর তৃণমূল নেত্রীর পাশ থেকে অনেক তারা খসে পড়বে। দুশোর বেশি আসন নিয়ে বিজেপি ক্ষমতায় আসবে। সেই খেলা দেখা যাবে এ রাজ্যে।'

বিধানসভা নির্বাচনের কুরুক্ষেত্রে খেলা হবে স্লোগান বিশেষ ভূমিকা ধারণ করেছে। সবকিছু ছাড়িয়ে খেলা হবে-তে মজেছে পশ্চিমবঙ্গের সব প্রান্ত। রাজনীতির আঙিনা ছাড়িয়ে খেলা হবে ডিজে বেজেছে সরস্বতী পুজোর মণ্ডপে, বিয়ের ছাতনা তলায়। তৃণমূল যুব কংগ্রেসের খেলা হবে স্লোগান এখন নিজেদের মতো করে সাজিয়ে নিয়েছে বিজেপিও। বরং জয় শ্রীরামের বদলে খেলা হবে স্লোগানই বেশি শোনা গেল বিজেপির পূর্ব বর্ধমানের এই পরিবর্তন যাত্রায় ।হিন্দুস্থান সমাচার/ অশোক

## ২৪ ঘন্টায় করোনা আক্রান্ত ১৩৩

**কলকাতা,১৭ ফেব্রুয়ারি ( হি স):** গত বছর মার্চ মাস থেকে শহরজুড়ে জাঁকিয়ে রাজ করছে অদৃশ্য ভাইরাস করোনা। এরই মাঝে শহরবাসিকে কিছুটা সস্থি দিয়ে কমল করোনা আক্রান্তের সংখ্যা। গত ২৪ ঘন্টায় করোনা আক্রান্ত ১৩৩। মঙ্গলবার এমনটাই খবর স্বাস্থ্য দফতরের তরফে প্রকাশিত বুলেটিন সূত্রে।
স্বাস্থ্য দফতরের বুলেটিন সূত্রে খবর, গত ২৪ ঘণ্টায় করোনা আক্রান্ত হয়েছেন ১৩৩ জন। জন। যার জেরে বর্তমানে মোট করোনা আক্রান্তের সংখ্যা বেড়ে দাড়ালো ০৫,৭৩,০১২। একদিনে রাজ্যে করোনা আক্রান্ত হয়ে মৃত্যু হয়েছে ২ জনের। ফলে মোট মৃত্যুর সংখ্যা বেড়ে দাড়ালো ১০,২৩৭। একদিনে করোনা মুক্ত হয়েছেন ২৫৯। মোট সুস্থ হয়ে বাড়ি ফিরেছেন ৫,৫৯,০৩৯। গত ২৪ ঘণ্টায় করোনা পরীক্ষা হয়েছে ১৪, ০৩১ জনের। এখনও পর্যন্ত মোট করোনা পরীক্ষা হয়েছে ৮৩, ৪৯, ২৮১ জনের।

## জম্মু-কাশ্মীরে ২৪টি দেশের প্রতিনিধি দল, খতিয়ে দেখবেন পরিস্থিতি

**শ্রীনগর, ১৭ ফেব্রুয়ারি (হি.স.):** অনুচ্ছেদ ৩৭০ বিলোপের পর কোন পরিস্থিতিতে রয়েছে কেন্দ্রীয় শাসিত অঞ্চল জম্মু ও কাশ্মীর, তা সরেজমিনে খতিয়ে দেখতে বুধবার দু'দিনের সফরে এল ২৪টি দেশের বিদেশী প্রতিনিধি দল। দু''দিনের সফরে জম্মু-কাশ্মীরের সামগ্রিক পরিস্থিতি খতিয়ে দেখবে ২৪টি দেশের বিদেশী প্রতিনিধি দল। এই ২৪টি দেশের মধ্যে রয়েছে-চিলি, ব্রাজিল, কিউবা, বলিভিয়া, এস্তোনিয়া, ফিনল্যাণ্ড, ফ্রান্স, আয়ারল্যান্ড, নেদারল্যান্ডস, পর্তুগাল, ইউরোপিয়ান ইউনিয়ন, বেলজিয়াম, স্পেন, সুইডেন, ইতালি, বাংলাদেশ, মালাবি, ইরিত্রিয়া, কটে ডি''আইভোরি, ঘানা, সেনেগাল, মালয়েশিয়া, তাজিকিস্তান এবং কিরগিজিস্তান।
এদিন জম্মু ও কাশ্মীরে বদগামের মাগাম ব্লকে স্থানীয় মানুষজনের সঙ্গে কথা বলেন ফরাসি দূত ইমানুয়েল লেনাইন এবং ইতালিয়ান দূত ভিন্সেনজো ডি লুকা। সার্বিক পরিস্থিতি নিয়ে স্থানীয় জনের সঙ্গে কথা বলেন তাঁরা। ৩৭০ অনুচ্ছেদ বিলোপের ঘটনাটি আগেই আন্তর্জাতিক স্তরে পৌঁছেছিল। তার পরেও জম্মু-কাশ্মীরের পরিস্থিতি নিয়ে বার বার সরব হয়েছে দেশের বিরোধী দলগুলি। যদিও কেন্দ্র বার বারই দাবি করেছে, ৩৭০ বিলোপের পর জম্মু-কাশ্মীরের পরিস্থিতির উন্নতি হয়েছে। সেই পরিস্থিতি দেখতেই দু''দিনের সফরে জম্মু ও কাশ্মীরে এল ২৪টি দেশের বিদেশী প্রতিনিধি দল।

## শেখ হাসিনাকে হত্যার চেষ্টা মামলায় ১০ জঙ্গির মৃত্যুদণ্ড বহাল হাইকোর্টে

**ঢাকা, ১৭ ফেব্রুয়ারি (হি. স.) :** বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে হত্যার চেষ্টা মামলায় ১০ জঙ্গির মৃত্যুদণ্ড বহাল রাখল হাই কোর্ট। বুধবার দুপুর ১২টা নাগাদ বিচারপতি জাহাঙ্গীর হোসেন সেলিম ও বিচারপতি মহম্মদ বদরুজ্জামানের সমন্বয়ে গঠিত বেঞ্চ এই রায় ঘোষণা করে।

মামলায় সাজাপ্রাপ্তদের নাম— ওয়াসিম আকতার, রাশেদ ড্রাইভার ওরফে আবুল কালাম, ইউসুফ ওরফে আবু মুসা হারুন, শেখ ফরিদ ওরফে মাওলানা শওকত ওসমান, হাফেজ জাহাঙ্গীর আলম বদর, মাওলানা আবু বক্কর, হাফেজ মাওলানা ইয়াহিয়া, মুফতি শফিকুর রহমান, মুফতি আবদুল হাই ও মাওলানা আবদুর রউফ ওরফে আবু ওমর।

প্রসঙ্গত, ২০০০ সালের জুলাই মাসে গোপালগঞ্জ জেলার কোটালিপাড়ায় বোমা পুঁতে রেখে আওয়ামি লিগ সভাপতি ও তৎকালীন বিরোধী নেত্রী শেখ হাসিনাকে হত্যার চেষ্টা করা হয়। জানা যায়, হাসিনার সভাস্থলের পাশে তাঁকে হত্যা করতে ৭৬ কেজি ওজনের বোমা পুঁতে রাখা হয়। এই ঘটনায় তৎকালীন কোটালিপাড়া থানার উপ-পরিদর্শক (এসআই) নূর হোসেন মামলা করেন। তারপর তদন্ত শেষে প্রায় দুই দশক ধরে শুনানি চলে আদালতে। ২০০১ সালের ৮ এপ্রিল ১৬ জনের বিরুদ্ধে অভিযোগপত্র দেওয়া হয়। পরবর্তীকালে ২০০৯ সালের ২৯ জুন আরও নয়জনকে আসামী হিসেবে অন্তর্ভূক্ত করে অতিরিক্ত চার্জশিট দেওয়া হয়। এরপর ২০১০ সালে মামলাটি নিষ্পত্তির জন্য ঢাকা-২ নম্বর দ্রুত বিচার ট্রাইবুনালে পাঠানো হয়। সেখানে এই মামলার বিচার সম্পন্ন হয়। তারপর ২০১৭ সালের ২০ আগস্ট ঢাকার দ্রুত বিচার ট্রাইবুনাল-২ এর বিচারক মমতাজ বেগম ১০ জঙ্গির মৃত্যুদণ্ড ও চার দোষীকে বিভিন্ন মেয়াদে কারাদণ্ডের রায় দেন।

## বাংলাদেশের প্রবৃদ্ধির হার নিয়ে তথাগত রায়ের প্রতিক্রিয়া

**কলকাতা, ১৭ ফেব্রুয়ারি (হি. স.) :** ভারতের প্রবৃদ্ধির চেয়ে বাংলাদেশের প্রবৃদ্ধির হার তথাগত রায়।

বুধবার তিনি টুইটে লিখেছেন, "বাংলাদেশ ভারতকে ছাড়িয়ে দ্রুত এগিয়ে যাচ্ছে বলে যাঁরা উচ্ছ্বাস করেন তাঁদের অবগতির জন্য। আমরা চাই ভারতের পাশাপাশি বাংলাদেশও এগিয়ে যাক, কিন্তু তথ্য সঠিক হয় দরকার। গুব্র্যাক গু বাংলাদেশ রুরাল অ্যাডভান্সমেন্ট কমিটি) পৃথিবীতে সবচেয়ে বড় এনজিও বলে অনুমান করা হয়।

সংসারে অভাব অনটনের সুযোগ নিয়ে দালাল চক্রের হাতে প্রতিবছর দেশের সীমান্ত পথে প্রায় ৫দ্র, দ্রদ্রদ্র নারী ও শিশু ভারতে পাচারের শিকার হচ্ছে। যশোরের বেনাপোল পৌরসভা অডিটোরিয়ামে ব্র্যাকের সামাজিক ক্ষমতায়ন কর্মসূচির এক জনসচেতনতামূলক সভায় ব্র্যাকের সিনিয়ার জেলা ব্যবস্থাপক আশরাফুল ইসলাম জানান।'

## তেলেঙ্গনার মুখ্যমন্ত্রীর জন্মদিনে ভগবানের কাছে ২.৫ কেজি সোনার শাড়িদান

**হায়দ্রাবাদ, ১৭ ফেব্রুয়ারি (হি. স.) :** বুধবার ৬৮ বছরে পা দিয়েছেন তেলেঙ্গনার মুখ্যমন্ত্রী তথা টিআরএস দলের প্রতিষ্ঠাতা কে সি রাও। বাবার জন্মদিনে দীর্ঘায়ু প্রার্থনা করে ভগবানের কাছে ২.৫ কেজির সোনার শাড়ি দান করেছেন বিধান পরিষদের সদস্য ও কে সি রাও-কন্যা কে কবিতা ও প্রাণীসম্পদ উন্নয়ন মন্ত্রী তালাসানি শ্রীনিবাস যাদব।

বুধবার সকাল ৮.৪৫ নাগাদ হায়দরাবাদের গুরুদ্বারে প্রার্থনা করেছেন। সকাল ৯ টায় বালকিমাত মন্দিরে পুজো দিয়েছেন। তাঁর ১৫ মিনিট পর উজ্জয়িনী মহাকালীর মন্দিরে বিশেষ অনুষ্ঠানের আয়োজন করেছিলেন চন্দ্রশেখর রাও। ৯.৪৫ নাগাদ হায়দরাবাদের ক্লক টাওয়ার চার্চে প্রার্থনা করেন কে সি রাও। আর তাঁর কিছুক্ষণ পর নম্পোলি দর্গাতে চাদর চরাতে যান তেলেঙ্গনার মুখ্যমন্ত্রী।

## সিধি বাস দুর্ঘটনায় মৃত্যু বেড়ে ৫০ আর্থিক সাহায্য শিবরাজ সরকারের

**ভোপাল, ১৭ ফেব্রুয়ারি (হি.স.):** মধ্যপ্রদেশের সিধি জেলায় ভয়াবহ বাস দুর্ঘটনায় মৃতের সংখ্যা বেড়ে হল ৫০। এখনও নিখোঁজ রয়েছেন ৩-৪ জন, তাঁরাও হয়তো মারা গিয়েছেন বলে আশঙ্কা করা হচ্ছে। বুধবার সকালে সিধি জেলার জেলাশাসক রবীন্দ্র কুমার চৌধুরী জানিয়েছেন, বানসাগর খালে যাত্রীবোঝাই বাস পরে যাওয়ার দুর্ঘটনায় মোট ৫০ জনের দেহ উদ্ধার হয়েছে।

মঙ্গলবার (১৬ ফেব্রুয়ারি) সকালে যাত্রীদের নিয়ে সিধি থেকে সাতনা অভিমুখে যাচ্ছিল বাসটি। চালক নিয়ন্ত্রণ হারানোর ফলে আচমকাই রাস্তার ধারে বানসাগর খালে পড়ে যায় বাসটি ।বুধবার সকাল পর্যন্ত ৫০টি দেহ উদ্ধার হওয়ার পর এখনও নিখোঁজ রয়েছেন ৩-৪ জন।


## ৪.৭ ম্যাগনিটিউডের ভূমিকম্পে কেঁপে উঠেছে মধ্য অসমের শোণিতপুর জেলা, বসতঘরে ফাটল

**তেজপুর (অসম), ১৭ ফেব্রুয়ারি (হি.স.) :** আজ বিকেল ৫-টা ৫৪ মিনিট ৪৬ সেকেন্ডে মৃদু ভূকম্পে কেঁপে উঠেছে মধ্য অসমের শোণিতপুর জেলার বিভিন্ন অঞ্চল। রিখটার স্কেলে ভূকম্পনের তীব্রতা ছিল ৪.৭। এ ঘটনায় দুটি পুলিশ আবাস এবং জনৈক গৃহস্থের বাড়িতে ফাটল ধরেছে। তবে কোনও হতাহতের খবর পাওয়া যায়নি।

ন্যাশনাল সেন্টার ফর সিসমোলোজির তথ্য, ভূমিকম্পের উৎসস্থল ছিল শোণিতপুর জেলা সদর তেজপুর থেকে প্রায় ১৭ কিলোমিটার পশ্চিম- উত্তর-পশ্চিমে ভূগর্ভের ১০ কিলোমিটার গভীরে ২৬.৭১ উত্র অক্ষাংশ এবং ৯২.৬৩ দ্রাঘিমাংশে।

আজকের ভূমিকম্পে জেলা সদর তেজপুর ছাড়াও ঢেকিয়াজুলি বালিপাড়া, রাঙাপাড়া প্রভৃতি অঞ্চল কেঁপে উঠেছে। ভকম্পে জিবুল কাকতি এবং কৃষ্ণরাম কলিতা নামের দুই পুলিশ কর্মীর আবাস এবং তেজপুরের পার্শবর্তী কায়েমারি বরাটির জনৈক দেবেন কলিতা নামের গৃহস্থের পাকা ঘরের দেওয়ালে ফাটল ধরেছে।

উল্লেখ্য, গতবছরের ৫ ডিসেম্বর সকাল ১০:৪৬:৩৭ সেকেন্ড ৩.৪ ম্যাগনিটিউডের এক ভূমিকম্পে শোণিতপুর জেলা সদর তেজপুর সহ সংলগ্ন অঞ্চলকে কাঁপিয়েছে। উৎসস্থল ছিল তেজপুরের প্রায় ৩২ কিলোমিটার দূরবর্তী ১০ কিলোমিটার গভীরে ২৬.৯২ অক্ষাংশ এবং ৯২.৬৭ দ্রাঘিমাংশে।




## ২৭ মার্চ চালু হচ্ছে নিউ জলপাইগুড়ি-ঢাকা যাত্রীবাহী ট্রেন বঙ্গবন্ধু এক্সপ্রেস

**ঢাকা, ১৭ ফেব্রুয়ারি (হি. স.) :** পশ্চিমবঙ্গের পর্যটন নগরী নিউ জলপাইগুড়ি থেকে ঢাকা পর্যন্ত যাত্রীবাহী ট্রেন সার্ভিস চালু করা হচ্ছে। ২৭ মার্চ ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ও বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা আনুষ্ঠানিকভাবে এই যাত্রীবাহী ট্রেন সার্ভিসের উদ্বোধন করবেন।

২২ ,২৩ ও ২৪ ফেব্রুয়ারি পশ্চিমবঙ্গের কাটিহারে ভারত ও বাংলাদেশ রেলওয়ের ডিআরএম (বিভাগিয় রেলওয়ে ব্যবস্থাপক) পর্যায় বৈঠকে প্রাথমিক ভাবে ট্রেনটি চলাচলের সময় নির্ধারণ করা হবে। তবে চূড়ান্ত অনুমোদন হবে দুদেশের আইজিআরএম (ইন্টার গভমেন্ট রেলওয়ে মিটিং) পর্যায়ের বৈঠকে। বাংলাদেশ রেলওয়ে সূত্রে এই তথ্য জানানো হয়েছে।

ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয় থেকে ভারতীয় রেলওয়েকে প্রস্তাবিত নিউ জলপাইগুড়ি-ঢাকা রুটের এই যাত্রীবাহী ট্রেনের নামকরণ বাংলাদেশের জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নামে 'বঙ্গবন্ধু এক্সপ্রেস' ট্রেন করার প্রস্তাবনা পাঠানো হয়েছে বলে উভয় দেশের রেলওয়ে সূত্রে জানা গেছে। বাংলাদেশ রেলওয়ের পর্যাপ্ত কোচ না-থাকায় আপাতত ভারতীয় র‍্যাক এই যাত্রীবাহী রেল সার্ভিস চালু করা হবে। সপ্তাহে দু'দিন ট্রেনটি চলাচল করতে পারে বলে রেলওয়ে সংশ্লিষ্টরা জানিয়েছেন।

রাত ১০ থেকে ১১টার মধ্যে ঢাকা ক্যান্টনমেন্ট স্টেশন থেকে ছেড়ে সকালে ভারত সীমান্ত ক্রস করবে। আর সকাল ৯টা থেকে ১০টার মধ্যে নিউ জলপাইগুড়ি স্টেশনে পৌঁছাবে। আর রাত ৮টার মধ্যে ঢাকার ক্যান্টনমেন্ট স্টেশনে এসে পৌঁছাবে। মৈত্রী এক্সপ্রেস ট্রেনের যাত্রীদের ন্যায় ঢাকার ক্যান্টনমেন্ট স্টেশনেই ইমিগ্রেশেন ও কাস্টমস প্রক্রিয়া সম্পন্ন করা হবে। আর ভারতীয় ইমিগ্রেশন ও কাস্টম শিলিগুড়ি স্টেশনে হবে। নিউ জলপাইগুড়ি-ঢাকা রুটের ৪৮৯.৩ কিলোমিটার রেলপথের মধ্যে ৪৪৯.৩ কিলোমিটা বাংলাদেশের ও ৪০ কিলোমিটার পথ ভারতের।

এই ব্যাপারে জানতে চাইলে বাংলাদেশের রেলপথ মন্ত্রী মো. নুরুল ইসলাম সুজন বলেন, নিউ জলপাইগুড়ি-ঢাকা যাত্রীবাহী ট্রেন ২৬ অথবা ২৭ মার্চ থেকে চালানোর পরিকল্পনা রয়েছে। ট্রেনের নামকরণের বিষয় জানতে চাইলে তিনি বলেন, ট্রেনটির নামকরণ বঙ্গবন্ধুর নামে করার ব্যাপারে একটি প্রস্তাবের কথা শুনেছি। তবে ট্রেনের নামকরণের বিষয়টি নির্ভর করছে মাননীয় প্রধানমন্ত্রীর উপরে। এই আন্তর্জাতিক ট্রেনের নামকরণ প্রধানমন্ত্রীর নির্দেশ মতোই হবে বলে তিনি জানান।

## অরুণাচলে ধৃত এনএসসিএন (আর) এর শীর্ষ ক্যাডার

**ইটানগর, ১৭ ফেব্রুয়ারি (হি.স.) :** অরুণাচল প্রদেশে সেনা অভিযানে ধৃত এনএসসিএন (আর)-এর শীর্ষ ক্যাডার। রাজ্যের চাংলাং জেলার অন্তর্গত খারসাং গ্রামে হানা দিয়ে এনএসসিএন (আর)-এর স্বঘোষিত মেজরকে আটক করেছে ভারতীয় সেনা বাহিনী এবং অরুণাচল পুলিশের দল।
ধৃতকে শেংজং খিমহুন বলে পরিচয় পাওয়া গেছে। রাজ্য পুলিশের সদর দফতর সূত্রের খবর, বিশেষ সূত্রের ভিত্তিতে প্রাপ্ত তথ্যের ওপর নির্ভর করে সশস্ত্র পুলিশ বাহিনী নিয়ে ভারতীয় সেনার এক দল চাংলাং জেলার অন্তর্গত খারসাং গ্রামে হানা দিয়ে এই সাফল্য লাভ করেছে।

স্বত্বাধিকারী পরিতোষ বিশ্বাস কর্তৃক রেন্‌বো প্রিন্টিং ওয়ার্কস আগরতলা থেকে মুদ্রিত ও জাগরণ কার্যালয় এল এন বাড়ী লেইন, আগরতলা ত্রিপুরা থেকে প্রকাশিত। সম্পাদক-পরিতোষ বিশ্বাস।